The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 871 | 23 May 2025 | শুক্রবার ০৯ জ্যৈষ্ঠ ১৪৩২



Nusraat Faria walks out of jai → Page 19

Americans believe in astrology? → Page 19





Ishraque vows to stay on streets until demands met → Page 18

41 Australian MPs write letter to Yunus, urge electoral roadmap → Page 18



# ইউনূস-ওয়াকারে অবিশ্বাসের দেয়াল

মনোয়ারুল ইসলাম/মাসুদ করিম





ইউনূসের পদত্যাগের হুমকি

শ্বাসরুদ্ধকর পরিস্থিতি চারদিকে

সেনাপ্রধান ডিসেম্বরেই নির্বাচন চান

ওয়াকার-বিএনপি ঐকমত্য

প্রেসিডেন্ট চুপ্পু নীরব

রাজপথে নৈরাজ্যকর পরিস্থিতি। বিএনপি-এনসিপি পাল্টাপাল্টি কর্মসূচি দিচ্ছে। উভয় দল তিনজন করে উপদেষ্টার অপসারণ চাইছে। সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান ডিসেম্বরের মধ্যে নির্বাচন চাইছেন। অর্ন্তবর্তি সরকারের অনেক বিষয়ে সেনাবাহিনী ভিন্নমত পোষন করে। সরকারের মিয়ানমারের রাখাইন রাজ্যে করিডর দেবার পরিকল্পায়ও সরাসরি নাকচ করে দিয়েছে সেনাবাহিনী। যমুনা ও সেনাসদরের মুখোমুখি অবস্থান টালমাটাল এক পরিস্থিতির সৃষ্টি করেছে। উদ্ভূত বেসামাল পরিস্থিতিতে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। উপদেষ্টাদের নিয়ে রুদ্ধদ্বার বৈঠক করেছেন। প্রধান উপদেষ্টা জানতে চান, রাজপথে নৈরাজ্যকর পরিস্থিতি মোকাবেলায় তাদের কোনও করনীয় কিছু আছে কিনা। যদি করনীয় কিছু থাকে সেটা যেন তাকে জানায়। করনীয় না থাকলেও সেটাও যেন জানায়। এক পর্যায়ে তিনি পদত্যাগ করবেন বলে ঘোষণা দিলে সবাই তাকে পদত্যাগ না করার অনুরোধ জানায়। কি হচ্ছে? কেন হচ্ছে। দেশ কোন পথে যাচ্ছে। ইউনূস কি পদত্যাগ করছেন? তখন কি হবে? বিকল্প কোথায়? কে সামাল দেবেন? জামায়াতের রহস্যজনক আচরন। এনসিপিকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার। রাজপথে বিএনপি। ইশরাকের রাজনৈতিক উথান এরপর ২৪ পৃষ্ঠায়



## শাহ নেওয়াজ লায়ন্স ক্লাবের সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত

আজকাল রিপোর্ট

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল নিউইয়র্ক ডিস্ট্রিক্ট ২০ আর ২ এর সেকেন্ডে ভাইস গভর্নর নির্বাচিত হয়েছেন নিউইয়র্কের জনপ্রিয় পত্রিকা আজকালের সম্পাদক শাহ নেওয়াজ। তিনি বাংলাদেশ এরপর ২৪ পৃষ্ঠায়



## জ্যামাইকায় বাংলাদেশির বাড়িতে 'ডিম' হামলা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যামাইকায় বাংলাদেশির নিজ বাড়িতে প্রতিপক্ষ আরেক বাংলাদেশি 'ডিম' দিয়ে রাতের বেলায় হামলা চালিয়েছে বলে ভুক্তভোগি ব্যক্তি পুলিশ এবং কমিউনিটির নেতৃবৃন্দের কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন। গত ১৬ মে রাতে হামলার আগে এরপর ৪২ পৃষ্ঠায়

মনজুর আহমদের কলাম

## যে মেলায় প্রাণ খুঁজে পাই



বইয়ের মেলা, আমার প্রাণের মেলা। বইমেলা নিয়ে এই উচ্ছ্বাস আমার স্বতঃস্ফুর্ত, আমার হৃদয় থেকে উৎসারিত। বই মেলা আমার অনুভূতিকে স্পন্দিত করে। সেই ঢাকার জীবনে বাংলা একাডেমীর একুশের গ্রন্থমেলা নিয়ে যেমন আনন্দমুখর সময় কাটাতাম, এই নিউইয়র্কেও সেই আনন্দটা খুঁজে পেয়েছি মুক্তধারার বইমেলায়। বইমেলা মানে অনেক বইয়ের সমাহার, নতুন বইয়ের গন্ধ, সুধীজনদের সম্মিলনী, নানান অনুষ্ঠানের এক আনন্দ উৎসব। ধর্মীয় আচার-অনুষ্ঠানের বাইরে বাঙালির, এরপর ২৯ পৃষ্ঠায়

## সিডিপ্যাপ নিয়ে নতুন বিল

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেট আইনপ্রণেতারা গত সপ্তাহে স্টেট সিনেটে একটি নতুন বিল পেশ করেছেন, মেডিকেইড সেবা কনজিউমার ডিরেক্টেড পার্সোনাল এসিস্ট্যান্ট প্রোগ্রাম (সিডিপ্যাপ) পরিচালনায় একাধিক প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির সুযোগ করে দিতে পারে। প্রতিবন্ধী ও বয়স্ক নিউইয়র্কারদের জন্য পরিচালিত ৯ বিলিয়ন ডলার মূল্যের সিডিপ্যাপ মেডিকেইড কর্মসূচির পরিচালনা বর্তমানে এরপর ২৪ পৃষ্ঠায়




## ইজরাইলি দূতাবাসের ২ স্টাফকে হত্যা

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে সন্ত্রাসীরা ইজরাইলি দূতাবাসের ২ জন স্টাফকে গুলি করে হত্যা করেছে। ক্যাপিটাল ইহুদি জাদুঘরের কাছে তাদের হত্যা করা হয়। যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম এ তথ্য নিশ্চিত করেছেন। ইসরায়েলি দূতাবাসের মুখপাত্র তাল নাইম কোহেন এক বিবৃতিতে বলেছেন, "বুধবার ২১ মে সন্ধ্যায় ক্যাপিটাল ইহুদি জাদুঘরে একটি ইহুদি অনুষ্ঠানে যোগ দেওয়ার সময় ইসরায়েলি দূতাবাসের দুই কর্মীকে খুব কাছ থেকে গুলি করা হয়েছে।" এ ঘটনার পর ওয়াশিংটন ডিসির এরপর ২৯ পৃষ্ঠায়

## নিউইয়র্কে বাংলাদেশির ১.৮২ মিলিয়ন ডলার জরিমানা

আজকাল রিপোর্ট

আদালতের ডিপোর্ট নির্দেশ অমান্য করে যুক্তরাষ্ট্রে বসবাসের অপরাধে নিউইয়র্কের এক বাংলাদেশিকে ১.৮২০ মিলিয়ন (২২ কোটি টাকা) ডলার জরিমানা করা হয়েছে। সঙ্গত কারণে তার নাম গোপন রাখা হয়েছে। তিনি আপিলের আবেদন করেছিলেন। ২০০৭ সালে সেই আবেদনও খারিজ করেছেন ইমিগ্রেশন বিচারক। এরপর ওই বাংলাদেশি ইউএস সিটিজেনকে বিয়ে করে অভিবাসনের মর্যাদা সমন্বয়ের আবেদন করেও সফল হতে পারেননি। এ অবস্থায় সেই প্রবাসী সিটিজেন স্ত্রী এবং যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী তার সন্তান নিয়ে নিউইয়র্কে বাস করছেন। সম্প্রতি তার কাছে এরপর ৪২ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312050

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

RAJIB AHMED, PRESIDENT & CEO, LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA, MBA in Accounting, IRS Enrolled Agent, IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


ড. মাহবুব উল্লাহ্-এর কলাম মওলানা ভাসানী যদি বেঁচে থাকতেন! ১২ পৃষ্ঠায়


ডেভিড বার্গম্যান-এর কলাম আওয়ামী লীগের কার্যক্রমে নিষেধাজ্ঞা : ঝুঁকির দিকগুলো কী ০৫ পৃষ্ঠায়


ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম 'মব ভায়োলেন্স' বন্ধ করতে হবে ০৭ পৃষ্ঠায়






# 'পঞ্চায়েত'র পক্ষ থেকে মোড়ক উন্মোচন ও প্রকাশনা উৎসব

আজকাল রিপোর্ট

ঢাকায় একুশে বইমেলা ২০২৫-এ প্রকাশিত ছয়টি বইয়ের মোড়ক উন্মোচন ও প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে নিউইয়র্কে। গত ১৮ মে আয়োজিত অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল মোড়ক উন্মোচন এবং লেখক পরিচিতি। ইমরান আলী টিপুর কবিতাগ্রন্থ 'যে আলো শুধু অন্ধকারে জ্বলে' বইটির মোড়ক উন্মোচন করেন সাপ্তাহিক বাঙালী'র সম্পাদক কৌশিক আহমেদ। বেনজির শিকদারের কবিতাগ্রন্থ 'হিপ্রহরের দ্বিধা' বইটির মোড়ক উন্মোচন করেন বর্ষীয়ান লেখক ও সাংবাদিক মনজুর আহমদ। সুমন শামসুদ্দিনের কবিতাগ্রন্থ 'ইশারার মৌমাছিরা' বইটির মোড়ক উন্মোচন করেন কবি শামস আল মোমিন। মাসুম এরপর ৩৪ পৃষ্ঠায়

# লেখকের অঙ্গনের ১৬তম গ্রন্থালোচনা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে মননশীল - সুস্থধারার সাহিত্যালোচনা এবং গ্রন্থ পাঠের ধারাবাহিকতায় গত ১৭ মে নীরা কাদরীর পরিচালনায় কুইন্স পাবলিক লাইব্রেরিতে লেখকের অঙ্গনের ১৬তম গ্রন্থালোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে পরিচালক নীরা কাদরী উপস্থিত সুধী এবং আলোচকদের স্বাগত জানান। গ্রন্থালোচনার সূচনা পর্বে বাংলা সাহিত্যের প্রখ্যাত লেখক, কবি, সাহিত্যিক বুদ্ধদেব বসুর রবীন্দ্র বিশ্লেষণ ধর্মী 'সব-পেয়েছির দেশে' গ্রন্থের অন্তর্নিহিত ভাবাদর্শ এবং রবীন্দ্র জীবনের শেষার্ধের বাস্তবতার আলোকে বিশদভাবে আলোচনা করেন লেখক, কবি সুমীত বড়ুয়া। পরবর্তী আলোচক কবি শাহিদা পারভীন উপস্থাপন করেন নন্দিত কথা সাহিত্যিক হুমায়ুন আহমেদের রহস্য আশ্রিত উপন্যাস 'দুই দুয়ারী'। এরপর ৩৯ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্র থেকে মরদেহ ফিরে পেতে চায় পরিবার

# বাংলাদেশি ছাত্রীর মৃত্যুকে ঘিরে ভাইরাল

আজকাল রিপোর্ট





নাজাহ আনবার নামের বাংলাদেশি এক ছাত্রীর মরদেহ যুক্তরাষ্ট্রের জর্জিয়ার একটি হাসপাতালে কয়েকদিন ধরে পড়ে আছে এমন তথ্য এবং তার পাসপোর্ট পেইজের ছবি নেটদুনিয়ায় ভাইরাল হয়ে যায়। নাজাহ'র পরিবারের সন্ধান চেয়ে গত সোমবার প্রথম এমন খবরটি সোশ্যাল মিডিয়ায় আসে। তারপর বিভিন্ন ব্যক্তি এবং গ্রুপের মাধ্যমে তা মুহূর্তে ভাইরাল হয়ে যায়। কারণ তার পরিবারের সন্ধানে নানা মানুষ মৃত্যু সংবাদটি ছড়িয়ে দিতে থাকেন। সর্বশেষ জানা যায়, নাজাহ জর্জিয়ার সাউদার্ণ ইউটাহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে বাংলাদেশ থেকে আসেন এফ-১ ভিসায়। তার পাসপোর্ট নম্বর-এ০৪২২১০৩৩। তার পাসপোর্টের মেয়াদ হচ্ছে ২৯ অক্টোবর ২০২৮। তার জন্ম ২৮ ফেব্রুয়ারি, ১৯৯৯। গ্রামের বাড়ি পাবনা জেলায় বলে উল্লেখ করা হলেও নাজাহ তার পরিবারের সাথে ঢাকায় বড় হয়েছেন। পরিবারে দুই বোনের মধ্যে নাজাহ বড়।

সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত বিভিন্ন তথ্যে জানা যায়, নাজাহ কি কারণে অকালে মৃত্যুবরণ করেছেন তার কোন তথ্য জানা যায়নি।

নাজাহ'র বাবা জাকিউর রহমান ঢাকায় গণমাধ্যমকে জানান, পরিবারের পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে নাজাহর মরদেহ দেশে আনার জন্য। গত কয়েকদিন ধরেই সে অসুস্থ ছিল এবং পরে হাসপাতালে ভর্তি করা হয়। হার্ট অ্যাটাকে মারা যায় বলে নাজাহ'র বাবা অভিযোগ করেন।

নাজাহ'র মা তৌহিদা আবেদিন মেয়ের শোকে ভেঙ্গে পড়েছেন। তিনি এ বিষয়ে কোন কথা বলতে চাননি। তার বাবা জাকিউর রহমান মৃত্যুর বিষয় সম্পর্কে জানান, নাজাহ'র অসুস্থতার কথা তারা জানতেন। বাংলাদেশ সরকার যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে সহযোগিতা করছে মরদেহ বাংলাদেশে এরপর ৪২ পৃষ্ঠায়

# ইসরাইলের আবার বিমান ও ট্যাঙ্ক হামলায় নিহত ৫২

আজকাল রিপোর্ট

গাজায় একযোগে আকাশ ও স্থল হামলা হামলা চালিয়েছে ইসরাইল। এতে প্রাণ হারিয়েছেন অর্ধশত ফিলিস্তিনি। উপত্যকাটিতে মানবিক সহায়তা প্রবেশে ইসরাইলের ওপর বৈশ্বিক চাপ থাকলেও হামলার মাত্রা কমায়নি দখলদাররা। এ খবর দিয়েছে আল জাজিরা। এতে বলা হয়, হামলা জোরদার করার পর বুধবারও উপত্যকাটিতে বিমান ও ট্যাঙ্ক হামলা চালিয়েছে ইসরাইল। স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, ওই হামলায় কমপক্ষে ৫২ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে কমপক্ষে আটজন ছিলেন গাজা শহরের, দুইজন ছিলেন গাজার নুসেইরাত শরণার্থী শিবিরের আর দুইজন ছিলেন মাগহাজি শিবিরের। এরপর ২৯ পৃষ্ঠায়




# বাংলাদেশী-আমেরিকান এমটিএ কর্মীদের ফ্যামিলি নাইট

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির ট্রানজিট বিভাগে কর্মরত বাংলাদেশীদের সংগঠন 'বাংলাদেশী-আমেরিকান এমটিএ-এনওয়াইসিটি এমপ্লয়িজের বার্ষিক ফ্যামিলি নাইট ও মিলন মেলা গত ১৬ মে উডসাইডের জয়া পার্টি হলে অনুষ্ঠিত হয়। সদস্যদের পারস্পারিক সৌহার্দ্য-সম্প্রীতি জোরদারের পাশাপাশি পরিবারের সদস্যদের মাঝে বন্ধন দৃঢ় করতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শুভেচ্ছা বিনিময়, আড্ডা, বিনোদনে ভরপুর এ অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির এমটিএ'র শীর্ষস্থানীয় কর্মকর্তা এবং কমিউনিটির বিশিষ্ট এরপর ১৪ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মলের ফান্ড রাইজিং অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

নিউ জার্সির আটলান্টিক সিটিতে আগামী দশ জুন, মঙ্গলবার অনুষ্ঠিতব্য প্রাইমারি নির্বাচন উপলক্ষে মেয়র মার্টি স্মলের উদ্যোগে ফান্ড রাইজিং অনুষ্ঠান স্থানীয় একটি ভেন্যুতে গত ১৯ মে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আসন্ন প্রাইমারি নির্বাচন নিয়ে বক্তব্য রাখেন মেয়র মার্টি স্মল, কাউন্সিল এট-লার্জ প্রার্থী স্টিফেনি মার্শাল, প্যাট্রিসিয়া বেইলি, সোহেল আহমেদ, কলিন এ ডেইস প্রমুখ।

তাঁরা আগামী দশ জুন, মঙ্গলবার অনুষ্ঠিতব্য প্রাইমারি নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রার্থীদের বিজয়ী করার জন্য আহ্বান জানান। তাঁরা নির্বাচনী প্রচারণা আরও জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল, এরপর ৩৪ পৃষ্ঠায়



## রিকগনিশন বাংলা'র কেন্দ্রীয় কমিটির সভা

# বাংলাকে জাতিসংঘের পূর্ণাঙ্গ দাপ্তরিক ভাষা করার দাবী

আজকাল রিপোর্ট

'অর্গানাইজেশন ফর দি রিকগনিশন অব বাংলা এজ এন অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ ইন দি ইউনাইটেড নেশন'-এর কেন্দ্রীয় কার্যকরী কমিটির সভা গত ২০ মে বার্মিংহামের ভিক্টোরিয়া রোডস্থ বাংলাদেশ মাল্টি পারপাস সেন্টারে অনুষ্ঠিত হয়। সংগঠনের সহ-সভাপতি কে এম আবুতাহের চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সহ-সাধারণ সম্পাদক সৈয়দ আব্দুল ক্বাইউম কায়সার, অর্থ সম্পাদক আবু তাহের এমবিই, এম এ লতিফ জেপি, ফয়জুর রহমান চৌধুরী এরপর ৪২ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com

Nurul Azim

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business

Zakir H. Chowdhury
President
Now Hiring Sales Persons
Free Training (Free course fees for selected people)
Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales

Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99
Midnight & Driver Special

PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


বিরাট মূল্য হ্রাস
BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি
অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি, ৩টি রেড হার্ড চিকেন $19.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি
আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম
Ramadan KAREEM
৩টি
রেড হার্ড চিকেন
$19.99
Approved by
SBNY
Shariah Board New York
HALAL MONITORING SERVICES
HMS
CERTIFIED HAND ZABIHA
শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র
অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট
আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত
প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ
এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ
ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা,
মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ
প্রতিদিন স্পেশাল : বিফ উইথ বোন $4.49
অল হোয়াইট চিকেন $ 2.99
১০টি চিকেন কিনলে ১ ফ্রি
Scan Here to Shop & Get Free Delivery
ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার
EBT & Foodstamp
MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER
BENEFIT
Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd
37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205-7200 | 718.205.8262

## বিশেষ সম্পাদকীয়

# প্রাণের বইমেলা সকলের

নিউইয়র্ক বইমেলার দায়ভার প্রবাসীদের। ব্যক্তি, রাজনৈতিক নেতা কিংবা কোন মশাইয়ের নয়। ৩৪ বছরের মেলাটি এখন বাংলাদেশি কমিউনিটির মেলায় পরিণত হয়েছে। প্রতিবছর উত্তর আমেরিকার প্রবাসী বাংলাদেশিরা এতে প্রাণের স্পন্দন খুঁজে পান। প্রানের মেলায় পরিণত হয়। কে আয়োজন করছে, কার উদ্যোগে হচ্ছে, কে চেয়ারম্যান কিংবা আহবায়ক তা মুখ্য হয়ে দাঁড়ায়নি। এটিকে সফলতার শিখরে নিয়ে যেতে অবশ্যই এক ঝাঁক সাহিত্যপ্রেমী ও সংস্কৃতির সেবক কাজ করেন নিশ্চয়ই। অনেকে প্রকাশ্যে আসেন। কেউ কেউ নিভৃতে কাজ করে যান। নিউইয়র্কের আর্ন্তজাতিক বইমেলা একটি ব্রান্ডে পরিণত হয়েছে। দু:খজনক হলেও ৩৪তম বইমেলাটি রাজনৈতিক তকমায় হোঁচট খেল। মুক্তধারা ফাউন্ডেশনের নামে প্রতিবছর মেলাটি অনুষ্ঠিত হয়। এবারের এই মেলার প্রধান ছিলেন ফাউন্ডেশনের বিদায়ী চেয়ারম্যান ড. নুরুন্নবী। বীর মুক্তিযোদ্ধা। একুশে পদকপ্রাপ্ত একজন গুণীজন মানুষ। বঙ্গবন্ধু পরিষদ যুক্তরাষ্ট্র শাখার প্রেসিডেন্ট। নি:সন্দেহে একজন শ্রদ্ধেয় ভালো মানুষ। অথচ তার নেতৃত্বেই আজ একই সময়ে নিউইয়র্কে আরেকটি বইমেলা হচ্ছে। তার অভিযোগ ৩৪তম বইমেলা বঙ্গবন্ধু ও একাত্তরের চেতনা থেকে দূরে সরে গেছে। ড. ইউনূসের সর্মথকরা বইমেলা দখল করে নিয়েছে। বইমেলার অন্যতম সংগঠক বিশ্বজিৎ সাহা ৫ আগষ্ট সর্মথিত সরকারের ক্রিড়ানক হিসেবে কাজ করছে। তার সাথে বইমেলায় থাকা যায় না। প্রশ্ন তুলেছেন শহীদ পরিবারের সদস্য ডা. জিয়াউদ্দীনকে নিয়ে। মুক্তচিন্তার লেখক ও সাংবাদিক হাসান ফেরদৌসকেও ছাড় দেয়া হয়নি। তাদেরকে ইউনূসের সর্মথক বলে তুলোধুনো করা হচ্ছে। শ্রদ্ধেয় নবীর নেতৃত্বে স্থানীয় জয়া হলে অনুষ্ঠিত হচ্ছে ' বঙ্গবন্ধু আর্ন্তজাতিক বইমেলা'। আর ৩৪তম নিউয়র্ক আর্ন্তজাতিক বইমেলা অনুষ্ঠিত হবে জামাইকা পারফর্মিং আর্ট সেন্টারে ২৩-২৫ মে।

এই বিশ্বজিৎ সাহা গত ১৭টি বছর আওয়ামী চেতনার লালনকারি ছিলেন। বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টরী তৈরি করেছেন। ঢাকায় গিয়ে পতিত সরকারের মন্ত্রীদের নিয়ে একাধিক অনুষ্ঠান করেছেন। নিউইয়র্কে তার সাহচর্য কারা তাদের সবাই জানেন ও চেনেন। অবশ্য বিশ্বজিৎ সাহা সম্প্রতি বলেছেন, তিনি কোন দলের নন। তিনি বাংলা সংস্কৃতির একজন সেবক। মুক্তিযুদ্ধের আদর্শে অবিচল। বাংলাদেশ তার মা। আর বইমেলা কোন দলের নয়। সকল প্রবাসীর মিলনমেলা। রাজনৈতিক মতাদর্শ মেলায় প্রতিফলতি হবার সুযোগ নেই।

এইতো একমাস আগে বিশ্বজিৎ নিউইয়র্কে রেমিট্যান্স মেলার আয়োজন করেছিলেন। তাকে হাসিনা সরকারের দোসর আখ্যায়িত করে ইউনূসের অর্ন্তবর্তীকালীন সরকারের সর্মথকরা তা বয়কট করলেন। বাংলাদেশ ব্যাংকের গর্ভনর প্রতিশ্রুতি দিয়েও তার মেলায় আসলেন না। আজ আবার এই বিশ্বজিৎ সাহাকে ইউনূসের দালাল অভিহিত করে তার নেতৃত্বাধীন বইমেলা থেকে অনেকে বেরিয়ে গেলেন। পাল্টা বইমেলা করছেন। তাকে বলা হচ্ছে রাজাকারদের দোসর। এদিকে বঙ্গবন্ধুর নাম ব্যবহার করে রাজনৈতিক বইমেলা আয়োজনের সমালোচনা হচ্ছে। যুক্তরাষ্ট্রে আওয়ামী লীগের একজন বড় সর্মথক ও ভোকাল নাসির আলী খান। তিনি যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের নেতা। তিনি ড. নুরুন্নবীর নেতৃত্বাধীন বইমেলায় বঙ্গবন্ধুর নাম ব্যবহার করায় সোশাল মিডিয়ায় তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। তিনি লিখেছেন, হাসিনা বঙ্গবন্ধুকে ১৭ বছরে একেবারে পচিয়ে দিয়েছে। নাপিতের দোকান, মাছের হাট, গরুর হাট,পাবলিক টয়লেট, সেতু , টানেল ও হসপিটাল সহ সব জায়গায় বঙ্গবন্ধুর নাম যুক্ত করে মহান নেতাকে শেষ করেছে।। বঙ্গবন্ধু বইমেলা নাম স্থগিত করুন। বঙ্গবন্ধুকে ভালবাসলে এই নাম এই মুহূর্তে বাতিল করা হউক। আর এই মহান নেতাকে পচানোর অধিকার কারও নেই। সব জায়গায় উনার নামকরনের জন্যই এত অপমান ও লাঞ্চিত আমরা।

এইসব জ্ঞানপাপির চোখ কবে খুলবে? এই গ্রুপে একজন আছেন যিনি সংগঠন ভাঙাতে ডক্টরেট ডিগ্রি অর্জন করেছেন। এদের থেকে সাবধান থাকুন। জনাব পলের বক্তব্যকে সর্মথন করেছেন জুলকার হায়দার, আনন্দ ইকবাল, রেজাউল করিম চৌধুরী, জুম্মান চৌধুরী, শেখ উজ্জ্বল ও ওয়াদুদ ভূঁইয়াসহ অনেকেই।

এইসব জ্ঞানপাপির চোখ কবে খুলবে? এই গ্রুপে একজন আছেন যিনি সংগঠন ভাঙাতে ডক্টরেট ডিগ্রি অর্জন করেছেন। এদের থেকে সাবধান থাকুন। জনাব পলের বক্তব্যকে সর্মথন করেছেন জুলকার হায়দার, আনন্দ ইকবাল, রেজাউল করিম চৌধুরী, জুম্মান চৌধুরী, শেখ উজ্জ্বল ও ওয়াদুদ ভূঁইয়াসহ অনেকেই

# সত্যিই কি দেশ এখন বাঘের মুখে

আজাদুর রহমান চন্দন



বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস কুমিল্লায় দলীয় এক কর্মসূচিতে বলেছেন, 'দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব আজ হুমকির মুখে। একটি কথা স্পষ্ট করে বলতে চাই, আমরা আগে ছিলাম কুকুরের মুখে, এখন বাঘের মুখে পড়েছি। আমরা নির্বাচনের কথা বলছি, কারণ আমরা দেখতে পাচ্ছি, আমাদের দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিরাপদ নয়।

মিয়ানমারের রাখাইন রাজ্যের জন্য করিডর দেওয়া নিয়ে আলোচনা-সমালোচনার রেশ কাটতে না কাটতেই সামনে এল চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) ব্যবস্থাপনার দায়িত্ব বিদেশিদের হাতে ছেড়ে দেওয়ার তাগিদ। বর্তমান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা এই টার্মিনাল ব্যবস্থাপনার দায়িত্ব বিদেশিদের হাতে ছেড়ে দেওয়ার কাজ ত্বরান্বিত করতে রীতিমতো জোরালো তাগিদ দিয়েছেন। ১৪ মে চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল পরিদর্শনের পর বন্দর ও নৌপরিবহন খাতের উর্ধ্বতন কর্মকর্তা এবং বন্দর ব্যবহারকারী সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেছেন, বন্দর ব্যবস্থাপনায় 'পৃথিবীর সেরা' যারা, তাদের হাতে ছেড়ে দিতে হবে, যেভাবেই হোক। মানুষ রাজি না থাকলে রাজি করাতে হবে। সরকারপ্রধান 'পৃথিবীর সেরা' হিসেবে যে প্রতিষ্ঠানের প্রতি ইঙ্গিত দিয়েছেন, সেটি হলো সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ডিপি ওয়ার্ল্ড। প্রতিষ্ঠানটি ২০০৬ সালে যুক্তরাষ্ট্রের ছয়টি বন্দরের টার্মিনাল পরিচালনা একটি ব্রিটিশ কোম্পানির কাছ থেকে অধিগ্রহণ করতে চেয়েছিল। কিন্তু জাতীয় নিরাপত্তা হুমকির মধ্যে পড়ার আশঙ্কায় এর বিরুদ্ধে অবস্থান নিয়েছিল মার্কিন কংগ্রেস। ফলে ডিপি ওয়ার্ল্ড ওই বন্দরগুলোর পরিচালনার ভার পোর্ট আমেরিকা নামে সদ্য প্রতিষ্ঠিত একটি মার্কিন কোম্পানির কাছে ছেড়ে দিতে বাধ্য হয়। ওই পোর্ট আমেরিকাই বর্তমানে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় টার্মিনাল অপারেটর।

চট্টগ্রাম বন্দর বাংলাদেশের অর্থনীতির লাইফলাইন বা প্রাণকেন্দ্র তো বটেই, জাতীয় সার্বভৌমত্বেরও প্রতীক। দেশের মোট আমদানি-রপ্তানির প্রায় ৯০ শতাংশই এই বন্দর দিয়ে পরিচালিত হয়। বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনালে প্রতিবছর জাহাজ থেকে ১০ লাখ একক কনটেইনার ওঠানো-নামানোর স্বাভাবিক ক্ষমতা আছে। জানা মতে, দেশি অপারেটর গত বছর এই টার্মিনালে জাহাজ থেকে ১২ লাখ ৮১ হাজার কনটেইনার ওঠানো-নামানোর কাজ করেছে। এমন পারফরম্যান্স সত্ত্বেও কাকে খুশি করতে বা কোন উদ্দেশ্য হাসিল করতে টার্মিনাল পরিচালনার ভার বিদেশিদের হাতে তুলে দিতে এমন তাড়াহুড়া চলছে? বন্দরসংশ্লিষ্ট বিশ্লেষকেরা বলছেন, টার্মিনালটি বিদেশি অপারেটরকে দিয়ে পরিচালনা করালে চট্টগ্রাম বন্দরের রাজস্ব আয় অর্ধেকেরও নিচে নেমে আসবে। ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত স্থানীয় শ্রমশক্তি কর্মসংস্থান হারাবে। বিদেশি অপারেটররা লাভের অংশ বিদেশি মুদ্রায় বাংলাদেশ থেকে নিয়ে যাবে। অথচ নতুনভাবে সেখানে বিদেশি বিনিয়োগ করার কোনো সুযোগ নেই। ফলে টার্মিনালটি পরিচালনার দায়িত্ব বিদেশিদের হাতে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত সম্পূর্ণ আত্মঘাতী। এর পেছনে আন্তর্জাতিক চক্রান্তের বাইরে কিছুই দেখছে না দেশের অনেক রাজনৈতিক দলও।

বিএনপির ঘনিষ্ঠ মিত্র ১২ দলীয় জোটের নেতারা ১৫ মে এক যৌথ বিবৃতিতে বলেছেন, যেকোনো মূল্যে চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল দেশি প্রতিষ্ঠানের হাতেই থাকতে হবে। চট্টগ্রাম বন্দর বিদেশি কোম্পানিকে লিজ দেওয়ার সিদ্ধান্ত হবে আত্মঘাতী। নেতারা আরও বলেন, নিরাপত্তার সঙ্গে যুক্ত প্রধান সমুদ্রবন্দর বিদেশি কোম্পানির তত্ত্বাবধানে দেওয়ার তৎপরতা জাতীয় স্বার্থের পরিপন্থী। এত বড় জাতীয় স্বার্থসংশ্লিষ্ট সিদ্ধান্ত এককভাবে নেওয়ার কোনো এখতিয়ার অন্তর্বর্তী সরকারের নেই। একই দিনে বাম গণতান্ত্রিক জোটের নেতারা অভিযোগ করে বলেছেন, মানবিক করিডরের নামে বাংলাদেশ, মিয়ানমারসহ দক্ষিণ এশিয়ায় অস্থিরতা তৈরি করে যুদ্ধ বাধানোর চক্রান্ত করছে যুক্তরাষ্ট্র। আর তা বাস্তবায়নে অন্তর্বর্তী সরকার সহযোগীর ভূমিকা পালন করছে। কথিত মানবিক করিডরের নামে বাংলাদেশকে সাম্রাজ্যবাদী যুদ্ধে জড়ানোর চক্রান্ত ও নিউমুরিং টার্মিনাল বিদেশিদের দেওয়ার প্রতিবাদে এবং কাতারকে সামরিক সরঞ্জাম তৈরির কারখানা প্রতিষ্ঠার অনুমতি না দেওয়ার দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে বাম গণতান্ত্রিক জোট আয়োজিত বিক্ষোভ সমাবেশে জোটের নেতারা আরও

এরপর ৩৬ পৃষ্ঠায়

> অন্তর্বর্তী সরকার নির্বাচন দেওয়ার সরকার, দেশের নীতিনির্ধারণী বিষয়ে সিদ্ধান্ত দেওয়ার সরকার নয়। মিয়ানমারের রাখাইনে করিডর দেওয়ার সিদ্ধান্ত নেবে নির্বাচিত সরকার, এই সিদ্ধান্ত দেওয়ার মালিক আপনারা নন।' বাঘের মুখে পড়ার এই মন্তব্য কি কেবলই রাজনৈতিক, নাকি প্রকৃত বাস্তবতা? কিছুদিনের মধ্যেই বিষয়টি আরও স্পষ্ট হবে বলে আশা করা যায়

# কোন পথে সংস্কার ও রাজনৈতিক ঐকমত্য

নজরুল ইসলাম

জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের একটি গুরুত্বপূর্ণ ফলাফল হলো রাষ্ট্র সংস্কারের প্রয়োজনীয়তার ব্যাপক স্বীকৃতি। এই অগ্রগতি নিঃসন্দেহে উৎসাহের বিষয়। অন্তর্বর্তী সরকারও রাষ্ট্র সংস্কারের বিষয়টি গুরুত্বের সঙ্গে গ্রহণ করেছে।

শুরুতে ছয়টি এবং পরে আরও পাঁচটি বিষয়ে সংস্কার কমিশন গঠন করা হয়েছিল। এরই মধ্যে এসব কমিশন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে তাদের সুপারিশ পেশ করেছে। এখন সরকারের বড় দায়িত্ব হলো এসব সুপারিশের কার্যকর ও ফলদায়ক ব্যবহার নিশ্চিত করা।

সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, যেসব সুপারিশ সম্পর্কে সব রাজনৈতিক দল একমত হবে, সেগুলো গ্রহণ করা হবে। গৃহীত সুপারিশের কিছু অন্তর্বর্তী সরকারের আমলেই বাস্তবায়ন করা হবে, এমনটা বলা হচ্ছে। বাস্তবায়নের দৃষ্টিকোণ থেকে যেগুলো দীর্ঘমেয়াদি চরিত্রের, সেগুলো ভবিষ্যৎ রাজনৈতিক সরকারের জন্য রেখে দেওয়া হবে।

সরকার একটি ঐকমত্য কমিশনও গঠন করেছে। কী কী সংস্কারের প্রশ্নে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য রয়েছে, এই কমিশন তা নিরূপণ করবে। ঐকমত্য কমিশন এ বিষয়ে কাজ শুরু করেছে এবং রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রথম দফার আলোচনা শেষ করেছে।

প্রকাশিত খবর অনুযায়ী, বিভিন্ন কমিশনের প্রতিবেদনের ভিত্তিতে ঐকমত্য কমিশন ১৬৬টি সুপারিশের তালিকা এবং তার ভিত্তিতে একটি ছক তৈরি করেছে। এই ছকে রাজনৈতিক দলগুলোকে 'সম্মত', 'অসম্মত' এবং 'আংশিকভাবে সম্মত'-এই তিন ধরনের মতামত প্রদান এবং প্রয়োজনে ব্যাখ্যা যোগ করার সুযোগ দেওয়া হয়েছে।

রাজনৈতিক দলগুলো এই ছক ব্যবহার করে তাদের মতামত দিয়েছে এবং সেই সূত্রে কমিশনের সঙ্গে তাদের বৈঠক হচ্ছে। এসব বৈঠকের শেষে দেশবাসী প্রায়ই জানতে পারছে যে দলগুলো শতাধিক সুপারিশের সঙ্গে একমত হয়েছে। ফলে হয়তো একটা ধারণার সৃষ্টি হচ্ছে যে সংস্কারের প্রশ্নে কিছু বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য তৈরি হয়েছে।

২.

এ ধরনের ছক এবং 'মাল্টিপল চয়েস' ফরম্যাটে মতামত গ্রহণের একটি অসুবিধা হলো যে সব সুপারিশকে সমগুরুত্বসম্পন্ন বলে মনে হতে পারে। স্পষ্টতই ১৬৬টি সুপারিশ সমগুরুত্বের নয়। বহুসংখ্যক কম গুরুত্বপূর্ণ বিষয়ে ঐকমত্য হওয়ার পরও যদি গুরুত্বপূর্ণ বিষয়ে ঐকমত্য না হয়, সে ক্ষেত্রে সংস্কারপ্রক্রিয়ার মূল লক্ষ্য অনর্জিতই থেকে যাবে।



রাষ্ট্র সংস্কারের মূল দুই উপাদান হলো রাজনৈতিক এবং প্রশাসনিক সংস্কার। রাজনীতি ও প্রশাসন পরস্পর নির্ভরশীল হলেও এই দুইয়ের মধ্যে রাজনীতির ভূমিকাই প্রধান। রাজনীতি ভালো হলে, খারাপ প্রশাসনকেও ভালো করা যায়। কিন্তু রাজনীতি খারাপ হলে ভালো প্রশাসনও ক্রমে অধঃপতিত হয়। সে জন্য সব সংস্কারের মধ্যে রাজনৈতিক সংস্কারের ভূমিকাই মুখ্য।

এ রকম দৃষ্টিকোণ থেকে সংবিধান এবং নির্বাচন সংস্কারবিষয়ক প্রস্তাবগুলো বিশেষ গুরুত্বের দাবি করে। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হয়, গুরুত্বপূর্ণ রাজনৈতিক সংস্কারের প্রশ্নে ঐকমত্য দুরূহই থেকে যাচ্ছে।

এদিকে অন্তর্বর্তী সরকার আগামী জুনের মধ্যে নির্বাচন অনুষ্ঠানে প্রতিশ্রুতিবদ্ধ। অনেক রাজনৈতিক দল এ বছরের মধ্যেই নির্বাচন দাবি করছে। সুতরাং সংস্কার প্রস্তাব গ্রহণ ও বাস্তবায়নের জন্য সময় সম্ভবত ফুরিয়ে আসছে। এ রকম অবস্থায় রাজনৈতিক সংস্কার নিয়ে অগ্রসর হওয়ার উপায় কী?

৩.

ঐকমত্য কমিশন বর্তমানে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাদাভাবে 'রুদ্ধদ্বার' বৈঠকে মিলিত হচ্ছে। ইংরেজিতে এটাকে 'সাইলো পদ্ধতি' বলা যেতে পারে। এই পন্থার মূল দুর্বলতা দুটি। প্রথমত, জনগণের অন্তরালে অনুষ্ঠিত হওয়ায় এসব বৈঠকে কোন রাজনৈতিক দল কী অভিমত দিচ্ছে, সে সম্পর্কে জনগণ বিস্তারিত জানতে পারছে না। দ্বিতীয়ত, রাজনৈতিক দলগুলোও বিভিন্ন ইস্যুতে পরস্পরের অবস্থান সম্পর্কে বিস্তারিত জানতে এবং মতবিনিময় করতে পারছে না।

এ কারণে সম্ভবত সময় এসেছে 'সাইলো পদ্ধতি' পরিত্যাগ করে সব রাজনৈতিক দলকে অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে 'উন্মুক্ত আলোচনার পদ্ধতি' গ্রহণ করা।

উন্মুক্ত আলোচনা যে সংস্কার নিয়ে আরও গভীরভাবে চিন্তাভাবনার সুযোগ সৃষ্টি করতে পারে, তার একটি সাম্প্রতিক উদাহরণ ১১ মে 'জাতীয় নাগরিক জোট' আয়োজিত অনুষ্ঠান। এতে সাতটি রাজনৈতিক সংস্কার প্রস্তাব নিয়ে আলোচনা হয়। এ আলোচনার সময়েই প্রধানমন্ত্রীর মেয়াদসংখ্যার ওপর সীমাবদ্ধতা আরোপ নিয়ে আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল এবং ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজের মধ্যে মতপার্থক্য প্রকাশিত হয়।

আইন উপদেষ্টা স্বৈরাচারী শাসনের পুনরাবৃত্তি রোধে প্রধানমন্ত্রী পদে নিয়োগ সর্বমোট দুই মেয়াদে সীমাবদ্ধ রাখার সুপারিশের কার্যকারিতা সম্পর্কে সন্দেহ ব্যক্ত করেন। উদাহরণ হিসেবে তিনি

এরপর ৪০ পৃষ্ঠায়

> কিন্তু জনগণের অন্তরালে 'সাইলো পদ্ধতি'র আলোচনার মাধ্যমে এই সম্ভাবনার বাস্তবায়ন অনেকখানি অনিশ্চিত হয়ে পড়ছে, এমনটাই আশঙ্কা হচ্ছে।অপরদিকে উন্মুক্ত আলোচনার পদ্ধতি সংস্কারের সম্ভাবনার আশু বাস্তবায়ন কিংবা ভবিষ্যতের জন্য তা জাগরূক রাখার জন্য সহায়ক হবে বলে প্রতীয়মান হচ্ছে। বর্তমান পরিস্থিতিতে রাজনৈতিক সংস্কার অগ্রসর করার লক্ষ্যে 'সাইলো পদ্ধতি' থেকে সরে এসে, উন্মুক্ত আলোচনার পদ্ধতি অবলম্বনের কোনো বিকল্প আছে কি?

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান: চিন্তা ও চেতনায় অসাম্প্রদায়িক

শরিফুল রোমান

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, নিজ ধর্ম বিশ্বাসের প্রতি আস্থাশীল থাকলেও চিন্তা ও চেতনায় ছিলেন অসাম্প্রদায়িক। তার শাসন আমলে এদেশের সাম্প্রদায়িক সম্প্রীতি ছিল অহংকার করার মতো। তিনি মসজিদ মাদ্রাসার পাশাপাশি মঠ-মন্দির, গির্জা প্রতিষ্ঠা করে উল্লেখযোগ্য অবদান রাখেন। জিয়া ধর্মীয় পরিচয়ে নয়,

> ১৯৭৭ সালের ৩০ এপ্রিল বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা ও এদেশের মানুষের ভাগ্য উন্নয়নের জন্য ১৯ দফা যুগান্তকারী কর্মসূচি ঘোষণা করে দেশে ব্যাপক উন্নয়ন, খাল খনন, মৎস্য চাষ, শিল্প বিপ্লব, শিক্ষা বিপ্লব, কৃষি বিপ্লব ও বন্ধ কলকারখানা চালুর মাধ্যমে দেশকে আত্মনির্ভরশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা করে তলাবিহীন ঝুড়ির দেশের বদনাম ঘুচিয়ে স্বনির্ভর দেশে পরিণত করেন। তার আমলেই প্রথম বিদেশে চাল রপ্তানি করা হয়

বাংলাদেশি হিসেবে সবার স্ব-স্ব ধর্ম পালনের অধিকার ও সুযোগ-সুবিধা নিশ্চিত করেন। তিনি প্রতিদিন ১৬-১৮ ঘণ্টা পরিশ্রম করতেন।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান রাষ্ট্রের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থাকার পরেও অতি সাধারণের মতো জীবনযাপন করতেন। এমন কোনো শাখা বা বিভাগ নেই যেখানে তার হাতের স্পর্শ পড়েনি। কোনো ধরনের লোভ-লালসা তাকে স্পর্শ করতে পারে নি।

সময় সময় জনগণের অবস্থা স্বচক্ষে দেখার জন্য মধ্য রাতে বের হয়ে যেতেন এবং চলার পথে হঠাৎ গাড়ি থামিয়ে কোনো প্রটোকল না নিয়ে গ্রামের মেঠোপথে হাঁটা শুরু করতেন এবং বাড়িতে বাড়িতে গিয়ে মানুষের সার্বিক অবস্থার খোঁজখবর নিতেন।



জিয়াউর রহমান জীবদ্দশায় জনগণের অধিকার ফিরিয়ে দেওয়ার লক্ষ্যে ১৯৭৫ সালের ১৫ আগস্ট খন্দকার মোশতাক আহমদ কর্তৃক জারিকৃত সামরিক আইন প্রত্যাহার করেন। রাজনৈতিক দল ও রাজনীতি করার গণতান্ত্রিক ধারার পুনঃপ্রতিষ্ঠা করেন।

১৯৭৭ সালের ৩০ এপ্রিল বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা ও এদেশের মানুষের ভাগ্য উন্নয়নের জন্য ১৯ দফা যুগান্তকারী কর্মসূচি ঘোষণা করে দেশে ব্যাপক উন্নয়ন, খাল খনন, মৎস্য চাষ, শিল্প বিপ্লব, শিক্ষা বিপ্লব, কৃষি বিপ্লব ও বন্ধ কলকারখানা চালুর মাধ্যমে দেশকে আত্মনির্ভরশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা করে তলাবিহীন ঝুড়ির দেশের বদনাম ঘুচিয়ে স্বনির্ভর দেশে পরিণত করেন। তার আমলেই প্রথম বিদেশে চাল রপ্তানি করা হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতির ব্যাপক উন্নতি, বিদেশি বিনিয়োগ, দেশে প্রথম গার্মেন্টস শিল্প ও ইপিজেড প্রতিষ্ঠা হয়। তিনি প্রতিবেশী দেশসহ সব দেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন বিশেষ করে মুসলিম দেশগুলোর সাথে বিশেষ সুসম্পর্ক, মধ্যপ্রাচ্যে শ্রমবাজারে প্রবেশ তার বৈদেশিক নীতির অভূতপূর্ব সাফল্য। তিনি ছিলেন সার্কের স্বপ্নদ্রষ্টা।

দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ, গণমুখী শিক্ষাব্যবস্থা, যুব ও মহিলাদের কর্মসংস্থান, দেশে খেলাধুলার উন্নয়নে নতুন দিগন্তের সূচনা করেন। তিনি ছিলেন দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতির ধারক ও বাহক। তিনি ঘোষণা করেছিলেন, 'এদেশের মাটি ও মানুষ আমাদের সংস্কৃতির উৎস', বাংলাদেশ আমাদের শেষ ঠিকানা। তাই তার সভা-সমাবেশে 'প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ জীবন বাংলাদেশ আমার মরণ বাংলাদেশ' গানের সাথে হাততালির মাধ্যমে তিনি অনুষ্ঠান শুরু করতেন। তার শাসন আমলে জাতীয় সংসদের উদ্বোধনী বক্তব্যে প্রেসিডেন্ট জিয়া জাতির মুক্তি ও স্বাধীনতা সংগ্রামে অসামান্য অবদান রাখায় মহান নেতা শেরে বাংলা এ কে এম ফজলুল হক, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, মওলানা আবদুল হামিদ খান ভাসানীসহ জাতীয় নেতাদের নাম শ্রদ্ধাভরে স্মরণ করে বিশাল হৃদয়ের পরিচয় দিয়ে গেছেন। তিনি ব্যক্তিগতভাবে সব সংকীর্ণতার ঊর্ধ্বে ছিলেন।

১৯৮১ সালের ৩০ মে শুক্রবার মধ্যরাত পর্যন্ত রাষ্ট্রীয় দায়িত্ব পালন শেষে তাহাজ্জুদের নামাজ এরপর ৪০ পৃষ্ঠায়



> বাইরে মুষলধারে বজ্রবৃষ্টি। সে সময়ের একদল বিপদগামী সেনা কর্মকর্তা ষড়যন্ত্রকারীদের ক্রীড়নক হিসেবে ব্যবহার হয়ে এদেশের গণমানুষের নেতা জিয়াউর রহমানকে হত্যা করে। জিয়াউর রহমান কর্মজীবন শুরু করেন সৈনিক হিসেবে এবং তার জীবনাবসান হয় একজন সফল রাজনীতিবিদ ও গণমানুষের নেতা হিসেবে। ঢাকা মানিকমিয়া এভিনিউতে স্মরণকালের বৃহৎ নামাজে জানাজা তার প্রতি জনগণের ভালোবাসারই বহিঃপ্রকাশ। জিয়ার রাজনৈতিক আদর্শের কর্মী-সমর্থক ও শুভানুধ্যায়ীদের উচিত জিয়াউর রহমানকে বুকে ধারণ করে সাধারণ মানুষের মধ্যে জিয়াউর রহমানের কর্মময় আদর্শ তুলে ধরা

# জুলাই গণ-অভ্যুত্থানের পরে

মো. ইমরান হোসেন

> গণ-অভ্যুত্থান ব্যর্থ হয় মূলত শুধু শাসক বদল না হয়ে শাসনকাঠামো একইভাবে চলার কারণে। বাংলাদেশের ইতিহাস সাহসিকতায় ভরপুর। এখন প্রয়োজন নৈতিক কল্পনাশক্তি, যে শক্তি দিয়ে আমরা নতুন করে প্রতিষ্ঠান গড়তে পারি, আমাদের নিজেদের তৈরি করে নিতে পারি এবং নিজেদের শাসনকাঠামোয় যাতে ন্যায়বিচার নিশ্চিত করতে পারি এবং সেই প্রতিশ্রুতি পূরণ করতে পারি, যা আমরা উত্তাল আন্দোলনের সময়ে বুকে ধারণ করেছিলাম। ফ্রান্স কিংবা সোভিয়েত, মাও অথবা ফিদেল কাস্ত্রো আমাদের শিক্ষা দিয়েছে, বিপ্লব কোনো শেষ নয় বরং তা একটি সূচনা, একটা নতুন যুগের, কিছু অপার সম্ভাবনার। যতক্ষণ না আমরা সেটিকে এমনভাবে বিবেচনা করি, ততক্ষণ আমরা ইতিহাসের চক্রেই ঘুরে বেড়াব, আবারও পুরোনো স্লোগান দেব, কিন্তু সেই স্লোগানের অর্থ ভুলে যাব



যে বিশাল সম্ভাবনা নিয়ে ২০২৪ সালের জুলাই-আগস্ট আন্দোলন হয়েছিল আমাদের সামনে, তার কতখানি পূরণের পথে, সেটা নিয়ে প্রশ্ন তোলা যৌক্তিক হবে। ফরাসি বিপ্লব স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্বের দাবিতে সংঘটিত হয়েছিল। সেটা কেবল একজন রাজাকে অপসারণ করার উদ্দেশ্যে ছিল না; বরং সমাজকাঠামোকেই নতুন করে গড়ে তোলার ঘোষণা ছিল। এর আগেও আমাদের দেশে জাতীয় জাগরণ আমরা দেখেছি, কিংবা ১৯৭১ সালে স্বাধীনতা অর্জন এবং ১৯৯০ সালে স্বৈরাচার হটানোর আন্দোলন হয়েছিল। কিন্তু প্রশ্ন-কেন আমরা সেই সব আন্দোলনের ফল ভোগ করতে পারিনি?

১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধ কেবল স্বাধীনতার আন্দোলন ছিল না, তা ছিল মর্যাদা, গণতন্ত্র ও আত্মনিয়ন্ত্রণের দাবি। তেমনি ১৯৯০ সালের গণ-অভ্যুত্থান সামরিক শাসনের অবসান ঘটালেও এর পেছনে ছিল রাজনৈতিক জবাবদিহি ও নাগরিক অধিকার প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা। কিন্তু এই বড় পরিবর্তনগুলো সত্ত্বেও, সাধারণ মানুষের জীবন অভিজ্ঞতায় সেই আদর্শগুলোর প্রতিফলন আজও অনুপস্থিত। আমরা গড়ে তুলতে চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছি নিজেদের গণতান্ত্রিক ব্যবস্থা। আমলাতন্ত্র রয়ে গেছে আগের মতো। আগের মতো দক্ষতার পরিবর্তে রাজনৈতিক আনুগত্য হয়ে উঠেছে নিয়োগ ও পদোন্নতির মানদণ্ড।

আমাদের নেতারা গণ-অভ্যুত্থানের পরপরই জনতাকে ত্যাগ করার পুরোনো সিলসিলাই জারি রাখলেন। ক্ষমতার একক হিসেবে তাঁরা খুঁজে নিলেন সচিবালয়কে।

ফরাসি বিপ্লব স্পষ্ট করেছিল, প্রাতিষ্ঠানিক রূপান্তর ছাড়া রাজনৈতিক পরিবর্তন হয় কেবল বাহ্যিক। আমাদের দেশের গণ-অভ্যুত্থানগুলো অনেক সময় সেই বাইরের চাকচিক্যেই সীমাবদ্ধ থেকেছে। যেই প্রাতিষ্ঠানিক রূপান্তর আমাদের আসলেই দিতে পারত স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্বের এক ইনক্লুসিভ বাংলাদেশ, সেটা আমরা হেলায় হারিয়েছি।



> ফরাসি বিপ্লব স্পষ্ট করেছিল, প্রাতিষ্ঠানিক রূপান্তর ছাড়া রাজনৈতিক পরিবর্তন হয় কেবল বাহ্যিক। আমাদের দেশের গণ-অভ্যুত্থানগুলো অনেক সময় সেই বাইরের চাকচিক্যেই সীমাবদ্ধ থেকেছে। যেই প্রাতিষ্ঠানিক রূপান্তর আমাদের আসলেই দিতে পারত স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্বের এক ইনক্লুসিভ বাংলাদেশ, সেটা আমরা হেলায় হারিয়েছি। সমতা ও ভ্রাতৃত্ব-এই বিপ্লবী মূল্যবোধগুলো আমাদের বাস্তবতায় কোথাও যেন নেই। ধনবৈষম্য দিন দিন বাড়ছে

সমতা ও ভ্রাতৃত্ব-এই বিপ্লবী মূল্যবোধগুলো আমাদের বাস্তবতায় কোথাও যেন নেই। ধনবৈষম্য দিন দিন বাড়ছে। শিক্ষা, স্বাস্থ্য ও বিচারব্যবস্থার সুবিধা এখনো শহরের অভিজাতদের অনুকূলে। গণ-অভ্যুত্থানের পরেও সম্পদের ন্যায্য বণ্টন বা সুযোগের সাম্য তৈরি হওয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে না। ফরাসি বিপ্লবের দাবি ছিল জনগণের রাষ্ট্র গঠন, আমাদের গণ-অভ্যুত্থানগুলো জনগণের ক্ষমতায়নের পথ তৈরিই করতে পারেনি। এখনো এখানে চলছে নানা পরিচয়ে বিভাজনের রাজনীতি।

আমাদের অগ্রগতির সবচেয়ে বড় বাধা ঔপনিবেশিক আমলাতন্ত্র, যা শাসকের আজ্ঞাবাহী ছিল। এখনো একই আছে। ১৯৯০-এর গণ-অভ্যুত্থান একজন সামরিক শাসককে সরাতে পেরেছিল, কিন্তু স্থানীয় সরকারকে শক্তিশালী করতে পারেনি, কিংবা জনগণের হাতে প্রশাসনিক ক্ষমতা হস্তান্তর করতে পারেনি। ২০২৪-এর গণ-অভ্যুত্থান আমাদের সামনে হাজির করেছিল সেই পর্দা, যা সরালেই আমরা হয়তো দেখা পেয়ে যেতাম আমাদের কাঙ্ক্ষিত রাষ্ট্র-সমতা, ভ্রাতৃত্ব আর বৈষম্যহীন একটা রাষ্ট্র। গণ-অভ্যুত্থানের পরে সবচেয়ে বেশি সামাজিক সংহতির অভাব দেখা যায়। এবারও তা-ই ঘটল। যেমন, জুলাই আন্দোলনের পর সব এরপর ৪০ পৃষ্ঠায়

# আমাদের রবীন্দ্রনাথ: প্রেম ও প্রার্থনার মূর্ত প্রতীক

এবিএম সালেহ উদ্দীন



প্রেম মানুষের মনুষ্যত্ববোধের সত্যিকার অলংকার। যত প্রেম,-তত পূর্ণতা। প্রেমের অমপুর পূর্ণতার মাধ্যমে একজন মানুষের ইহকাল-পরকালের জীবন সমৃদ্ধ হয়ে উঠে। স্রষ্টার সকল সৃষ্টির মূল বিষয় হলো প্রেম। সৃষ্টির প্রতি,প্রকৃতির প্রতি ভালোবাসার মধ্যদিয়ে মনের সকল কালিমা দূর হয়ে যায়।

রবীন্দ্রনাথ তাঁর শিল্পীতসত্তার সত্যিকার স্বরূপকে অবলম্বন করেই বাংলা সাহিত্যের সত্যালোকে সুপ্রতিষ্ঠ হয়েছেন। পূণ্য-প্রেমের আলোকপ্রভা তাঁর জীবনের পর্বে পর্বে বিস্ময়করভাবে ফুটে উঠেছে। প্রেম সর্বদা অবিনশ্বর। প্রেমের মধ্যদিয়ে প্রার্থনার পথ খুলে যায়। প্রেমধারা মূলত প্রশান্তির পথ অবারিত হয়। অন্তরের গহিন কোণ থেকে দীপ্যমান আলোর বিচ্ছুরণ ঘটে। জীবনের পর্বে পর্বে আলোকরশ্মির অনুরঞ্জন ঘটে।

তাই তো রবীন্দ্রনাথ বলেনঃ

"অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চলবে না।
এবার হৃদয়মাঝে লুকিয়ে বোসো,
কেউ জানবে না, কেউ বলবে না।"

একই সঙ্গে প্রার্থনার মিলিত সম্মোহনে স্রষ্টার কাছে নিবেদন,-

যদি তোমার দেখা না পাই,প্রভু
এবার এ জীবনে
তবে তোমায় আমি পাই নি যেন
সে কথা রয় মনে।
যেন ভুলে না যাই,বেদনা পাই
শয়নে স্বপনে।"

কবিগুরুর গভীর প্রেমানন্দ এবং প্রেমের কত রকম দুঃখের কথা তাঁর অসীম কাব্যধারায় 'গীতাঞ্জলি'তে ফুটিয়ে তুলেছেন। আবার কখনও দেখি মুগ্ধতার সৃষ্টি ছোঁয়ায় স্রষ্টার অপার সৃষ্টির মহিমায় গেঁথে দিয়ে গেছেন তাঁর অমোঘ ছন্দময়তায়। সৃষ্টিসুখের উল্লাসে সবকিছুই সুন্দর, মধুরালোকের আনন্দে মাতোয়ারা।কবিগুরুর মহানন্দে সবকিছুই উদ্বেলিত,-

"প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে
প্লাবিত করিয়া নিখিল দ্যুলোক-ভূলোক
তোমার অমল অমৃত পড়িছে ঝরিয়া।"



রবীন্দ্রনাথ আস্তিক্যবাদী ছিলেন। তিনি ঈশ্বরে বিশ্বাস করতেন। বিশ্বাসী মানুষের মনে সবসময় প্রেম ও ভালোবাসা বিদ্যমান থাকে। বিশ্বাস ও ভালোবাসার মাধ্যমে মানুষের হৃদয়ের দরজা খুলে যায়। সৃষ্টিকে ভালোবাসতে উদ্বুদ্ধ হয়। রবীন্দ্রনাথের সাহিত্যের পরতে পরতে তারই বহিঃপ্রকাশ দেখতে পাই।

রবীন্দ্রনাথের পূর্বপুরুষগণ ছিলেন উচ্চবর্ণীয় ব্রাহ্মণ। তবে 'ঠাকুর' পদবি পূর্বে ছিল না। ইংরেজ আমলে রবীন্দ্রনাথের ষষ্ঠতম পূর্বপুরুষ পঞ্চানন 'ঠাকুর' পদবি লাভ করেন। পরবর্তীতে তাঁর উত্তরসূরিগণ ঠাকুর হিসাবে পরিচিতি পান। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ১৯৩০ সালে রবীন্দ্রনাথ একটি দীর্ঘ 'হিবার্ট লেকচার' দেন। তার ভিত্তিতে 'মানুষের ধর্ম' নামক একটি বই রচিত হয়। বইটি ইংরেজি ভাষায় লন্ডন থেকে ১৯৩১ সালে প্রকাশিত হয়। শুরুতেই বলাবাহুল্য রবীন্দ্রনাথ বেদ-বাইবেল থেকে কোরান শরিফ পর্যন্ত পৃথিবীর সব ধর্মগ্রন্থ পড়েছিলেন। রবীন্দ্রনাথ পড়ে অনুভব করেছিলেন সব ধর্মগ্রন্থ প্রায় একই কথা বলছে - কীভাবে ভালোবাসার সম্পর্ক প্রতিষ্ঠা করা যায়! রবীন্দ্রনাথের কাছে ধর্মের পবিত্রতা অনেক গভীর এবং অনন্ত বিশ্বব্রহ্মাণ্ডের মতো।

ধর্মের মহানুভবতার কথা ব্যক্ত করতে গিয়ে রবীন্দ্রনাথ বাংলার বাউলদের সম্পর্কে মানবধর্মের বড় উপাদান বলতেও দ্বিধা করেন নি। কেননা,বাউলগণ কোনো প্রথাগত ধর্মে বিশ্বাস করেন না। সবাই বাউল হতে পারে। বাউল হতে কারো বাধা নেই। মানুষের ধর্ম-(১৯৩৪) গ্রন্থে দর্শনের নানা জটিল বিষয়ানুষঙ্গকে তিনি যে প্রাঞ্জল ভাষায় উপস্থাপন করেছেন এমন দৃষ্টান্ত বিরল। জীবনের পরতে পরতে মহামহীম স্রষ্টার প্রবলতর মহিমার শেষ নেই। সেই মহিমা থেকে কিছুটা মানুষের জন্য বরাদ্দ। ঐ আকাশের দিকে যখন তাকাই। পূণ্যবান হই তারই ঝলকে। তাই নিজের আকুতিকে নিজেই ব্যক্ত করি গুনগুনিয়ে-

'যদি চাহো, হতে পারো প্রেমময়
তবে,স্বর্গীয় শতরূপে হয়ে ওঠো পূণ্যবান
পরিপূর্ণ পূণ্যতায়'।

রবীন্দ্রনাথ যখন বিনিদ্র তপস্যায় জীবন সাহিত্যে মানুষের অন্তর্নিহিত মনস্তত্ত্বের চিরন্তনী রূপকে নানান আঙ্গিকে,বিচিত্র বৈভবের রূপ দিয়েছেন। শিল্প সাহিত্যের মহাসমুদ্রে মানুষের জীবনের অনন্ত মায়াকে আনন্দ,বেদনা ও বিরহ-বিদ্রুপের তুলিতে সুন্দরতম অবয়বে এঁকেছেন। সেই কথা ভেবে তাঁরই ভাষায়--

"আমারে ফিরায়ে লহ অয়ি বসুন্ধরে কোলের সন্তানে তব কোলের ভিতরে বিপুল অঞ্চল-তলে। ওগো মা মৃন্ময়ী, তোমার মৃত্তিকা-মাঝে ব্যাপ্ত হয়ে রই:.." আত্মা নিয়ে রবীন্দ্রনাথের ধারণা ছিল খুব স্পষ্ট। এব্যাপারে তিনি আল্লামা ইকবালের আধ্যাত্মবাদী চিন্তায় উৎকর্ষিত হয়ে পড়েছিলেন। আল্লামা ইকবাল ও রবীন্দ্রনাথ ঠাকুর-এই দুই মহামানব একই সময়ে উপমহাদেশের বৌদ্ধিক ও সাংস্কৃতিক জগতে আলো ছড়িয়েছেন,-তবে তাদের পারস্পরিক সম্পর্ক সরাসরি ঘনিষ্ঠ ছিল না থাকলেও সাহিত্যাদার্শের যুগপৎ ভূমিকা ছিল। কিছু নির্দিষ্ট দিক থেকে তাদের এরপর ৩৬ পৃষ্ঠায়

> সরকারিভাবে প্রচারমাধ্যমে মব ভায়োলেন্সের ক্ষতিকর দিক নিয়ে আলোচনা করা যেতে পারে। যে যায় সে আর ফিরে আসে না। মব ভায়োলেন্সের নামে যাদের হত্যা করা হচ্ছে, তাদের পরিবারের অবস্থা কি আমরা একবারও ভেবে দেখার প্রয়োজনবোধ করব না? আমাদের ভাবতে হবে, আজ যদি মব ভায়োলেন্সের নামে আমার একজন আপনজন হত্যাকাণ্ডের শিকার হয়, তাহলে কেমন লাগবে? মব ভায়োলেন্স বা মব জাস্টিস অথবা গণপিটুনি যাই বলি না কেন, আর যেন এ ধরনের একটি মৃত্যুও আমাদের দেখতে না হয়, তা নিশ্চিত করতে হবে। মানুষের মধ্যে সামাজিক মূল্যবোধ এবং অপরের প্রতি সহমর্মিতার মনোভাব সৃষ্টি করতে হবে। বাংলাদেশে বসবাসকারী প্রত্যেক মানুষ একজন আরেকজনের ভাই-বন্ধু-এ মনোভাব জাগ্রত করতে হবে। মানবিক মূল্যবোধসম্পন্ন একটি উন্নত দেশ গঠনে আমাদের এখনই উদ্যোগী হতে হবে



# BEST TAX EXPRESS INC.

BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# ট্রাম্পের সফর মধ্যপ্রাচ্যকে কতটা বদলে দেবে

কিন্তু যদি এই আলোচনায় অগ্রগতি হয়, কিংবা ইসরায়েল-সৌদি সম্পর্ক স্বাভাবিক করার প্রতি ট্রাম্পের আগ্রহ বাড়ে, তাহলে তাকেও গাজার যুদ্ধ-পরবর্তী পরিকল্পনা ও ফিলিস্তিনিদের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে আলোচনা করতে হতে পারে। এই সম্ভাবনাগুলো ইতিমধ্যে ট্রাম্প ও নেতানিয়াহুর মধ্যে টানাপোড়েন তৈরি করছে। এবার মধ্যপ্রাচ্য সফরে ট্রাম্প ইসরায়েল যাবেন না, আর নেতানিয়াহুও অনমনীয় মনোভাব দেখাচ্ছেন। কিন্তু যেহেতু রিপাবলিকান দলে ট্রাম্পের নিয়ন্ত্রণ একচেটিয়া, তাই হোয়াইট হাউস যদি ইসরায়েলের বিপক্ষে কিছু নীতির প্রস্তাব দেয়, তাহলে নেতানিয়াহুর হাতে বিকল্প তেমন থাকবে না। আর ট্রাম্প কিছু চাইলে তা পেতে চাপ প্রয়োগ করতে তিনি কুণ্ঠাবোধ করেন না-এটা বিশ্বের সব মিত্রদেশই ইতিমধ্যে জেনে গেছে

আরন ডেভিড মিলার ও লরেন মর্গানবেসার



গেল সপ্তাহে যখন ডোনাল্ড ট্রাম্প মধ্যপ্রাচ্য সফরে বের হয়েছেন, তখন তিনি আগের চেনা জায়গাটা আর আগের মতো নেই দেখে অবাক হচ্ছেন-কারণ, এবার তিনি যে মধ্যপ্রাচ্য দেখছেন, সেটা তাঁর প্রথম প্রেসিডেন্ট থাকার সময়কার মধ্যপ্রাচ্য থেকে অনেকটাই বদলে গেছে।

২০২৩ সালের ৭ অক্টোবর হামাস ইসরায়েলে হামলা চালানোর পর থেকে মধ্যপ্রাচ্যের সবচেয়ে চোখে পড়ার মতো পরিবর্তন হলো-ইসরায়েলের একটি আঞ্চলিক শক্তি হিসেবে আবির্ভাব।

আরব বিশ্ব এখনো গভীর বিশৃঙ্খলার মধ্যে রয়েছে। অন্তত পাঁচটি আরব দেশ নিজেদের দেশের ভেতরে গভীর সংকটে পড়েছে। এর ফলে তারা কার্যত অকার্যকর হয়ে পড়েছে বা রাষ্ট্র হিসেবে ব্যর্থতার পথে রয়েছে। এই ক্ষমতাশূন্যতার মধ্যে দুটি বিকল্প শক্তিকেন্দ্র গড়ে উঠেছে।

প্রথমত, পারস্য উপসাগরের ধনী দেশগুলো-বিশেষ করে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও কাতারের কথা বলা যায়। আরব বসন্তে তারা তুলনামূলকভাবে অক্ষত থেকেছে এবং তেল-গ্যাস ও সার্বভৌম সম্পদ তহবিলের কারণে তারা শক্তিশালী ও স্থিতিশীল কর্তৃত্ববাদী রাষ্ট্র হিসেবে আবির্ভূত হয়েছে। বিশেষ করে সৌদি আরব এখন মধ্যপ্রাচ্যে বড় ভূমিকা নিতে শুরু করেছে।

দ্বিতীয়ত, আরব নয়-এমন তিনটি দেশ ইসরায়েল, তুরস্ক ও ইরানের কথা বলা যায়। এই তিন দেশই এমন শক্তি, যাদের নিজেদের সীমান্তের বাইরে সামরিক প্রভাব বিস্তারের ক্ষমতা আছে। তারা সবাই কোনো না কোনো সময় অভ্যন্তরীণ অস্থিরতার মুখোমুখি হলেও শেষ পর্যন্ত নিজেদের স্থিতিশীলতা ধরে রেখেছে। এদের রয়েছে বড় অর্থনৈতিক সম্ভাবনা, নিজস্ব অস্ত্র তৈরির ক্ষমতা এবং উন্নত নিরাপত্তা, সামরিক ও গোয়েন্দা শক্তি।

এই তিন দেশের মধ্যে ইসরায়েল যুক্তরাষ্ট্রের সবচেয়ে ঘনিষ্ঠ মিত্র। তুরস্ক ন্যাটোর সদস্য এবং সিরিয়ায় নতুনভাবে প্রভাবশালী এক শক্তি হয়ে উঠেছে। আর ইরান, যদিও তার মিত্রগোষ্ঠী হামাস ও হিজবুল্লাহকে ইসরায়েল ধ্বংস করে দিয়েছে, তবু এখনো যথেষ্ট প্রভাবশালী। বিশেষ করে তার পারমাণবিক কর্মসূচির কারণে ইরান আজও ইসরায়েল ও আমেরিকার নীতিনির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



এই তিন আরব নয়-এমন রাষ্ট্রকে আরব দেশগুলো সন্দেহ ও অবিশ্বাসের চোখে দেখে; কিন্তু কেউই তাদের সঙ্গে খারাপ সম্পর্ক করতে চায় না। এই তিন দেশের মধ্যে পরস্পরের উদ্দেশ্য ও স্বার্থ নিয়ে দ্বন্দ্ব রয়েছে। তারা একে অন্যকে প্রতিহতও করছে। কিন্তু তারা মধ্যপ্রাচ্যের বাস্তবতায় স্থায়ীভাবে থেকে যাবে বলেই মনে হচ্ছে। আরব বিশ্বের বিভক্তির কারণে ভবিষ্যতে এদের প্রভাব আরও বাড়বে।

২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের হামলার পরপরই মনে হচ্ছিল ফিলিস্তিন সমস্যা আবারও মধ্যপ্রাচ্য ও আন্তর্জাতিক রাজনীতির কেন্দ্রবিন্দুতে চলে এসেছে। যাঁরা বলছিলেন ফিলিস্তিন ইস্যু গুরুত্ব হারিয়েছে, তাঁরা তখন গাজার বেসামরিক মানুষের প্রতি বিশ্বজুড়ে সহানুভূতি ও সমর্থনের জোয়ার দেখে চুপ হয়ে গিয়েছিলেন। ইসরায়েল যখন হামাসের বিরুদ্ধে যুদ্ধ চালায়, তখন যে মানবিক বিপর্যয় তৈরি হয়, সেটাই এই সহানুভূতির মূল কারণ ছিল।

জাতিসংঘ যুদ্ধ থামাতে বলেছে এবং এ নিয়ে বেশ কিছু প্রস্তাবও পাস করেছে। পৃথিবীর অনেক দেশ ও মানুষ ইসরায়েলকে এবং এই যুদ্ধকে তীব্রভাবে নিন্দা করেছে। আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে) খতিয়ে দেখছেন ইসরায়েল গাজায় গণহত্যা করছে কি না। আর আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু ও হামাসের এক শীর্ষ নেতার (যিনি পরে মারা গেছেন) বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন।

অন্যদিকে ফিলিস্তিনি জাতীয় আন্দোলনও সম্পূর্ণ বিভক্ত ও দুর্বল। এখন ফিলিস্তিনিদের সামনে দুটি অপছন্দনীয় বিকল্প-একদিকে হামাস, অন্যদিকে বহুদিন ধরে ক্ষমতায় থাকা ও কার্যত নিষ্ক্রিয় ফিলিস্তিনি কর্তৃপক্ষের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের সম্ভাবনা এখন আগের যেকোনো সময়ের চেয়ে ক্ষীণ।

এই পরিবর্তিত পরিস্থিতিতে ট্রাম্প প্রশাসন কীভাবে সিদ্ধান্ত নেবে, তা এখনো পরিষ্কার নয়। তবে এটা স্পষ্ট, তারা ইসরায়েলপন্থী অবস্থান নিয়েছে। ট্রাম্প বলেছিলেন, গাজাকে রিভিয়েরার মতো পর্যটনকেন্দ্র বানানো যায়। তিনি গাজা থেকে জিম্মি মুক্ত করতে একজন বিশেষ দূত নিয়োগ করেছেন; কিন্তু যুদ্ধ-পরবর্তী গাজা নিয়ে কোনো পরিকল্পনা দেননি। বরং গাজা-পরিস্থিতি ইসরায়েলের ওপর ছেড়ে দিয়েছেন, যারা আবারও সেখানে সামরিক অভিযান শুরু করেছে।

ট্রাম্প লেবানন ও সিরিয়া সীমান্তে ইসরায়েলের আগ্রাসী নিরাপত্তানীতিও মেনে নিয়েছেন এবং পশ্চিম তীরে দখলদারি ও বসতি স্থাপনেও সমর্থন দিয়েছেন।

তবে ট্রাম্প একেবারে অনিশ্চিত চরিত্র। নেতানিয়াহুর পাশে বসেই তিনি ঘোষণা করেছেন, ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র নতুন করে আলোচনা শুরু করবে। যদিও নেতানিয়াহু চান ইরানের পারমাণবিক কর্মসূচির সমাধান হোক সামরিকভাবে।

কিন্তু যদি এই আলোচনায় অগ্রগতি হয়, কিংবা ইসরায়েল-সৌদি সম্পর্ক স্বাভাবিক করার প্রতি ট্রাম্পের আগ্রহ বাড়ে, তাহলে তাকেও গাজার যুদ্ধ-পরবর্তী এরপর ২৮ পৃষ্ঠায়

# বন্দর পরিচালনা বিদেশিদের দেওয়া কতটা যৌক্তিক

কল্লোল মোস্তফা

চট্টগ্রাম বন্দরের সবচেয়ে বড় ও লাভজনক নিউমুরিং কনটেইনার টার্মিনাল বিদেশিদের হাতে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় স্বৈরাচারী আওয়ামী লীগ সরকারের আমলে। সেটা ২০২৩ সালের মার্চে। বন্দরের শ্রমিক-কর্মচারীরা সে সময়ই এর বিরোধিতা করেছিলেন। বর্তমান অন্তর্বর্তী সরকার আওয়ামী লীগ আমলের সেই সিদ্ধান্তই বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে।

প্রথম আলোয় প্রকাশিত সংবাদ অনুসারে, সংযুক্ত আরব আমিরাতের ডিপি ওয়ার্ল্ডকে সরকারি-বেসরকারি অংশীদারত্বের (পিপিপি) মাধ্যমে জিটুজি ভিত্তিতে টার্মিনালটি পরিচালনার ভার দেওয়ার প্রক্রিয়া চলছে। প্রকল্পের পরামর্শক হিসেবে কাজ করছে বিশ্বব্যাংকের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন (আইএফসি)।

সবকিছু পরিকল্পনামতো এগোলে দর-কষাকষি করে নভেম্বরে ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে কনসেশন চুক্তি হবে। চুক্তির পর টার্মিনালটি পুরোপুরি ডিপি ওয়ার্ল্ডের হাতে চলে যাবে। তারা কনটেইনার ওঠানামার মাশুল আদায় করবে, লোকবল নিয়োগ দেবে এবং বন্দরকে এককালীন, বার্ষিক ও কনটেইনারপ্রতি অর্থ প্রদান করবে।

বন্দরসংশ্লিষ্ট ব্যক্তিরা এটাকে দেশের স্বার্থবিরোধী বলে মনে করছেন। তাঁদের বক্তব্য হলো টার্মিনালটিতে দেশের টাকায় জেটি নির্মাণ ও যন্ত্রপাতি কেনা হয়েছে। জাহাজ থেকে কনটেইনার ওঠানো-নামানোর অত্যাধুনিক 'গ্যান্ট্রি ক্রেন' থেকে শুরু করে কনটেইনার স্থানান্তরে যত ধরনের যন্ত্র দরকার, তার সবই আছে টার্মিনালটিতে। বন্দর কর্তৃপক্ষ দরপত্রের মাধ্যমে দেশীয় প্রতিষ্ঠানকে দিয়ে টার্মিনাল পরিচালনা করছে। এখানে এক হাজারের মতো শ্রমিক-কর্মচারী কাজ করছেন।

ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (সিওপিডি) ফুসফুসের একটি রোগ। এই রোগে ফুসফুসের প্রান্তিক নালিসহ এর দেয়াল তথা রেসপিরেটরি ব্রংকিয়ল ও অ্যালভিয়োলাইয়ের দেয়ালের ফুটোগুলো বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা (২.৫ মাইক্রোন) দ্বারা রুদ্ধ হয়ে ফুলে ওঠে। এতে কলকারখানার ধোঁয়াসহ সিগারেটের ধোঁয়া, জৈব-অজৈব ক্ষুদ্র কণা, জৈব জ্বালানি বা হাইড্রোকার্বনের নানা অণুতে আক্রান্ত হয়ে শেষ পর্যন্ত ফুসফুস নিজের কার্যক্ষমতা অনেকাংশে হারিয়ে ফেলে।

কারণ : উন্নত বিশ্বে সিগারেটের ধোঁয়া এবং অনুন্নত বিশ্বে জৈব জ্বালানিসহ গৃহাভ্যন্তরীণ তথা কর্মস্থলের বায়ুদূষণ এ ধরনের রোগের প্রধান কারণ।

ক্রনিক ব্রংকাইটিস ও সিওপিডিতে ফুসফুসের ব্রংকাস অথবা ব্রংকিয়লগুলো নানা জীবাণু, ভাইরাসসহ বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা, মাইট, মোল্ডস, ছত্রাক, কীটপতঙ্গের দেহাবশেষ, আমিষজাতীয় খাবারের ভগ্নাংশ, উদ্ভিদের গ্লাইকোপ্রোটিন তথা অসংখ্য পরজীবীর দেহাবশেষের কারণে ফুলে ওঠে। এতে ফুসফুসের নালিগুলো সংকুচিত হওয়ার কারণে এবং অ্যালভিয়োলাইগুলো ফুলে শ্লেষ্মা দিয়ে আবৃত হওয়ায় কাশি ও শ্বাসকষ্ট সৃষ্টি হয়। এ সময় শ্লেষ্মা উৎপাদক কোষগুলো বড়

এরপর ৪০ পৃষ্ঠায়

## কাশির চিকিৎসায় ঘরোয়া উপায়

ডা. আলমগীর মতি



কাশির প্রচলিত ওষুধ না খেয়ে ঘরোয়া উপায়ে সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব। প্রাকৃতিক এসব উপাদানের মাধ্যমে কাশি উপশমের পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি পায়।

এলাচি

সর্দি, কাশি এবং ঋতু পরিবর্তনের জ্বর থেকে মুক্তি দিতে পারে ছোট এলাচি। অ্যান্টি-অক্সিডেন্টে ভরা এলাচি জীবাণুনাশকও। এক কাপ পানি চুলায় বসিয়ে তাতে মধু এবং বেশ কয়েকটি ছোট এলাচি ছেড়ে দিন। ভালোভাবে ফুটিয়ে এলাচি ছেঁকে ওই পানিটুকু পান করুন। এভাবে কয়েক দিন খেলে কমে যাবে গলাব্যথা। রেহাই মিলবে শুকনো কাশি থেকেও। এ ছাড়া মুখে এলাচি রাখলেও শুকনো কাশির সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব।

হলুদ

হলুদে রয়েছে প্রোটিন, ভিটামিন, খনিজ লবণ, ফসফরাস, ক্যালসিয়াম, লোহা ইত্যাদি পদার্থ। তাই হলুদ খেলে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। শুকনো কাশির জন্য এটি খুব কার্যকর। ১ টেবিল চামচ হলুদের সঙ্গে ১/৮ টেবিল চামচ গোলমরিচ গুঁড়া নিয়ে সেটি চা, দুধ কিংবা অন্য কোনো পানীয় যেমন কোনো জুসের সঙ্গে মিশিয়ে খান।

সর্দি-কাশির ক্ষেত্রে খুব ভালো কাজ দেয় হলুদ। কাশি কমাতে হলুদের রসও খেতে পারেন। এক গ্লাস গরম দুধের মধ্যে হলুদের গুঁড়া, সামান্য মাখন ও গোলমরিচ গুঁড়া মিশিয়ে খেতে পারেন।

তুলসী

শীতকালে তুলসীপাতা দিয়ে চা বানিয়ে খেলে সহজেই কাশি প্রতিরোধ করা যায়। এ ছাড়া এক গামলা ফুটন্ত গরম পানিতে

এরপর ৪০ পৃষ্ঠায়

## প্রতিরোধযোগ্য জরায়ুর মুখের ক্যান্সার



ডা. সুমাইয়া আক্তার

বিশ্বব্যাপী প্রতিবছর প্রায় পাঁচ লাখ ৭০ হাজার নারী সার্ভাইক্যাল ক্যান্সার বা জরায়ুর ক্যান্সারে আক্রান্ত হয়।

বাংলাদেশে প্রতিবছর নতুন করে আট হাজার ২৬৮ জন নারী এই ক্যান্সারে আক্রান্ত হচ্ছে।

কারণ

জরায়ুর ক্যান্সারের জন্য দায়ী করা হয় হিউম্যান পেপিলোমা ভাইরাসকে। প্রায় ১০০টির ওপর এইচপিভি আছে।

এর মধ্যে এইচপিভি ১৮ ও ১৬ জরায়ুর ক্যান্সারের জন্য দায়ী এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ।

বিজ্ঞানীরা বলেছেন, এই ভাইরাস শরীরে প্রবেশের পরপরই ক্যান্সার হয় না। জরায়ুর মুখে ক্যান্সারের জন্য ১৫ থেকে ২০ বছর সময় লেগে যায়। ফলে এই ক্যান্সার নির্ণয়ের জন্য অনেক সময় পাওয়া যায়।

ঝুঁকিতে আছে যারা

* অল্প বয়সে বিয়ে ও যৌন মিলন
* অল্প বয়সে গর্ভধারণ এবং অধিক সন্তান ধারণ



* দীর্ঘদিন গর্ভনিরোধক ওষুধ সেবন
* বহুগামিতা
* নিরাপদ যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার অভাব
* স্বল্প রোগ প্রতিরোধ ক্ষমতা
* অপরিচ্ছন্ন পরিবেশ, অপুষ্টি

যদি এই ক্যান্সারে আক্রান্ত নারী প্রাথমিক অবস্থায় চিকিৎসা না পায় তবে তার মৃত্যুর আশঙ্কা ৫০ শতাংশ বৃদ্ধি পায়।

লক্ষণসমূহ

* অনিয়মিত মাসিক
* যৌন সঙ্গমের সময় অথবা পরে অস্বাভাবিক রক্তস্রাব
* অতিরিক্ত সাদা স্রাব
* ময়লা বা বাদামি পানির মতো দুর্গন্ধযুক্ত স্রাব
* ক্ষুধামান্দ্য, ক্লান্তিভাব
* তলপেট, কোমর ও পায়ে তীব্র ব্যথা
* ওজন কমে যাওয়া
* বদহজম, কোষ্ঠকাঠিন্য

এরপর ৪২ পৃষ্ঠায়

## হ্যান্ডস অন
## ফিজিক্যাল থেরাপি
## রিহাবিলেইশন

**এ. ভুঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## ইউনূস-ওয়াকারে অবিশ্বাসের দেয়াল

১ পৃষ্ঠার পর

ও রাজপথ দখল। পতিত আওয়ামী সরকারের দোসরদের স্যাবোটাজ পরিকল্পনা। সেনাপ্রধানের আলটিমেটাম। ইউনূস ও ওয়াকারুজ্জামানের মধ্যে অবিশ্বাসের দেয়াল। নির্বাচনের রোডম্যাপ নিয়ে বিতর্ক। এমনি এক শংকা ও উদ্বেগের মধ্যে দেশ। উদ্বিগ্ন সাধারন মানুষ। রাজনৈতিক দোষারোপের সংস্কৃতি ছেয়ে গেছে। কেউ কারো প্রতি সম্মান দিয়ে কথা বলছেন না। সেনাপ্রধান অন্তর্বর্তিকালীন সরকার প্রধানের কর্তৃত্বকে প্রকাশ্যে চ্যালেঞ্জ করেছেন। ইউনূস মর্মাহত। ক্ষুব্ধ। শ্বাসরুদ্ধকর পরিস্থিতি চারিদিকে। প্রেসিডেন্ট চুপ্পু কোথায়? দেশে কোন রাষ্ট্র প্রধান আছেন। কেন তিনি হাইবারনেশনে? এমনি নানা প্রশ্ন সাধারন মানুষের। এই ক্রান্তিকালের মাঝিমাল্লা কে?

সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামান এক বক্তৃতায় বাংলাদেশের রাজনীতির দৃশ্যপট পাল্টে গেছে। অনিশ্চিত এক পরিস্থিতির মধ্যে তার দিক-নির্দেশনামূলক বক্তৃতা পরিস্থিতি থেকে উত্তরণের উপায় খুঁজতে সহায়ক হবে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস এ পর্যন্ত সংকট উত্তরণের সুস্পষ্ট কোনও রোডম্যাপ দেননি। তিনি চলতি বছরের ডিসেম্বর থেকে আগামী বছরের জুনের মধ্যে নির্বাচন হবে বলে ঘোষণা দিয়েছিলেন। সম্প্রতি আল-জাজিরায় দেওয়া এক সাক্ষাৎকারে ইউনূস বলেছেন, জনগণ নির্বাচন চাইছেন না। এসব কারণে একটা অনিশ্চিত পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ড. মুহাম্মদ ইউনূসকে তার দায়িত্ব সম্পর্কে স্মরণ করিয়ে দিয়েছেন ওয়াকার। তার বক্তৃতায় জনআকাঙ্ক্ষার প্রতিফলন লক্ষনীয়। সেনাবাহিনীর দরবারে তিনি এই বক্তৃতা দিয়েছেন। সেনাপ্রধানের বক্তৃতায় চারটি উল্লেখযোগ্য পয়েন্ট রয়েছে। এই চার পয়েন্ট হলো : ১. কাউকে করিডর দেওয়া যাবে না। এটা পুরোপুরি অগ্রহনযোগ্য। ২. ডিসেম্বরের মধ্যেই নির্বাচন হতে হবে। নির্বাচিত সরকারই জাতির গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত দেবে। কোনও অনির্বাচিত সরকার না। ৩. স্বাধীনতা যুদ্ধ ও জাতীয় গৌরব কোনওভাবেই নেগোশিয়েটেবল না। ৪. মবসন্ত্রাস সেনাবাহিনী মেনে নেবে না। সেনাপ্রধান এই চারটি বিষয়ে যে বক্তব্য রেখেছেন উল্লেখযোগ্য।

এদিকে, আন্তঃবাহিনী জনসংযোগ দফতর জানায়, ৫ আগস্ট রাজনৈতিক পট পরিবর্তনের প্রেক্ষাপটে প্রাণরক্ষায় রাজনৈতিক ব্যক্তিসহ মোট ৬২৬ জনকে বিভিন্ন সেনানিবাসে আশ্রয় দেওয়া হয়। আশ্রয় দেওয়া ব্যক্তিদের তালিকা প্রকাশ করেছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আশ্রয় দেওয়া ব্যক্তিদেও মধ্যে ২৪ জন রাজনৈতিক ব্যক্তিত্ব, ৫ জন বিচারক, ১৯ জন বেসামরিক প্রশাসন কর্মকর্তা, ৫১৫ জন পুলিশ কর্মকর্তা ও সদস্য, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাসহ বিবিধ ১২ জন ও ৫১ জন পরিবার-পরিজন (স্ত্রী ও শিশুসহ) সর্বমোট ৬২৬ জনকে বিভিন্ন সেনানিবাসে আশ্রয় দেওয়া হয়েছিলো। বিচার বহির্ভূত হত্যাকাণ্ডরোধ, আইনের শাসন এবং জীবন রক্ষার লক্ষ্যে অনেককে সেনানিবাসে আশ্রয় দেওয়া হয়। সেনাবাহিনী ওই সকল ব্যক্তিদের নাম প্রকাশ করেছে।

উপদেষ্টা পরিষদের সাপ্তাহিক বৈঠক শেষে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবসহ সরকারি কর্মকর্তারা সভাস্থল ত্যাগ করেন। এরপর উপদেষ্টা পরিষদের সদস্যরা অনানুষ্ঠানিক বৈঠক শুরু করেন। এই বৈঠক চলে প্রায় চার ঘণ্টা। বৈঠকের এক পর্যায়ে উপদেষ্টাদের উদ্দেশে ড. ইউনূস বলেন, 'আমি সিদ্ধান্ত নিয়েছি জাতির উদ্দেশে ভাষণ দিয়ে আজকেই (বৃহস্পতিবার) পদত্যাগ করব। এই জঞ্জালের দায় আর নিতে চাই না। ইতোমধ্যে যেসব ঘটনা ঘটেছে, সবকিছুর পেছনে রাজনৈতিক ইন্ধন আছে। একাধিক উপদেষ্টা বৈঠকে একটি দলের কথা উল্লেখ করে বলেন-নির্বাচন কমিশনার, পুলিশ সুপার (এসপি) এবং জেলা প্রশাসক (ডিসি)সহ প্রশাসনের অধিকাংশ লোকই তাদের। এ অবস্থায় নির্বাচন দিলে তা হবে একটি সাজানো নির্বাচন। এই সাজানো নির্বাচনের দায় আমরা কেন নেব? এরপর জাতির উদ্দেশে প্রধান উপদেষ্টার ভাষণের স্ক্রিপ্ট লেখা ও তা রেকর্ড করার আয়োজন শুরু হয়। তবে শেষ পর্যন্ত দু-একজন সিনিয়র উপদেষ্টা আরও দু-একদিন দেখার অনুরোধ করেন। আগামী শনিবার উপদেষ্টা পরিষদের একটি বৈঠক হওয়ার বিষয়ে আলোচনা রয়েছে।

সাম্প্রতিক কয়েকটি ঘটনায় রাজপথে পৃথক কর্মসূচি পালন করছে বিএনপি ও এনসিপি। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র হিসাবে বিএনপি নেতা ইশরাক হোসেনের শপথ পড়ানোর দাবিতে তার নেতাকর্মীরা আন্দোলন করে আসছেন কয়েকদিন ধরে। তারা সরকারের ছাত্র প্রতিনিধি স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ও তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের পদত্যাগ দাবি করেন। যদিও বৃহস্পতিবার দুপুরে এ কর্মসূচি স্থগিত করা হয়। এদিকে দুপুরে নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা খলিলুর রহমানের পদত্যাগ দাবি করে বিএনপি। অপরদিকে এনসিপি নির্বাচন কমিশন পুনর্গঠন ও জাতীয় সংসদের আগে স্থানীয় সরকার নির্বাচনের দাবিতে বুধবার নির্বাচন কমিশন এবং বৃহস্পতিবার রাজধানীর যাত্রাবাড়িতে বিক্ষোভ কর্মসূচি পালন করে। দলটি আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল, অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ও পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদকে বিএনপিপন্থি আখ্যায়িত করে তাদের পদত্যাগে বাধ্য করার হুঁশিয়ারি দেন। এমন পরিস্থিতির মধ্যে বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদ এ বৈঠক করল।

এদিকে পরিবর্তিত পরিস্থিতিতে বৃহস্পতিবার বিকাল থেকে রাত পর্যন্ত তথ্য উপদেষ্টা মাহফুজ আলম ও এনসিপির মুখ্য সমন্বয়ক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ পৃথক পৃথক ফেসবুক পোস্টে জুলাই ফ্যাসিবাদবিরোধী শক্তির ঐক্যের আহ্বান জানান। তথ্য উপদেষ্টা মাহফুজ আলম তার আগের বক্তব্যের শব্দ এবং বক্তব্যের যে অংশ বিভাজনমূলক ছিল, সে বিষয়ে দুঃখ প্রকাশ করেন। বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে 'ব্যক্তির আদর্শ, সম্মান ও আবেগের চেয়ে দেশ বড়' শিরোনামে এক পোস্টে তিনি এ কথা উল্লেখ করেন।

ফেসবুক পোস্টে মাহফুজ আলম লেখেন, 'দেশপ্রেমিক শক্তির ঐক্য অনিবার্য। আগেকার যে কোনো বক্তব্য ও শব্দচয়ন, যা বিভাজনমূলক ছিল, সেগুলোর জন্য আমি আন্তরিকভাবে দুঃখিত। সরকারে আর একদিনও থাকলে অভ্যুত্থানের সব শক্তির প্রতি সম্মান ও সংবেদনশীলতা রেখে কাজ করতে চাই।' তিনি আরও লেখেন, 'পুরাতন বন্দোবস্তের বিভেদকারী স্লোগান ও তকমাবাজি, যা বৃহত্তর জনগোষ্ঠীকে হত্যাযোগ্য করে তোলে, সেগুলো পরিহার করলেই আশা করি ভবিষ্যৎ রাষ্ট্র গণতান্ত্রিক ও অন্তর্ভুক্তিমূলক হবে।'

হাসনাত আবদুল্লাহ তার ফেসবুক পোস্টে ফ্যাসিবাদবিরোধী সব শক্তিকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। তিনি লেখেন, যে বিভাজনটা অপ্রত্যাশিতভাবে আমাদের মধ্যে এসেছিল, সেই বিভাজনকে দেশ ও জাতির স্বার্থে মিটিয়ে ফেলতে হবে। এ দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার জন্য এবং পতিত ফ্যাসিবাদীদের নগ্ন দেশবিরোধী ষড়যন্ত্র থেকে মুক্তির জন্য আমাদের ঐক্যবদ্ধ হতে হবে।

প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাতের পর নাহিদ ইসলামের বক্তব্য পাওয়া যায়নি। এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও রাজনৈতিক লিয়াজোঁ কমিটির প্রধান আরিফুল ইসলাম আদীব বলেন, বর্তমান পরিস্থিতি নিয়ে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেছেন। সন্ধ্যা ৭টায় প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় তাদের সাক্ষাৎকালে বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। প্রধান উপদেষ্টা বর্তমান পরিস্থিতিতে কাজ চালিয়ে যাওয়ার বিষয়টি পুনর্বিবেচনা করতে চান। আলোচনায় নাহিদ ইসলাম এমন সিদ্ধান্ত গ্রহণের আগে জুলাই অভ্যুত্থানের আকাঙ্ক্ষা, দেশের নিরাপত্তা, সার্বভৌমত্ব ও জাতীয় ঐক্যের বিষয়ে ভেবে দেখার আহ্বান জানান।

## সিডিপ্যাপ নিয়ে নতুন বিল

১ পৃষ্ঠার পর

একমাত্র প্রতিষ্ঠান পাবলিক পার্টনারশিপ এলএলসি (পিপিএল)-এর হাতে রয়েছে। গত ১ এপ্রিল থেকে পিপিএল কর্মসূচিটির পূর্ণ নিয়ন্ত্রণ নেওয়ার পর থেকেই এতে নানা সমস্যা দেখা যায়। ফলে নতুন এই প্রস্তাব আনা হয়েছে। বিলটির পেছনে রয়েছেন স্টেট সিনেট স্বাস্থ্য কমিটির চেয়ার গুস্তাভো রিভেরা এবং অ্যাসেম্বলি স্বাস্থ্য কমিটির চেয়ার অ্যামি পলিন।

প্রস্তাবিত আইন অনুযায়ী, 'ফিসকাল ইন্টারমিডিয়ারি' নামে কিছু প্রতিষ্ঠান তৈরি করা হবে। এসব প্রতিষ্ঠান স্টেট হেলথ ডিভিশন থেকে অনুমোদন নিয়ে সিডিপেপ ব্যবস্থাপনার দায়িত্বে সম্পৃক্ত হতে পারবে। যা সেবাগ্রহীতাদের পছন্দের প্রতিষ্ঠান বেছে নেওয়ার সুযোগ তৈরি করবে।

সিনেটর রিভেরা বিবৃতিতে বলেন, সিঙ্গেল এফআই-তে রূপান্তরের ফলে যে বিশৃঙ্খলা তৈরি হয়েছে, তা মোকাবিলায় সব বিকল্প বিবেচনা করে বিলটি নেয়া হয়েছে। কারণ প্রায় এক মাস পার হলেও পিপিএলের ৯৯ হাজার কর্মী একটি বেতনও পায়নি। আবার অগণিত প্রতিবন্ধী ও বয়স্ক মানুষ পরিচর্যার বাইরে রয়ে গেছেন। এমনও শোনা যাচ্ছে, কেউ কেউ ভাড়া দিতে না পেরে গাড়িতে ঘুমানোর পরিকল্পনা করছেন। অভিযোগ রয়েছে বেতন না পেয়ে অনেক ব্যক্তিগত সহকারী (পার্সোনাল এসিস্ট্যান্ট) অন্য পেশায় কাজ খুঁজে নিয়েছেন। এদিকে, স্টেট গভর্নর ক্যাথি হোকুলের অফিস বলছে,এই নতুন আইন বাস্তবতাকে উপেক্ষা করছে।' তবে স্টেট গভর্নর ক্যাথি হোকুলের মুখপাত্র স্যাম স্পোকনি বলেন, পুরনো সিডিপ্যাপ ব্যবস্থায় শত শত এফআইয়ের মাধ্যমে বিপুল প্রশাসনিক অপচয় ও জালিয়াতি হতো, যা এই কর্মসূচিকে বিপদে ফেলে দিয়েছিল। সিঙ্গেল এফআই ব্যবস্থায় এই অপচয় বন্ধ করা গেছে। তাই এটি এখন আরও কার্যকর ও সাশ্রয়ী হচ্ছে।

যদিও পিপিএল দাবি করেছে, ১ এপ্রিল থেকে ১ লাখ ৯৬ হাজার জন ব্যক্তিগত সহকারীকে বেতন বাবদ ৬১১ মিলিয়নের বেশি অর্থ দেওয়া হয়েছে। সেন্ট আইন প্রণেতারা বলছে, নতুন বিলটির মাধ্যমে ছোট পরিসরে কাজ করার অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো পুনরায় সিডিপ্যাপ পরিচালনায় অংশ নিতে পারবে। যা গ্রাহকদের পছন্দ ও সেবার মান বৃদ্ধি করবে। বিলটির প্রতি বিলটির ডেমোক্র্যাট ও রিপাবলিকান দুই দলেরই সমর্থন রয়েছে।

অ্যাসেম্বলি স্বাস্থ্য কমিটির রিপাবলিকান সদস্য জোশ জেনসেন বলেন, এই বিলের প্রবর্তন দেখে আশাবাদী হচ্ছি। রূপান্তরের পূর্ব ও পরবর্তী নানা সমস্যা বিবেচনায় এনে সব পক্ষের অংশগ্রহণ নিশ্চিত করে এই প্রক্রিয়া আরও দক্ষ ও কার্যকর করতে হবে। নিউইয়র্ক স্টেট সিনেটের চলতি বছরের অধিবেশন শেষ হবে আগামী ১২ জুন এবং অ্যাসেম্বলি অধিবেশন শেষ হবে ১৭ জুন। এই সময়ের মধ্যেই বিলটি নিয়ে আলোচনার অগ্রগতি এবং সম্ভবত ভোট অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

## শাহ নেওয়াজ লায়ন্স ক্লাবের সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত

১ পৃষ্ঠার পর

সোসাইটির ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ও গোল্ডেন এজ হোম কেয়ারেরও প্রেসিডেন্ট। গত রোববার ১৮ মে লায়ন্স ডিস্ট্রিক্ট ২০-আর ৩ নির্বাচনে গভর্নর ও দ্বিতীয় ভাইস গভর্নর পদে নির্বাচিত হয়েছেন আসেক বারী টুটুল ও শাহ নেওয়াজ। নায়াগ্রা ফলস কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত নির্বাচন শেষে এ ফলাফল ঘোষণা করা হয়। বিশেষ করে, বিজয়ী শাহ নেওয়াজের নাম ঘোষণা করা হলে উপস্থিত বাংলাদেশি লায়নরা করতালি দিয়ে অভিনন্দন জানান। আসেক বারীর স্ত্রী বুলবুল হাসিনা বারী ও শাহ নেওয়াজের সহধর্মিনী রানো নেওয়াজ মঞ্চে গিয়ে তাদের অভিনন্দন জানান। একে একে প্রবাসী বাংলাদেশি লায়ন্স ক্লাব সদস্যরা বাংলাদেশি ২ নেতাকে ফুল দিয়ে অভিনন্দন জানায়। অনুষ্ঠানটি পরিণত হয় বাংলাদেশময়। গত ১৬ মে নায়াগ্রা ফলসের কনভেনশন সেন্টারে ৩ দিন ব্যাপী লায়ন্সদের সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের প্রায় ৪০ জন সদস্য অংশ নেন। নায়াগ্রা ফলসে বসেছিল বাংলাদেশি লায়নদের মিলনমেলা। নিউইয়র্ক ডিস্ট্রিক্ট লায়নদের কনভেনশনকে কেন্দ্র করে বাংলাদেশি আমেরিকান লায়নদের ব্যাপক উপস্থিতিতে এক উৎসব মুখর পরিবেশ তৈরি করে। নায়াগ্রা ফলস্ শেরাটন হোটেল বাংলাদেশিদের পদভারে ছিল মুখরিত। শুক্রবার ১৬ মে আনুষ্ঠানিকভাবে এ কনভেনশনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। নিউইয়র্কের লায়ন ডিস্ট্রিক্ট ২০ আর ৩ এর ৪৮টি ক্লাব এতে অংশ নেয়। শেরাটন হোটেল ও কনভেনশন সেন্টারজুড়ে বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাপ্তাহিক আজকালের সম্পাদক লায়ন শাহ নেওয়াজের বড় বড় নির্বাচনী পোস্টার শোভা পায় গত ৩ দিন। মূলত শাহ নেওয়াজের প্রচার ও প্রচারণার কারণেই নির্বাচনী আমেজ তৈরি হয়। অন্যান্য জোন ক্লাবের প্রার্থীদের পোস্টার শোভা পেলেও তা হাতে গোনা কয়েকটি। হোটেলের লবিতে শাহ নেওয়াজের ৩টি বিশাল আকৃতির ছবি শোভা পাচ্ছিল। হোটেলে ঢুকলেই মনে হতো জীবন্ত শাহ নেওয়াজ দাঁড়িয়ে আছেন। আসেক বারীর টুটুলের ২টি প্রতিকৃতিও লবিতে শোভা পায়।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# প্রাণের শহর প্রেমের মদিনা

মাওলানা তোফায়েল গাজালি



মুমিন হৃদয়ের গভীরতম ভালোবাসার প্রতীক মদিনা। এখানে শুয়ে আছেন প্রিয় নবী মুহাম্মাদ রাসুলুল্লাহ (সা.)। তার কারণেই এ শহর হয়ে উঠেছে প্রেমের মদিনা, প্রাণের মদিনা। মদিনার প্রতিটি অলিগলি, প্রতিটি ধূলিকণা যেন নবীর স্মৃতিতে পূর্ণ। এ শহরের বাতাসে মিশে আছে নবীজির সুবাস। যা মুমিনদের হৃদয়ে এনে দেয় প্রশান্তি ও উচ্ছ্বাস। কবি কাজী নজরুল ইসলাম তার কবিতায় লিখেছেন-

'ওহে মোর সোনার মদিনা,
তুমি আমার খোদার কাছে সারা জীবনের পাওনা।
আর কিছু পাইবা না পাই, তোমার ধুলা চাই,
তোমার ধুলা গায়ে মেখে পাপ মুছিতে চাই।'

মদিনা আমাদের আত্মার প্রশান্তি, আমাদের ভালোবাসার কেন্দ্র। আল্লাহতায়ালা কুরআনুল কারিমে এ পবিত্র ভূমিকে অসংখ্য নামে সম্বোধন করেছেন। 'আরদুল্লাহ' অর্থাৎ আল্লাহর ভূমি, 'আরদুল হিজর' অর্থাৎ হিজরতের ভূমি। এই নামগুলো মদিনার মর্যাদা ও তাৎপর্যের সাক্ষী। দুনিয়ার বুকে মদিনা মুনাওয়ারার মতো এত অধিক নামবিশিষ্ট আর কোনো জনপদ নেই। যদিও হজের রুকন হিসাবে মদিনার জিয়ারত ফরজ নয়, তবুও মদিনার প্রতি মুমিনের গভীর প্রেম তাকে জিয়ারতের জন্য অনুরক্ত করে, এমনকি পাগলপারা আত্মহারায় পরিণত হয়। যুগে যুগে প্রিয় নবী (সা.)-এর আশেক বান্দারা এ ভালোবাসার স্বাক্ষর রেখেছেন। হজরত ইমাম মালিক (রহ.) মদিনাকে দুনিয়ার সব শহরের সেরা ও সর্বোত্তম শহর বলে অভিহিত করেছেন। শুধু তাই নয়, তিনি মদিনায় মৃত্যুকামনায় সমগ্র জীবনে একবার মাত্র হজ সম্পাদন করেন। এ শহর পবিত্র নবীর পবিত্র চরণের আশীর্বাদে ধন্য হয়ে প্রতিটি অলিগলি তার সুবাস মিশে আছে। এখানকার বাতাসে তার শ্বাস-প্রশ্বাসের কোমল ছোঁয়া বিরাজমান। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, 'মদিনার প্রবেশপথে ফেরেশতারা ↘ এরপর ৩৯ পৃষ্ঠায়

## কুরবানির প্রস্তুতি নিন

ড. মুহাম্মদ আতিকুর রহমান

আল্লাহ রাব্বুল আলামিন মানুষকে পৃথিবীতে আশরাফুল মাখলুকাত হিসাবে সৃষ্টি করেছেন। সৃষ্টির সেরা জীব হিসাবে তাদের দায়িত্ব প্রবৃত্তির তাড়না, সামাজিক কুপ্রথা ও অন্ধ অনুকরণ পরিহার করে স্রষ্টার প্রতি পরিপূর্ণ আত্মসমর্পণ ও আনুগত্য প্রকাশ করা। মহাগ্রন্থ আল-কুরআনে কুরবানির বিভিন্ন ঘটনার মাধ্যমে আল্লাহর প্রতি আনুগত্য ও আত্মসমর্পণের শিক্ষা বর্ণিত হয়েছে। আল্লাহ রাব্বুল আলামিন প্রত্যেক জাতির জন্য কুরবানির বিধান নির্ধারণ করেছেন। মানুষ এর মাধ্যমে হিংসা, বিদ্বেষ, লোভ-লালসা ও প্রবৃত্তিকে দমন করতে পারে। তার প্রতি পরিপূর্ণ আত্মসমর্পণকারী ও আনুগত্য প্রকাশ করতে পারে। এ প্রসঙ্গে আল্লাহ রাব্বুল আলামিন বলেন, 'প্রত্যেক জাতির জন্য আমি কুরবানি নির্ধারণ করেছি, যাতে তারা আল্লাহর দেওয়া চতুষ্পদ জন্তু জবাই করার সময় আল্লাহর নাম উচ্চারণ করে। অতএব, তোমাদের আল্লাহ তো একমাত্র আল্লাহ, তারই কাছে আত্মসমর্পণ কর এবং অনুগতদের সুসংবাদ দাও' (সূরা আল হজ, ৩৪)। আল-কুরআনে পশু জবাইয়ের সময় 'বিসমিল্লাহ' বলার মাধ্যমে সৃষ্টিকর্তা ও বিধানদাতা হিসাবে আল্লাহর স্বীকৃতি প্রদান ও পরিপূর্ণ আত্মসমর্পণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

হজরত ইবরাহিম (আ.) ও তার পুত্র ইসমাঈল (আ.)-এর আত্মত্যাগ স্মরণ করে আল্লাহ রাব্বুল আলামিন মানুষকে পশু কুরবানির বিধান দিয়েছেন। এ কুরবানির মাধ্যমে পিতা-পুত্র উভয়েই আল্লাহর আদেশের প্রতি পূর্ণ আত্মসমর্পণ, আনুগত্য, ও ধৈর্যশীলতার সুস্পষ্ট কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দৃষ্টান্ত স্থাপন করেন। এ প্রসঙ্গে আল-কুরআনে ইরশাদ হয়েছে, 'অতঃপর যখন তার ছেলে তার সঙ্গে চলাফেরা করার মতো বয়সে উপনীত হলো তখন ইবরাহিম বলল, হে ↘ এরপর ৩৯ পৃষ্ঠায়



## অপচয় রোধে কোরআনের নির্দেশনা

মাইমুনা আক্তার

অপচয় অর্থনৈতিক মন্দার অন্যতম একটি কারণ। ব্যক্তি পর্যায়ের ক্ষুদ্র ক্ষুদ্র অপচয় হিসাব করলে দেখা যায়, তা জাতীয় পর্যায়ে বড় ধরনের প্রভাব ফেলছে। মানুষের জন্য অভাব আর অসচ্ছলতা ডেকে আনছে। ইসলামের দৃষ্টিতে অপচয় করা নিন্দনীয় কাজ। মহান আল্লাহ তাঁর প্রিয় বান্দাদের পবিত্র কোরআন ও হাদিসের অসংখ্য স্থানে অপচয় করতে নিষেধ করেছেন। এক আয়াতে আল্লাহ তাআলা ইরশাদ করেন, 'হে আদম সন্তান, প্রত্যেক নামাজের সময় তোমরা সুন্দর পোশাক গ্রহণ করো। আর পানাহার করো; কিন্তু অপচয় কোরো না। নিশ্চয় তিনি অপচয়কারীদের পছন্দ করেন না।' (*সুরা : আরাফ, আয়াত : ৩১*)। আমরা প্রতিদিন ঘরে কিংবা রেস্তোরাঁয় যে খাবার অপচয় করি, তা আমাদের কাছে খুবই হালকা বিষয় মনে হয়। কিন্তু এ নিয়ে প্রকাশিত পরিসংখ্যানগুলো দেখলে বোঝা যায় যে আমরা আসলে কত বড় ভুল করছি। আল্লাহর দেওয়া রিজিক আমরা কিভাবে নষ্ট করছি। জাতিসংঘের পরিবেশবিষয়ক সংস্থা ইউনেপ ২০২১ সালে ফুড ওয়েস্ট ইনডেক্স নামে রিপোর্টে বলা হয়েছে, বাংলাদেশে বছরে এক কোটি ছয় লাখ টন খাদ্য অপচয় হয়।



মাথাপিছু খাদ্য অপচয়ের হারও বাংলাদেশে বেশি। ইউনেপের ওই ইনডেক্স অনুযায়ী একজন বাংলাদেশি বছরে ৬৫ কেজি খাদ্যোপাদান কিংবা তৈরি খাদ্য নষ্ট করে। (বিবিসি)

উল্লিখিত খাবারের বাজারমূল্য হিসাব করলেও দেখা যাবে, আমরা প্রতিবছর কী পরিমাণ সম্পদ অপচয় করছি। এভাবে অপচয় করা কি আল্লাহর নিয়ামতের অবহেলা নয়? আর আল্লাহ বলেছেন, যারা আল্লাহর নিয়ামতের শুকরিয়া আদায় করবে না, তিনি তাদের নিয়ামত সংকীর্ণ করে দেবেন। (*সুরা : ইবরাহিম, আয়াত : ৭*)। তবে এর মানে এই নয় যে অপচয় রোধ করতে গিয়ে কৃপণতা অবলম্বন করবে। মহান আল্লাহ কৃপণদের পছন্দ করেন না। অপচয় ত্যাগ করার অর্থ হলো মধ্যপন্থা অবলম্বন করা। এ ব্যাপারে মহান আল্লাহ বলেন, 'তুমি একেবারে ব্যয়কুণ্ঠ হয়ো না, আর একেবারে মুক্তহস্তও হয়ো না, তাহলে তুমি তিরস্কৃত, নিঃস্ব হয়ে বসে থাকবে।' (*সুরা : বনি ইসরাঈল, আয়াত : ২৯*)।

বিষয়টি হাদিস শরিফে এভাবে এসেছে, পানাহার করো, সদকা করো আর পোশাক পরিধান করো, ↘ এরপর ৩৯ পৃষ্ঠায়



## নামাজের গুরুত্ব ও সৌন্দর্য

আবরার নাঈম

ইমানের পর সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত নামাজ। কুরআনের বিরাশি জায়গায় নামাজের কথা উল্লেখ করা হয়েছে। কোথাও উল্লেখ করা হয়েছে নামাজ ত্যাগকারী জন্য কঠিন হুঁশিয়ারি আবার কোথাও উল্লেখ করা হয়েছে নামাজের প্রতি যত্নশীলদের প্রসংশা ও পুরস্কার। নামাজ হচ্ছে ইমান ও কুফরির মাঝে পার্থক্য সৃষ্টিকারী। হাদিস শরিফে রাসূল (সা.) ইরশাদ করেন, বুরায়দা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন : রাসূল (সা.) বলেছেন, আমাদের এবং কাফিরদের মধ্যে পার্থক্যকারী আমল হলো সালাত। যে সালাত ছেড়ে দিল সে কুফরি করল (*সুনানে নাসায়ী, ৪৬৩*)। অন্য হাদিসে হজরত জাবির (রা.) থেকে বর্ণিত নবি (সা.) বলেছেন, কুফর ও ইমানের মধ্যে পার্থক্য হলো নামাজ ত্যাগ করা (*তিরমিজি, ২৬১৮*)।

নামাজ তরককারীরা সাকার নামক জাহান্নামে যাবে। কিয়ামত দিবসে বিচারকার্য সমাপ্ত হওয়ার পর নেককাররা জান্নাতে আর অপরাধীরা জাহান্নামে চলে যাবে। তখন জান্নাতিদের একে অপরকে ↘ এরপর ৩৯ পৃষ্ঠায়

### নামাজের সময় সূচি Prayer Times For New York City মে ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৪ | ৩:৫৭ | ৫:৩১ | ১২:৫৩ | ৪:৫১ | ৮:১৫ | ০৯:৪৯ |
| ২৫ | ৩:৫৬ | ৫:৩১ | ১২:৫৩ | ৪:৫১ | ৮:১৬ | ০৯:৫০ |
| ২৬ | ৩:৫৫ | ৫:৩০ | ১২:৫৩ | ৪:৫১ | ৮:১৭ | ০৯:৫১ |
| ২৭ | ৩:৫৪ | ৫:২৯ | ১২:৫৩ | ৪:৫২ | ৮:১৭ | ০৯:৫৩ |
| ২৮ | ৩:৫৩ | ৫:২৯ | ১২:৫৩ | ৪:৫২ | ৮:১৮ | ০৯:৫৪ |
| ২৯ | ৩:৫৩ | ৫:২৮ | ১২:৫৩ | ৪:৫২ | ৮:১৯ | ০৯:৫৫ |
| ৩০ | ৩:৫২ | ৫:২৮ | ১২:৫৪ | ৪:৫৩ | ৮:২০ | ০৯:৫৬ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## ভয়ঙ্কর ক্ষেপণাস্ত্র 'গোল্ডেন ডোম' যুক্তরাষ্ট্রে

৬২ পৃষ্ঠার পর

সিস্টেমটি চীন ও রাশিয়ার মতো দেশের হুমকি থেকে যুক্তরাষ্ট্রকে সুরক্ষা দিতে নিখুঁতভাবে সাহায্য করবে।

ট্রাম্পের নতুন এ প্রতিরক্ষা প্রকল্পটি মূলত মহাকাশে থাকা স্যাটেলাইট ব্যবহার করে যুক্তরাষ্ট্রকে ক্ষেপণাস্ত্র হামলা থেকে সুরক্ষিত রাখার জন্য বিশেষভাবে তৈরি করা হয়েছে। ওভাল অফিস থেকে ট্রাম্প বলেন, 'গোল্ডেন ডোম' আমাদের মাতৃভূমিকে সুরক্ষা দেবে এবং কানাডাও এরই মধ্যে এতে অংশ নিতে আগ্রহ প্রকাশ করেছে।

গত জানুয়ারিতেই ট্রাম্প এই প্রকল্পের নির্দেশ দেন। 'গোল্ডেন ডোমে'র লক্ষ্য হচ্ছে একটি স্যাটেলাইট নেটওয়ার্ক তৈরি করা, যা আসন্ন ক্ষেপণাস্ত্র শনাক্ত, অনুসরণ এবং সম্ভব হলে বাধা দিতে পারবে। তবে, যুক্তরাষ্ট্রের বিশ্লেষকদের ধারণা ১৭৫ বিলিয়ন ডলারের এই প্রকল্প বাস্তবায়নে ৩ বছর লাগবে।

## যুক্তরাষ্ট্রের ১২ অঙ্গরাজ্য শুল্ক নীতিকে চ্যালেঞ্জ জানিয়ে আদালতে

৬২ পৃষ্ঠার পর

লঙ্ঘন করেছেন ট্রাম্প। এছাড়া যেসব দেশ যুক্তরাষ্ট্র থেকে আমদানির চেয়ে অধিক রপ্তানি করে তাদের ওপর সীমাহীন শুল্ক আরোপ করা হয়েছে বলেও যুক্তি দিয়েছে তারা। এতে বলা হয়, নিউ ইয়র্ক, ইলিনয়, ওরেগনসহ আরও নয়টি রাজ্যের ডেমোক্রেটিক অ্যাটর্নি জেনারেলদের করা মামলার যুক্তি শুনেন ম্যানহাটন-ভিত্তিক আন্তর্জাতিক বাণিজ্য আদালতের তিন বিচারকের একটি প্যানেল। মামলাকারীদের দাবি রিপাবলিকান প্রেসিডেন্ট 'নিজের ইচ্ছামতো' বাণিজ্য নিয়ন্ত্রণের লক্ষ্যে এমন পদক্ষেপ নিয়েছেন। রাজ্যগুলোর দাবি, অতিরিক্ত শুল্ক আরোপের ন্যায্যতা প্রমাণের জন্য ইন্টারন্যাশনাল ইমার্জেন্সি ইকোনোমিক পাওয়ারস অ্যাক্টের ভুল ব্যাখ্যা করেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। মূলত যুক্তরাষ্ট্রের জন্য 'অস্বাভাবিক এবং অসামান্য' হুমকি মোকাবিলার জন্যই এ আইনটি তৈরি করা হয়েছে। ট্রাম্প বলেছেন, রপ্তানির চেয়ে বেশি আমদানির দীর্ঘ ইতিহাস যুক্তরাষ্ট্রের জন্য জাতীয় জরুরি অবস্থা যা মার্কিন শিল্প খাতকে ক্ষতিগ্রস্ত করছে। কিন্তু রাজ্যগুলো যুক্তি দিয়েছে মার্কিন বাণিজ্য ঘাটতি কোনো 'জরুরি অবস্থা' নয়। এর আগে পাঁচটি ক্ষুদ্র ব্যবসায়িক ইস্যুতে যুক্তি-তর্ক শুনেছেন বিশেষ এই আদালত। আশা করা হচ্ছে এ সপ্তাহে এর ওপর রায় প্রদান করা হবে।

## নিউইয়র্ক মহানগর (দঃ) বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি সোহরাব

৬২ পৃষ্ঠার পর

তিনি ত্যাগ করেন। উল্লেখ্য হাবিবুর রহমান সেলিম রেজা আগামী জাতীয় সংসদ নির্বাচনে ঝালকাঠি-১ আসনে বিএনপির একজন মনোনয়ন প্রত্যাশী। তিনি এক মাস বাংলাদেশে অবস্থান করে নিজ এলাকায় রাজনৈতিক বিভিন্ন কর্মসূচি পালনসহ গণসংযোগে ব্যস্ত সময় কাটাবেন। তার সাময়িক অনুপস্থিতিতে নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ সোহরাব হোসেন। তিনি সহ-সভাপতি হিসেবে বর্তমান কমিটিতে সুনামের সাথে দায়িত্ব পালন করছেন।

## ইউক্রেন যুদ্ধ নিয়ে ট্রাম্প-পুতিন সরাসরি বৈঠক আসন্ন!

৬২ পৃষ্ঠার পর

[illegible]। ১৫ মে কাতার থেকে সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) যাওয়ার পথে তিনি এ কথা বলেন।

ট্রাম্প বলেন, 'দেখুন, পুতিন আর আমি একত্রে মিলিত না হওয়া পর্যন্ত কিছুই ঘটবে না। ঠিক আছে? এবং অবশ্যই পুতিন যাবেন না। তিনি যাবেন, কিন্তু তিনি ভেবেছিলেন যে আমি যাব'। মার্কিন প্রেসিডেন্ট আরও বলেন, 'আমি যদি সেখানে না থাকি তাহলে তিনি যাবেন না। আমি বিশ্বাস করি না যে কিছু ঘটবে যতক্ষণ পর্যন্ত তিনি ও আমি একসাথে বসি। আপনি পছন্দ করুন বা না করুন আমাদের এটা সমাধান করতে হবে কারণ অনেক মানুষ মারা যাচ্ছে।'

প্রসঙ্গত, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপে সবচেয়ে রক্তক্ষয়ী সংঘাত থামাতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবিলম্বে পুতিনের সরাসরি আলোচনার জন্য প্রকাশ্যে চাপ দেওয়ার পর বৈঠকে বসতে সম্মত হয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। তবে ইস্তাম্বুলে অনুষ্ঠিতব্য আলোচনায় পুতিন অংশ নেবেন বলে নিশ্চিত করেছে ক্রেমলিন। ক্রেমলিনের বিবৃতিতে জানানো হয়েছে, প্রেসিডেন্ট পুতিনের সহকারী ভ্লাদিমির মেডিনস্কি এই শান্তি আলোচনায় রাশিয়ার প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন। এর আগে গত রোববার কোনো ধরনের পূর্বশর্ত ছাড়াই তুরস্কের বৃহত্তম শহরে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে সরাসরি আলোচনার আহ্বান জানান পুতিন। এরপরই জেলেনস্কি জানান, তিনি নিজে সেখানে যাবেন এবং রাশিয়ার প্রেসিডেন্টও সেখানে যাবেন বলে প্রত্যাশা করছেন। এছাড়া পুতিন যোগ দিলে উপস্থিত থাকার ইঙ্গিত দিয়েছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প।







## ট্রাম্পের সফর মধ্যপ্রাচ্যকে কতটা বদলে দেবে

১০ পৃষ্ঠার পর

পরিকল্পনা ও ফিলিস্তিনিদের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে আলোচনা করতে হতে পারে।

এই সম্ভাবনাগুলো ইতিমধ্যে ট্রাম্প ও নেতানিয়াহুর মধ্যে টানাপোড়েন তৈরি করছে। এবার মধ্যপ্রাচ্য সফরে ট্রাম্প ইসরায়েলে যাবেন না, আর নেতানিয়াহুও অনমনীয় মনোভাব দেখাচ্ছেন। কিন্তু যেহেতু রিপাবলিকান দলে ট্রাম্পের নিয়ন্ত্রণ একচেটিয়া, তাই হোয়াইট হাউস যদি ইসরায়েলের বিপক্ষে কিছু নীতির প্রস্তাব দেয়, তাহলে নেতানিয়াহুর হাতে বিকল্প তেমন থাকবে না। আর ট্রাম্প কিছু চাইলে তা পেতে চাপ প্রয়োগ করতে তিনি কুণ্ঠাবোধ করেন না-এটা বিশ্বের সব মিত্রদেশই ইতিমধ্যে জেনে গেছে।

আরন ডেভিড মিলার কার্নেগি এনডাউমেন্ট ফর ইন্টারন্যাশনাল পিস-এর একজন জ্যেষ্ঠ গবেষক এবং স্টিভেন সিমন ... কার্নেগি এনডাউমেন্ট ফর ইন্টারন্যাশনাল পিস-এর একজন জুনিয়র ফেলো

অনুবাদ: সারফুদ্দিন আহমেদ

## বন্দর পরিচালনা বিদেশিদের দেওয়া কতটা যৌক্তিক

১০ পৃষ্ঠার পর

ও অনিশ্চয়তা থাকে। যুক্তরাষ্ট্র ও চীন যেভাবে মালিকানা পরিবর্তন প্রভাবিত করতে পারে, অন্য দেশের পক্ষে তা সম্ভব না-ও হতে পারে। বন্দর পরিচালনার ভার বিদেশি কোম্পানিকে দেওয়ার ক্ষেত্রে এসব বিষয়ও বিবেচনার প্রয়োজন।

এ ছাড়া বিগত সরকারের আমলে পতেঙ্গা কনটেইনার টার্মিনাল বিদেশি কোম্পানির হাতে তুলে দেওয়ার অভিজ্ঞতাও উৎসাহজনক নয়। দেশে প্রথমবারের মতো চট্টগ্রাম বন্দরের একটি টার্মিনাল সৌদি আরবের প্রতিষ্ঠান রেড সি গেটওয়ে টার্মিনাল ইন্টারন্যাশনালকে (আরএসজিটিআই) পরিচালনার দায়িত্ব দেওয়া হয় ২০২৪ সালের জুনে। বন্দর কর্তৃপক্ষ ১ হাজার ৮৮৬ কোটি টাকা ব্যয় করে এই টার্মিনাল তৈরি করে। কথা ছিল, ২৪ কোটি মার্কিন ডলার বা ২ হাজার ৬৪০ কোটি টাকা বিনিয়োগ করে আগামী ২২ বছর আরএসজিটিআই টার্মিনালটি পরিচালনা করবে। বিনিময়ে বন্দর কর্তৃপক্ষ রাজস্ব পাবে বছরে ৩০০ কোটি টাকা।

## মেয়র হিসেবে ইশরাকের শপথে বাধা নেই

৬৪ পৃষ্ঠার পর

গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। আদালতের এই আদেশের ফলে মেয়র হিসেবে ইশরাক হোসেনের শপথ নিতে আর কোনো বাধা থাকলো না বলে জানিয়েছেন তার আইনজীবী ব্যারিস্টার কায়সার কামাল। এদিকে রিট খারিজের বিরুদ্ধে আপিল বিভাগে যাওয়ার কথা জানিয়েছেন রিটকারীর আইনজীবী জহিরুল ইসলাম মুসা। গতকালই হাইকোর্ট ইসি'র দেয়া গেজেটের বৈধতা নিয়ে রিট খারিজের আদেশ প্রকাশ করা হয়েছে। সন্ধ্যায় সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ৭ পৃষ্ঠার এ আদেশ প্রকাশ করা হয়।

আদেশ শুনতে নির্দিষ্ট সময়ের আগেই বিপুল সংখ্যক আইনজীবী এজলাসে উপস্থিত হন। ইসি'র গেজেট প্রকাশ বৈধ বলে কোর্ট অব দ্য অফিসার হিসেবে ইশরাক হোসেনের পক্ষে শুনানিতে অংশ নেন ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন ও ব্যারিস্টার কায়সার কামাল। তাদের সহযোগিতা করেন একেএম এহসানুর রহমান ও মাকসুদ উল্লাহ। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মাহফুজুর রহমান মিলন ও খান জিয়াউর রহমান। রিটকারীর পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ হোসাইন (লিপু)। তাকে সহযোগিতা করেন জহিরুল ইসলাম মুসা, হুমায়রা নূর ও সাকিব আহমেদ।

রিটের আদেশ ঘোষণার আগে বেঞ্চের জ্যেষ্ঠ বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী বলেন, আদেশের আগে আমার ব্রাদার জাজ কথা বলবেন। তিনিই আদেশ ঘোষণা করবেন। পরে বিচারপতি দেবাশীষ রায় চৌধুরী বলেন, বুধবার শুনানি শেষ হওয়ার পর কোনো একজন আদালতের বিষয়ে আক্রমণাত্মক মন্তব্য করেছেন। এটি আমাদের নজরে এসেছে। এসময় বেঞ্চের জ্যেষ্ঠ বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী বলেন, ক্লায়েন্ট আসবে-যাবে। বার-বেঞ্চ থাকবে। পরে বারের সভাপতি ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন বলেন, তৃতীয় পক্ষ বা অপরিচিত বা বিজ্ঞজন কেউ বললে বলতে পারে। তবে যেই বলুক তার পক্ষে ক্ষমা চাচ্ছি। এরপর বিচারপতি দেবাশীষ রায় চৌধুরী আদেশ ঘোষণা করেন।

যা বললেন খোকন-কায়সার: হাইকোর্টের আদেশের পর বিএনপি নেতা ইশরাক হোসেনকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র হিসেবে শপথ না দিলে আদালত অবমাননা হবে বলে মন্তব্য করেন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন।

## বাংলাদেশ-পাকিস্তান সিরিজে কমলো ম্যাচের সংখ্যা

৪৪ পৃষ্ঠার পর

খবর, একজন ছাড়া নাকি কেউই পাকিস্তান যেতে আপত্তি জানাননি। তবে তারাও একটি শর্ত রেখেছেন।

আগামী মাসের শুরুতেই ঈদুল আজহা। ক্রিকেটাররা চাইছেন তার আগে দেশে ফিরতে। পাকিস্তানের দেয়া পরিবর্তিত সূচিতে ৫ জুন শেষ হওয়ার কথা সিরিজ। কিন্তু ৬ জুন সকালে ইসলামাবাদ থেকে ঢাকায় কোনো ফ্লাইট নেই। তাই বোর্ডের কাছে ক্রিকেটাররা দাবি করেন বিশেষ বিমানের। আর সেটা না হলে সিরিজের সূচিতে পরিবর্তন আনার। খেলোয়াড়দের দাবি আমলে নিয়ে পিসিবিকে প্রস্তাব দেয় বিসিবি। আর সেই প্রস্তাবের ভিত্তিতেই এবার পরিবর্তন হলো সূচি।

## সিরিজ হেরে লজ্জার ২ বিশ্বরেকর্ড গড়ল বাংলাদেশ

৪৪ পৃষ্ঠার পর

বলেছেন, 'আমরা খুশি ইতিহাস গড়তে পেরেছি। এই সিরিজ আমাদের জন্য অনেক কিছু। ভবিষ্যতের জন্য এটা আমাদের অনেক সাহায্য করবে। ছেলেদের পারফরম্যান্সে ভীষণ সন্তুষ্ট। এ সময় আসিফ খান, আলিশান শারাফু, রাহুল চোপড়া ও হায়দার আলীদের প্রশংসায় ভাসান ওয়াসিম। যাদের সম্মিলিত প্রচেষ্টা দৃশ্যপট পাল্টে দিয়েছে।

সিরিজ জয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিল শেষ ম্যাচে শারাফু ও আসিফের মধ্যকার ৫১ বলে করা ৮৭ রানের অবিচ্ছিন্ন জুটি। ৪৭ বলে ৬৮ রানে অপরাজিত থেকে ম্যাচসেরা শারাফু চাপের মাঝেও স্থিরচিত্ত ছিলেন। তিনি ম্যাচের পর বলেছেন, 'পরিকল্পনা খুব সহজ ছিল। যত বেশি সম্ভব বল খেলা। শেষ পর্যন্ত সবকিছু ঠিকঠাক হয়েছে। মূলত আসিফ মাঠে আসার পর পরিকল্পনা ছিল স্কোরবোর্ড সচল রাখা এবং মাঝে মাঝে বাউন্ডারির খোঁজ করা।'

শুরুতে এটা ছিল দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। তৃতীয় ম্যাচটি সিরিজে যুক্ত হয় দুই বোর্ডের সম্মতিতে। শুরুতে বাংলাদেশ ১-০ তে এগিয়ে ছিল। কিন্তু সংযুক্ত আমিরাত ঘুরে দাঁড়িয়ে দ্বিতীয় ম্যাচ জিতে ফেলে। পরে তো ঠান্ডা মাথায় খেলে তৃতীয় ম্যাচ জিতে নিশ্চিত করেছে সিরিজ!

শারাফু বলেছেন, 'তৃতীয় ম্যাচটা ঘোষণার পর ড্রেসিং রুমে সবাই আশাবাদী ছিল যে, আমরা ২-১ ব্যবধানে সিরিজ জিততে পারবো। এরপর থেকে সব কিছুই আমাদের পক্ষে চলে আসে।'

## সিরিজ হারের পর যা বললেন লিটন

৪৪ পৃষ্ঠার পর

তবে স্বাগতিকদের আটকাতে এই রান যথেষ্ট ছিল না। ৭ উইকেট ও ৫ বল হাতে রেখেই জয়ের বন্দরে পৌঁছে যায় আরব আমিরাত। এনিয়ে দ্বিতীয়বার টেস্ট খেলুড়ি দলকে টি-টোয়েন্টি সিরিজ হারাল তারা। এর আগে ২০২১ সালে আয়ারল্যান্ডকে হারিয়েছিল তারা।

এদিকে বাংলাদেশের এই সিরিজ হারকে জীবনের অংশ হিসেবে দেখছেন লিটন। ম্যাচ শেষে তিনি বলেন, 'অবশ্যই আমরা যথেষ্ট ভালো ছিলাম না, এখানে এলে সবসময় ম্যাচ জেতার ভাবনা নিয়ে আসবেন আপনি। এগুলো আসলে জীবনেরই অংশ। যখন আপনি ক্রিকেট খেলবেন, মাঝেমধ্যে প্রতিপক্ষ অনেক ভালো খেলবে। ফলে তাদেরকেও (আমিরাতকেও) কৃতিত্ব দিতে হবে। ব্যাটিংয়ে আমরা কিছু ভুল করেছি। আজকে আমার মনে হয় আমরা পর্যাপ্ত ভালো রান পাইনি যেমনটা এই উইকেট, কন্ডিশনে ৩ ম্যাচ বিবেচনায় আমরা পেতে চেয়েছিলাম। পরে বল করায় শিশিরও একটা ব্যাপার হয়ে দাঁড়িয়েছিল।'

আমিরাতকে কৃতিত্ব দিয়ে লিটন বলেন, 'তারা আজকে সত্যিই দারুণ খেলেছে। শুরুর দিকে তারা বেশ ভালো বোলিং করায় আমরা বেশি রান করতে পারিনি। ব্যাটিংয়ে তাদের শিশির কিছুটা সাহায্য করেছে হয়ত। তবে তাদের কৃতিত্ব দিতেই হবে। তাদের মধ্যে যে ব্যাট করুক না কেন, কেউই ঘাবড়ে যায়নি।'

এনিয়ে দ্বিতীয়বার আইসিসির সহযোগী দেশের বিপক্ষে সিরিজ হারল বাংলাদেশ। গত বছর যুক্তরাষ্ট্রের কাছে টি-টোয়েন্টি সিরিজ হেরেছিল টাইগাররা।

## ১৭ থেকে ৭০ বছরের খরা তো ঘুচলো

৪৪ পৃষ্ঠার পর

শেষ হাসি হেসেছে স্পার্সরাই। তাতেই দীর্ঘ শিরোপাখরা কেটেছে তাদের। ক্যারিয়ারের প্রথম মেজর ট্রফির স্বাদ পেয়েছেন টটেনহ্যামের অধিনায়ক সন হিউং-মিন।

বুধবার (২১ মে) রাতে বিলবাওয়ের সান মামেসে ইউরোপা লিগের ফাইনালে ম্যানচেস্টার ইউনাইটেডকে ১-০ গোলে হারিয়েছে টটেনহ্যাম। ৪২ মিনিটে ব্রেনান জনসন ম্যাচের একমাত্র গোলটি করেন। ম্যান ইউনাইটেড অনেক চেষ্টা করেও এই গোল শোধ করতে পারেনি।

দীর্ঘ ১৭ বছর পর টটেনহ্যাম কোনো মেজর ট্রফির স্বাদ পেল। এর আগে সবশেষ ২০০৭-০৮ মৌসুমে ফুটবল লিগ কাপ জিতেছিল স্পার্সরা। আর উয়েফার কোনো শিরোপা জিতল ১৯৮৩-৮৪ সালের পর। সে বছর দ্বিতীয়বারের মতো উয়েফা কাপ উইনার্স কাপ জিতেছিল তারা।

চলতি মৌসুমটা ইংলিশ ফুটবলের জন্য বিশেষ এক বছর। টটেনহ্যাম ছাড়াও দীর্ঘ শিরোপা ঘুচিয়েছে বেশ কয়েকটি ইংলিশ ক্লাব। বছরের প্রথম শিরোপা ইংলিশ লিগ কাপ বা কারাবাও কাপ ঘরে তুলেছে নিউক্যাসল ইউনাইটেড। গত মার্চে ফাইনালে লিভারপুলকে ২-১ গোলে হারিয়ে দীর্ঘ ৭০ বছর পর কোনো মেজর শিরোপা ঘরে তোলে ম্যাগপাইরা।

এদিকে ১৮৬১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর এবারই প্রথম কোনো মেজর ট্রফি ঘরে তুলেছে প্রিমিয়ার লিগের আরেক ক্লাব ক্রিস্টাল প্যালেস। এফএ কাপের ফাইনালে ম্যানচেস্টার সিটিকে হারিয়ে ক্লাবের ইতিহাসের প্রথম ট্রফি জেতে দ্য ঈগলসরা।

মজার বিষয়, ইংলিশ লিগের এবারের শিরোপা জেতা প্রতিটা দলের লোগোতেই আছে কোনো না কোনো পাখি। প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়ন হওয়া লিভারপুলের লোগোতে আছে কাল্পনিক লিভার্স পাখি। টটেনহ্যামের লোগোতে মোরগ, নিউক্যাসলের ম্যাগপাই এবং ক্রিস্টাল প্যালেসের লোগোতে আছে ঈগল।

ঈগলের জয় হয়েছে নেদারল্যান্ডসেও। দীর্ঘ ৯১ বছর পর কোনো মেজর শিরোপা জিতেছে ডাচ লিগের দল গো আহেড ঈগলস। প্রথমবারের মতো জিতেছে ডাচ কাপ (রয়্যাল ডাচ ফুটবল অ্যাসোসিয়েশন কাপ)।

দীর্ঘ শিরোপাখরা ঘুচেছে ইতালির ক্লাব বোলোনিয়াও। এসি মিলানকে হারিয়ে তারা জিতেছে কোপা ইতালিয়া। যা গত ৫১ বছরের মধ্যে তাদের প্রথম মেজর ট্রফি।

ইউরোপের ফুটবলে এবার নাটকীয়তার তুঙ্গে। উয়েফা কনফারেন্স কাপের ফাইনালে উঠেছে চেলসি ও রিয়াল বেটিস। এদের মধ্যে চেলসি যদি শেষ পর্যন্ত চ্যাম্পিয়ন হয়, তবে প্রথম ক্লাব হিসেবে উয়েফার টি প্রতিযোগিতার শিরোপাই জেতার কীর্তি গড়বে তারা। আর বেটিস জিততে পারলে সেটা তাদের প্রথম ইউরোপীয় শিরোপা হবে।

এদিকে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে উঠেছে ইন্টার মিলান ও পিএসজি। মিউনিখের ফাইনালে জয় পেলে এটিই হবে পিএসজির প্রথম চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা। একই সঙ্গে ফ্রান্সের প্রথম ক্লাব হিসেবে ট্রেবল জয়ের কীর্তি গড়বে তারা।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com

# পররাষ্ট্র সচিবের দায়িত্ব পেলেন রুহুল আলম সিদ্দিক

৬৪ পৃষ্ঠার পর

সিনিয়র কূটনৈতিক মো. রুহুল আলম সিদ্দিককে নিযুক্ত করেছে। নতুন নোটিশ না দেওয়া পর্যন্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিবের নিয়মিত দায়িত্ব পালনের জন্য তাঁকে নিযুক্ত করা হয়েছে। রুহুল ১৩তম বিসিএস ক্যাডারের অফিসার। সর্বশেষ তিনি পাকিস্তানে হাইকমিশনার ও পর্তুগালে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি দিল্লী ও জার্মানীতে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন। প্রাক্তন পররাষ্ট্র সচিব জসিম উদ্দীন দায়িত্ব থেকে স্বেচ্ছায় সরে গেছেন। গত বুধবার পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন সাংবাদিকদের বলেন, পররাষ্ট্র সচিব জসিম উদ্দিন নিজের ইচ্ছায় পদত্যাগ করেছেন এবং তাকে পদ থেকে বঞ্চিত করা হয়নি। গত বছরের সেপ্টেম্বরে সরকার জসিম উদ্দিনকে ২৭তম পররাষ্ট্র সচিব হিসেবে নিয়োগ দেয়। কর্মজীবনের একজন কূটনীতিক, তিনি ১৯৯৪ সালে বিসিএসের ফরেন অ্যাফেয়ার্স ক্যাডারের ১৩ তম ব্যাচের মধ্যে বৈদেশিক পরিষেবাতে যোগ দিয়েছিলেন এবং দেশ ও বিদেশে ব্যাপকভাবে দায়িত্ব পালন করেছেন।
যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসাদ আলম সিয়াম পরবর্তী পররাষ্ট্র সচিব হতে যাচ্ছেন বলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা সূত্রে জানা গেছে।

# ইসরাইলের আবার বিমান ও ট্যাঙ্ক হামলায় নিহত ৫২

৩ পৃষ্ঠার পর

মঙ্গলবার গাজায় কয়েক ডজন মানবিক সহায়তা উপকরণ বোঝাই ট্রাক প্রবেশের অনুমতি দেয় ইসরাইল। তবে তা এখনো উপত্যকাটির অসহায় ফিলিস্তিনিদের কাছে পৌঁছায়নি। যদিও তেল আবিবের দাবি ১১ সপ্তাহের টানা অবরোধের পর এ পর্যন্ত ৯৩টি ত্রাণবাহী ট্রাক গাজায় পৌঁছেছে। আল জাজিরার সাংবাদিক তারেক আবু আজুম বলেন, ত্রাণবাহী ট্রাকগুলো শুধুমাত্র সামরিক ছাড়পত্র পেয়েছে। সেগুলো এখনও সীমান্ত অতিক্রম পার হতে পারেনি। গাজায় মাত্র পাঁচটি ট্রাক পৌঁছেছে বলে নিশ্চিত করেছেন তিনি। আবু আজুম বলেন, এটি গাজায় সাহায্য পৌঁছাতে বাধা দেয়ার লক্ষণ। গাজায় সহায়তা দিয়ে থাকে এমন গ্রুপগুলো বলছে, উপত্যকাটিতে যে পরিমাণ সহায়তা উপকরণ প্রবেশের অনুমতি দেয়া হয়েছে তা পর্যাপ্ত নয়। ডক্টরস উইদাউট বর্ডার্সের খান ইউনিসের জরুরি সমন্বয়কারী প্যাস্কেল কোইসার্ড বলেন, কয়েক মাসের অবরোধের পর এই সামান্য পরিমাণ ত্রাণ দিয়ে গাজাবাসীকে ক্ষুধার্ত রাখার অভিযোগ এড়ানোর চেষ্টা করছে ইসরাইল। গাজায় মানবিক সহায়তা তদারকিকারী ইসরাইলি সামরিক বাহিনীর তরফে বলা হয়, বুধবার সকালে ত্রাণবাহী ট্রাকগুলো গাজায় প্রবেশ করে। তবে সেগুলো বিতরণের জন্য গাজার আরও ভেতরে প্রবেশ করবে কিনা সে বিষয়ে স্পষ্ট কিছু বলা হয়নি।

# যে মেলায় প্রাণ খুঁজে পাই

১ পৃষ্ঠার পর

বৃহত্তর পরিসরে বাংলাদেশিদের, তিনটি মাত্র উৎসব রয়েছে যেগুলি সর্বোত্তমভাবে সর্বজনীন, যেগুলি আমাদের জাতীয় উৎসব। একুশে, নববর্ষ আর বইমেলা। বলতে দ্বিধা নেই, বইমেলাও দিনে দিনে আমাদের একটি জাতীয় উৎসবে পরিণত হয়েছে। নিউইয়র্কের জীবনেও এই তিনটি উৎসব প্রথম থেকেই পেয়েছি। পেয়েছি ক্ষুদ্রতর পরিসরে। যতদূর মনে পড়ে, ২০০২ সালে জ্যাকসন হাইটসের একটি স্কুল, আইএস ২৩০তে অনুষ্ঠিত বইমেলার আয়োজনে শামিল হয়েছিলাম। একটি ঘরে টেবিল পেতে কয়েকটি টেবিলে বই বিছিয়ে বসেছিলেন কয়েকজন লেখক বা প্রকাশক। সেগুলিকে ঘিরেই ছিল সবার আনাগোনা। বই কেনা-বেচা হচ্ছিল, অনেকেই বই নেড়েচেড়ে তাদের আগ্রহ মেটাচ্ছিলেন। সেখানেই দেখা পেয়েছিলাম কমিউনিটির বিদগ্ধজনদের। সমৃদ্ধ হয়েছিলাম সুনীল গঙ্গোপাধ্যায়, সমরেশ মজুমদার, হুমায়ূন আহমেদ, ইমদাদুল হক মিলনের মতো খ্যাতিমান লেখকদের সাথে মুখোমুখি আলাপচারিতায়। সেই মুখোমুখি অনুষ্ঠান সঞ্চালনায় হাসান ফেরদৌসের প্রাণবন্ত কথোপকথন আমি ভুলিনি। সেই অনুষ্ঠানেই সমরেশ মজুমদার হঠাৎ ডাক দিয়েছিলেন বিশ্বজিৎ সাহাকে। বলেছিলেন, এই মেলার পেছনের প্রাণপুরুষ নেপথ্যেই রয়ে গেছেন। তাকে আমি মঞ্চে আসতে অনুরোধ জানাচ্ছি। সেদিনই দেখেছিলাম, বিশ্বজিতের সলজ্জ উপস্থিতি। তখন থেকেই জেনেছি মুক্তধারা বইমেলার প্রাণপুরুষ বিশ্বজিৎ সাহা।
সেই বইমেলা আজ ব্যাপক বিস্তার লাভ করেছে। এ মেলার নাম এখন হয়েছে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা। বৃহত্তর পরিসরে ঢাকা-কলকাতার অনেক শীর্ষস্থানীয় প্রকাশক আর কবি-সাহিত্যিকদের অংশগ্রহণে চারদিনের এই মেলা এখন প্রবাসী বাংলাদেশিদের সবচেয়ে গুরুত্বপূর্ণ সর্বজনীন উৎসব। এ মেলা এখন আর বিশ্বজিতের নয়, এই মেলা অনেকদিন ধরেই মুক্তধারা ফাউন্ডেশন আয়োজিত মেলা, আর এই ফাউন্ডেশন ব্যবস্থাপনায় রয়েছেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবৃন্দ।
আজ শুরু হচ্ছে এ বছরের বইমেলা। গত বছরগুলির মতো 'নিউইয়র্কের নন্দন' নামে পরিচিতি পাওয়া সেই জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারের মনোরম পরিবেশে। মেলা উদ্বোধন করতে এসেছেন বাংলাদেশের সাহিত্যাঙ্গনের আজকালের এক উজ্জ্বল নাম সাদাত হোসাইন। তাকে স্বাগত। বইমেলার সাফল্য আমার সর্বান্তঃকরণ কামনা।
কিন্তু এবারের বইমেলায় ঘটে গেছে এক দুঃখজনক ছন্দপতন। নিউইয়র্কের এই বই মেলা নিয়ে সৃষ্টি হয়েছে এক অপ্রীতিকর পরিস্থিতি। গত ৩৪ বছর ধরে একটানা চলে আসা এই বই মেলায় এবার ভাঙন ধরেছে। এই দীর্ঘ বছরে এমন অবস্থা এবারই প্রথম। মেলার কাছাকাছি সময়ে এসে ঘটে গেছে মেলার আয়োজকদের মধ্যে বিভক্তি। পদত্যাগ করেছেন মেলা আয়োজনের শীর্ষ ব্যক্তি মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি ড. নূরুন নবী। তিনি শুধু পদত্যাগ করেই ক্ষান্ত হননি। এই একই সময়ে তিনি আয়োজন করেছেন দুদিনের পাল্টা এক বইমেলা। বঙ্গবন্ধুর নাম ব্যবহার করে এই মেলার নাম তিনি দিয়েছেন 'বঙ্গবন্ধু বইমেলা'। কিন্তু হঠাৎ কেন এই ভাঙন? হঠাৎ কেন ড. নূরুন নবীর পদত্যাগ? দীর্ঘদিন ধরে যাদের সাথে একাট্টা হয়ে কাজ করলেন, এক জোট হয়ে বইমেলার আয়োজন করলেন, হঠাৎ কেন তাদের সাথে বিরোধ বাধলো? তার প্রকাশ্যে যে কারণটি বেরিয়ে এসেছে তা হলো, বাংলাদেশের ছাত্র-জনতার জুলাই অভ্যুত্থানের প্রতি সমর্থন ও বিরোধিতা। ড. নূরন নবী এবং তার অনুসারীরা বলেছেন, এই আন্দোলন মুক্তিযুদ্ধ বিরোধীদের দ্বারা সংগঠিত, এই আন্দোলনের প্রতি সমর্থন দান মুক্তিযুদ্ধ চেতনা বিরোধী কাজ। তাই মুক্তিযুদ্ধ চেতনার যারা বিরোধী তাদের সাথে একসঙ্গে কাজ করা সম্ভব নয়। আরো একটি কারণ ড. নবী তার বিবৃতিতে প্রকাশ্যে উল্লেখ করেছেন। সেটি হচ্ছে এবারের বই মেলার উদ্বোধক হিসেবে কথাসাহিত্যিক সাদাত হোসাইনকে আমন্ত্রণ জ্ঞাপন। তাকে আমন্ত্রণ জ্ঞাপনের বিরোধিতা করে তিনি লিখেছেন, সাদাত হোসাইন 'সাম্প্রদায়িক ও মৌলবাদী লেখকদের প্রতিনিধি হিসেবে চিহ্নিত'। শুধু এটুকুই নয়, সাদাতের বিরুদ্ধে তার আরো অভিযোগ, 'তিনি জুলাই সন্ত্রাসের পক্ষে সক্রিয় ছিলেন। রাজপথে মাইক হাতে নেমে দখলদার ইউনুসের গভীর ষড়যন্ত্রকে সমর্থন করেছিলেন। আগস্ট থেকে এই অবৈধ সরকারের দোসর হিসেবে কার্যক্রম অব্যাহত রেখেছেন....' ইত্যাদি আরো কথা। এমন একজন 'মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী' লেখককে নিউইয়র্ক বই মেলা উদ্বোধনের জন্য আমন্ত্রণ জানানোকে ড. নবী মেনে নিতে পারেননি। কিন্তু কারা সাদাত হোসাইনকে আমন্ত্রণ জানাবার সিদ্ধান্ত নিল? শুনেছি, এ সিদ্ধান্ত ড. নবীরই নেতৃত্বাধীন মুক্তধারা ফাউন্ডেশনের নির্বাহী কমিটির। শুনেছি, এ সিদ্ধান্ত এই নির্বাহী কমিটির সর্বসম্মত। এমনকি ড. নবীও নাকি সভায় কোন আপত্তি করেননি। পরে হঠাৎ করেই তিনি এই মূর্তিতে আবির্ভূত হয়েছেন।
আসলেই কি হঠাৎ করে? নিউইয়র্কের এই ঐতিহ্যবাহী বই মেলা নিয়ে বিতর্ক দেখা যাচ্ছে বেশ কয়েক মাস আগে থেকেই। জুলাই আন্দোলনের ব্যাপকতা এবং হাসিনার পতনে হতাশ হয়ে পড়া নিউইয়র্কের একটি মহল নিজেদের ক্ষোভকে আর গোপন রাখতে পারেননি। তারা নানাভাবে তাদের প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। এখানে আওয়ামী লীগ সমর্থক হাসিনা শাসনামলের সুবিধাভোগীরা দেশের এমন আকস্মিক ও অকল্পনীয় পরিস্থিতিতে স্তম্ভিত হয়ে পড়েছেন। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি, সহ সভাপতি প্রভৃতি পদে দীর্ঘদিন ধরে অধিষ্ঠিত ব্যক্তিরা বাংলাদেশে হাসিনার আনুকূল্যে কুইক রেন্টাল বিদ্যুৎ কেন্দ্র, ব্যাংক-বীমা প্রভৃতি ব্যবসা বাণিজ্য নিয়েছিলেন। সে সব ব্যবসায়ে নানা কীর্তি করে তারা বিপুল বিত্ত বৈভবের মালিক হয়ে গেছেন। স্বাভাবিকভাবেই তাদের চোখে অন্ধকার নেমে এসেছে। তারাই তাদের সমর্থকদের নিয়ে ব্যানার হাতে রাস্তায় নেমেছেন। আর নেমেছেন আওয়ামী লীগপন্থী, কিংবা আরো স্পষ্ট করে বললে বলতে হয়, হাসিনার ভক্ত কুশীল ব্যক্তিরা। এরা এতদিন পর্যন্ত সবার সাথে মিলেমিশে নানান সাংস্কৃতিক অনুষ্ঠান করতেন, রবীন্দ্র, নজরুল, জসিম উদ্দিন করতেন, এমনকি মুক্তিযোদ্ধা সেজে সংবর্ধনাও করে সেখানেও বিশিষ্টজনদের সমাবেশ ঘটাতেন। এখন দেখা যাচ্ছে তারা তাদের উদার মন-মানসিকতার, সর্বজনীনতার মুখোশ খুলে ফেলেছেন। হাসিনার পতনের পর 'মুক্তিযুদ্ধের চেতনা' রক্ষার শ্লোগান নিয়ে তারা হাসিনা ও আওয়ামী লীগের সমর্থনে রাস্তায় নেমে এসেছেন। তাদের সোজা-সাপ্টা কথা, হাসিনা বা আওয়ামী লীগ মানেই মুক্তিযুদ্ধের পক্ষ আর তাদের বিরোধিতা মানেই মুক্তিযুদ্ধের বিরোধী। এমন সহজ সরলীকরণ তত্ত্ব নিয়ে তারা নিউইয়র্কে হাসিনাকে পুনরুদ্ধারে তৎপর হয়ে উঠেছেন।
তবে কমিউনিটির সংখ্যাগরিষ্ঠ অংশ এদের সঙ্গে রয়েছে বলে মনে হচ্ছে না। জুলাই আন্দোলনের সমর্থনে সে সময় টাইমস স্কয়ারে বাংলাদেশিদের যত স্বতঃস্ফূর্ত যে বিরাট সমাবেশ হয়েছিল তা রীতিমত এক ইতিহাস। এমন কোন পাল্টা সমাবেশ হাসিনা সমর্থকরা এখনও পর্যন্ত করতে পারেননি। যাত্রাশি প্রবাসে জ্যাকসন হাইটসে ক্ষুদ্র ক্ষুদ্র সব সমাবেশে তারা তাদের ক্ষোভ প্রকাশ করছেন। হাসিনা বা আওয়ামী লীগের সমর্থনে বড় আয়োজনে কিছু করতে না পারলেও তারা সাফল্যজনকভাবে একটি কাজ করতে পেরেছেন। তারা এখানকার বুদ্ধিজীবী মহল বা কুশীল সমাজকে দ্বিখণ্ডিত করে দিয়েছেন। জুলাই আন্দোলনের পক্ষে এই প্রবাসে যারা অবস্থান নিয়েছিলেন তাদেরকে মুক্তিযুদ্ধ বিরোধী আখ্যা দিয়ে কমিউনিটিতে তারা বিভাজন সৃষ্টি করেছেন। সাহিত্য কিংবা সাংস্কৃতিক ক্ষেত্রে যেসব অনুষ্ঠান-উৎসব এতদিন সম্মিলিতভাবে অনুষ্ঠিত হচ্ছিল, বিভাজিত কমিউনিটিতে সেসব অনুষ্ঠান আর হতে দেখা যাচ্ছে না। বিভাজন ঘটে গেছে এসব অনুষ্ঠানের আয়োজকদের মধ্যে, বিভাজন ঘটে গেছে সার্বিকভাবে প্রবাসী বাংলাদেশি কমিউনিটিতে। নিউইয়র্ক ছাড়া পৃথিবীর আর কোথাও হাসিনা সমর্থকরা এমন সক্রিয় কিনা আমার জানা নেই। সংখ্যায় কম হলেও এখানে কথায় কথায় তারা রাস্তায় নামছে। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রতিবাদেও কিছু লোক বিক্ষোভ সমাবেশ করেছে।
মুক্তধারার বই মেলা নিয়ে হাসিনা সমর্থকরা সক্রিয় হয়ে উঠেছিল মেলাটি তাদের দখলে নেয়ার জন্য। ড. নবীর সমর্থক আব্দুল ইমাম স্পষ্টভাবেই লিখেছেন, 'আমরা সকলেই জানি দেশ আজ অবৈধ দখলদার স্বেচ্ছাচারীদের কুক্ষিগত। চক্রান্তের মাধ্যমে একটি প্রগতিশীল নির্বাচিত সরকারের পতন ঘটিয়ে স্বাধীনতা বিরোধী শক্তি মুছে দিতে চাইছে মুক্তিযুদ্ধের ইতিহাস। তাই এবারের বই মেলা দেশের এই ক্রান্তিকালে স্বাধীনতার সপক্ষে সুদৃঢ় অবস্থান নিয়ে উদযাপন হবে এমনটাই সিদ্ধান্ত নেয়া হয়েছিল'। তবে, কোন সভায় এমন সিদ্ধান্ত নেয়া হয়েছিল তা তিনি উল্লেখ করেননি।
এই মহলটির ক্ষোভ বই মেলার সেই সব কর্মকর্তাদের বিরুদ্ধে, যারা প্রকাশ্যে অবস্থান নিয়েছিলেন জুলাই আন্দোলনের পক্ষে। এই মহলটি শুধু যে হাসিনাকে সমর্থনই জানিয়েছে তাই নয়, এরা হাসিনার শেষ দুই সপ্তাহে সেত হাজার মানুষের হত্যাকাণ্ডে কোন দুঃখ প্রকাশও করেনি, এই নিষ্ঠুরতায় এদের বিবেকের কোন অনুশোচনাও নেই। ড. নূরুন নবীকে সামনে নিয়ে এই মহলটি তাদের লক্ষ্য হাসিলের চেষ্টা করেছে। উল্লেখ করা যেতে পারে, যাদের বিরুদ্ধে তাদের অভিযোগ তারাই কিন্তু দীর্ঘদিন ধরে এই বই মেলা পরিচালনা করে আসছেন। এতদিন তাদের বিরুদ্ধে এদের কোন ক্ষোভ ছিল না। সবাইকেই তারা মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি হিসেবে সম্মান জানাতেন। কিন্তু যখনই এই ব্যক্তিরা যার যার অবস্থান থেকে একান্ত ব্যক্তিগতভাবে জুলাই আন্দোলনের প্রতি সমর্থন জানালেন এবং হাসিনার গণহত্যার নিন্দা করলেন তখনই হাসিনা অনুসারী এই মহলটি এদের বিরোধিতায় মুখর হয়ে উঠলেন। বলতে দ্বিধা নেই, তাদের এইসব কর্মকাণ্ড নিয়ে কমিউনিটিতে বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। একজন বলেছেন, ভদ্রতার খাতিরে ড. নবীর মতো একজন সম্মানীয় ব্যক্তি সম্পর্কে আমরা কিছু বলি না। কিন্তু তার কার্যকলাপ আমাদের অজানা নয়। নিউইয়র্কের একজন কবি-সাংবাদিক লিখেছেন, বই মেলা নিয়ে আবার রাজনীতি কেন? বাংলা বর্ষবরণ ও বই মেলা অরাজনৈতিক বলেই বিবেচিত। নিউইয়র্কে এই প্রথম শুনছি বই মেলা মুক্তিযুদ্ধের চেতনাধারীদের হতে হবে। যারা এই দাবী তুলছেন তারা কট্টর আওয়ামী সমর্থক ও জুলাই বিপ্লবের বিরোধী। যিনি এই দাবীতে পানি ঘোলা করছেন তিনি একজন মুক্তিযোদ্ধা। অনেক বছর ধরে যাদের সঙ্গে তিনি বই মেলা আয়োজনে সম্পৃক্ত ছিলেন তাদেরকে এখন তিনি মুক্তিযুদ্ধ বিরোধী অভিযোগ তুলে আস্ফালন করছেন। হঠাৎ করে তিনি নিউইয়র্ক বই মেলাকে বিতর্কিত ও বিভক্ত করার পথে কেন নামলেন তা তিনিই ভালো বলতে পারবেন।

# বিক্রি হয়ে গেল ব্রংকসের খলিল চাইনিজ রেষ্টুরেন্ট

৬৪ পৃষ্ঠার পর

চাইনিজ রেষ্টুরেন্ট নামেই। প্রায় ৬ লাখ ডলারে এই রেষ্টুরেন্ট বিক্রি হয়েছে বলে জানা গেছে। ব্রংকসের পরিচিত মুখ ও কমিউনিটি লিডার এম এল মজুমদারের আপনে হাসান জনি এটি কিনে নিয়েছেন।
ব্রংকসে একই ভবনে খলিল গ্রুপের দুটি রেষ্টুরেন্ট রয়েছে। একটি খলিল চাইনিজ ও অপরটি খলিল ফুডকোর্ট। ম্যাকগ্রা এভিনিউ সংলগ্ন চাইনিজ ও ইউনিয়নপোর্ট সংলগ্ন খলিল বিরিয়ানী ফুডকোর্ট অবস্থিত। করোনা পরবর্তী সময়ে খলিলুর রহমান খলিল বিরিয়ানী গ্রুপের তত্ত্বাবধানে খলিল চাইনিজ রেষ্টুরেন্ট চালু করেন। এটি ব্যাপক জনপ্রিয়তা পায়। এর ১ বছর পর তিনি খলিল পিজ্জা, খলিল গ্রোসারী ও খলিল ফুডকোর্ট চালু করেন। বছর না ঘুরতেই বন্ধ হয়ে যায় খলিল পিজ্জা ও গ্রোসারী। কিন্তু চাইনিজের সমান্তরালে ফুডকোর্টও ব্যাপক জনপ্রিয়তা পায়। এখনও এ দুটি প্রতিষ্ঠান ভোজনবিলাসীদের পছন্দের তালিকায় রয়েছে। মধ্যরাত অবধি ফুডকোর্ট জমজমাট থাকে। হঠাৎ করে খলিল চাইনিজ বিক্রির সংবাদে বিস্মিত হয়েছেন অনেকে। এমন কি ঘটলো লাভজনক ও জনপ্রিয় এমন একটি প্রতিষ্ঠান খলিল বিক্রি করতে বাধ্য হলেন।
খলিল চাইনিজের নতুন ব্যবস্থাপক হাসান জনি প্রতিবেদককে বলেন, আমরা প্রতিষ্ঠানটি কিনে নিয়েছি। আগামী ১ জুন থেকে নতুন মালিকানায় তা পরিচালিত হবে। আমরা সততা ও নিষ্ঠার সাথে সেবা দিতে চাই। সবার সহযোগিতা কাম্য।
খলিল গ্রুপের খলিলুর রহমান খলিল প্রতিবেদককে বলেন, আমার ফ্রানচাইজ হিসেবে এটি বিক্রি করেছি। এর থেকেও আমি লভ্যাংশের একটি অংশ পাব। একাধিক প্রতিষ্ঠান থাকায় আমি কোনটাতেই মনোযোগ দিতে পারছি না। এ কারণে এটি ছেড়ে দিলাম। এদিকে খলিল গ্রুপের জ্যামাইকায় খলিল বিরিয়ানী হাউজের পার্টনারদের সাথেও খলিলের বনিবনা হচ্ছে না। কর্তৃত্ব ও মালিকানা নিয়ে মামলা চলছে। প্রশ্ন রয়েছে জ্যাকসন হাইটস্থ খলিল বিরিয়ানী হাউজ নিয়েও। এমতাবস্থায় আগামী ২৪ মে খলিল গ্রুপ ও আশা গ্রুপের উদ্যোগে নিউইয়র্কে অনুষ্ঠিত হচ্ছে 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড'। লক্ষাধিক ডলার ব্যয়ের অনুষ্ঠানটি দেখার অপেক্ষায় রয়েছে বাংলাদেশি কমিউনিটি।

# ইজরাইলি দূতাবাসের ২ স্টাফকে হত্যা

১ পৃষ্ঠার পর

কূটনৈতিক অঙ্গনে আতংক ছড়িয়ে পড়েছে। ইসরায়েলি দূতাবাসে অতিরিক্ত সশস্ত্র নিরাপত্তারক্ষী মোতায়েন করা হয়েছে। মুসলিম দেশের দূতাবাসগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ নির্দেশ দেয়া হয়েছে। এ ঘটনার পরপরই নিউইয়র্কে জুইশ অধ্যুষিত এলাকা ব্রুকলিনে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। মুসলিম এলাকাগুলোতে আতংক বিরাজ করছে। অনেকেই ধারণা করছেন, প্যালেস্টাইনে ইজরাইলিদের বর্বরোচিত হামলা ও হত্যাযজ্ঞের প্রতিশোধের যোগসূত্র থাকতে পারে এ হত্যাকাণ্ডের সাথে। মার্কিন মিডিয়ায় ইজরাইলি দূতাবাসের ২ জন স্টাফকে হত্যার খবর ছড়িয়ে পড়ার পর নিউইয়র্কের স্থানীয় মসজিদগুলোতে নজরদারি রাতেই বাড়ানো হয়েছে।
তিনি পুলিশ এবং এফবিআই গুলি চালানোর ঘটনা তদন্ত করছে। ইসরায়েলি দূতাবাস আইন প্রয়োগকারী সংস্থার সাথে কাজ করছে। এফবিআই ওয়াশিংটন ফিল্ড অফিস জানিয়েছে, জননিরাপত্তার হুমকি আমরা এখনও দেখছি না।
মার্কিন অ্যাটর্নি জেনারেল পাম বন্ডি সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে বলেছেন যে তিনি এবং তিনির অন্তর্বর্তী মার্কিন অ্যাটর্নি জিনিন পিরো ক্যাপিটাল ইহুদি জাদুঘরের বাইরে গুলি চালানোর ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

# ক্যানসারে আক্রান্ত জো বাইডেনের অবস্থা আশঙ্কাজনক

৬৪ পৃষ্ঠার পর

লুমার এক্স (সাবেক টুইটার)-এ একাধিক পোস্টে দাবি করেন, "আমি গত জুলাইয়েই বলেছিলাম বাইডেন টার্মিনাল ক্যানসারে আক্রান্ত। এখন তা প্রমাণিত হচ্ছে।' তিনি বলেন, 'আমি চিকিৎসা সংক্রান্ত জরুরি পরিস্থিতির বিষয়ে সঠিক ছিলাম। বাইডেন যখন মারা যাবেন, তখনও প্রমাণ হবে আমি ঠিক ছিলাম। অনেকেই আমার কাছে ক্ষমা প্রার্থনা পাওনা রেখেছে।" নিজের পূর্ববর্তী বক্তব্যকে জোরদার করতে লুমার ২০২৪ সালের জুলাইয়ে দেওয়া একটি পুরোনো পোস্টও শেয়ার করেন। সেখানে তিনি দাবি করেছিলেন, 'বাইডেন মারা যাচ্ছেন।' ওই পোস্টে তিনি বলেন, 'জো বাইডেনের ভাই ফ্রাঙ্ক বাইডেন একসময় ভুলবশত মুখ ফসকে বলে ফেলেছিলেন যে প্রেসিডেন্ট টার্মিনাল ক্যানসারে ভুগছেন। এখন সেই কথাই সত্যি প্রমাণিত হচ্ছে।' লুমারের দাবি, হোয়াইট হাউস বহুদিন ধরে প্রেসিডেন্ট বাইডেনের চিকিৎসা-সংক্রান্ত তথ্য গোপন করেছে। তিনি হোয়াইট হাউসের চিকিৎসকদের বিরুদ্ধে রেকর্ড জালিয়াতির অভিযোগও তোলেন। তার ভাষ্য অনুযায়ী, 'বাইডেনের সঙ্গে চিকিৎসকদের একাধিক মধ্যরাতের গোপন বৈঠকের প্রমাণ রয়েছে। লগ চেক করলেই সেগুলো মিলবে।' তিনি আরও একটি ২০২২ সালের ভিডিও শেয়ার করেন, যেখানে বাইডেন বলেছিলেন, 'আমার ক্যানসার আছে।' যদিও সে সময় হোয়াইট হাউস জানিয়েছিল, প্রেসিডেন্ট বাইডেন তার অতীতে হওয়া ত্বকের ক্যানসারের কথা বলেছিলেন, যা প্রেসিডেন্ট হওয়ার আগেই অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করা হয়েছিল। লুমার এই ক্যানসার সংক্রান্ত ঘটনাকে 'হোয়াইট হাউসের ইতিহাসে সবচেয়ে বড় কেলেঙ্কারি' বলে অভিহিত করেছেন। তার মতে, বাইডেন প্রেসিডেন্ট থাকাকালীন পুরো সময়জুড়েই ক্যানসারে আক্রান্ত ছিলেন, কিন্তু প্রশাসন তা চেপে গিয়েছিল।
শেষে লুমার বলেন, "সবাই বলছে তারা চায় বাইডেন সুস্থ হয়ে উঠুন। কিন্তু বাস্তবতা হলো, তিনি আর সেরে উঠবেন না। আমাদের উচিত এখন বাস্তবতা মেনে নিয়ে এই বিষয়টি নিয়ে একটি পূর্ণাঙ্গ তদন্ত শুরু করা।"

# ক্যান্টনমেন্টে আশ্রিতদের তালিকা প্রকাশ

৬৪ পৃষ্ঠার পর

আশ্রয় দেওয়া হয়। তাদের মধ্যে ২৪ জন রাজনৈতিক নেতা, ৫ জন বিচারক (সাবেক প্রধান বিচারপতিসহ), ১৯ জন অসামরিক প্রশাসনের কর্মকর্তা, ৫১৫ জন পুলিশ কর্মকর্তা ও সদস্য, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসি ও কর্মকর্তাসহ অন্যান্য ১২ জন ও ৫১ জন পরিবার পরিজনসহ সর্বমোট ৬২৬ জনকে বিভিন্ন সেনানিবাসে আশ্রয় প্রদান করা হয়েছিল।
বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষ থেকে বলা হয়েছে, ওই সময়ে শুধুমাত্র মানবিক দায়বদ্ধতার কারণে আইন বহির্ভূত হত্যাকাণ্ড থেকে আশ্রয় প্রার্থীদের জীবন রক্ষা করাই ছিল মুখ্য উদ্দেশ্য। পরিস্থিতি কিছুটা ভাল হলে তারা সেনানিবাস ত্যাগ করেন। তৎকালীন বিরাজমান নিরাপত্তা পরিস্থিতিতে আশ্রয়প্রার্থীদের জীবন বিপন্ন হওয়ার সমূহ আশংকা ছিল। একটি মহল উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভ্রান্তিকর সংবাদ ছড়িয়ে বাংলাদেশ সেনাবাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অভিযোগ করা হয়েছে সেনাবাহিনীর পক্ষ থেকে। ঢাকা ক্যান্টনমেন্টে তৎকালীন দায়িত্বে থাকা অবস্থায় যারা আশ্রয় নিয়েছিলেন তারা হচ্ছেন- জুনায়েদ আহমেদ পলক- সাবেক আইসিটি প্রতিমন্ত্রী (বর্তমানে কারাগারে), হাবিবুর রহমান- ডিএমপির সাবেক কমিশনার (পলাতক), সায়েদুল হক সুমন (ব্যারিস্টার সুমন) সাবেক এমপি (বর্তমানে কারাগারে), শিরিন শারমিন চৌধুরী- স্পিকার পরিবারসহ, তানজির হাসান সৈকত- জেনারেল সেক্রেটারি, বিএনএল, চৌধুরী আবদুল্লাহ আল মামুন- পুলিশ প্রধান (আইজিপি) তার পরিবারসহ (বর্তমানে কারাগারে), হারুন অর রশিদ- র‍্যাব-এর ডিজি, নাজমা আখতার- এমপি, খন্দকার লুৎফর কবির- অতিরিক্ত আইজিপি, আমেনা বেগম- ডিআইজি, সামসুল হক টুকু- ডেপুটি স্পিকার ও সাবেক প্রতিমন্ত্রী (বর্তমানে কারাগারে), ছোট মনির- এমপি, আমিনুল ইসলাম ডিআইজি (প্রশাসন), প্রলয় কুমার জুয়ারদার- অতিরিক্ত ডিআইজি, ইকবালুর রহিম- এমপি ও তার পরিবারসহ, মনিরুল ইসলাম অতিরিক্ত আইজি এবং গোয়েন্দা সংস্থা এসবির প্রধান (ভারতে পলাতক), ওবায়দুল হাসান- হাসিনা সরকারের শেষ প্রধান বিচারপতি ও তার পরিবারসহ, এম এনায়েতুর রহিম- সাবেক বিচারপতি পরিবারসহ, শাহজাহান খান এমপি ও সাবেক নৌ মন্ত্রী (বর্তমানে কারাগারে), মো: আসাদুজ্জামান- গোয়েন্দা সংস্থা ডিবির সিটিটিসি প্রধান, আজিম- তেজগাঁও পুলিশ ডিভিশনের ডিসি।
বগুড়া ক্যান্টনমেন্টে তৎকালিন সময়ে দায়িত্বে থাকা যারা আত্মগোপনে ছিলেন তারা হচ্ছেন- রাগিবুল আহসান রিপু বগুড়া-৬ আসনের এমপি ও তার পরিবার, রেজাউল করিম তানসেন- বগুড়া ৪ আসনের এমপি পরিবারসহ, সাইফুল ইসলাম- জেলা প্রশাসক বগুড়া, জাকির হাসান- এসপি বগুড়া, মুনিরা তাবাসসুম ইউএনও শাহজাহানপুর, কাজী মিজানুর রহমান অতিরিক্ত জেলা জজ, বগুড়া, মো: আল আমিন অতিরিক্ত জেলা জজ, বগুড়া।
চট্টগ্রাম ক্যান্টনমেন্টে তৎকালিন সময়ে দায়িত্বে থাকা অবস্থায় যারা পালিয়ে ছিলেন তারা হচ্ছেন-তোফায়েল ইসলাম- বিভাগীয় কমিশনার, সাইফুল ইসলাম- সিএমপি কমিশনার, নুর ই আলম মিনা- ডিআইজি পুলিশ, অং যাই মারমা- ইউএনও রাঙামাটি, মো: রিয়াদুল ইসলাম- সহকারী কমিশনার রাঙামাটি, এছাড়া ৪ পুলিশ কনস্টেবল হচ্ছে- তুহিন, মাহফুজ, মাহমুদুল এবং সায়্যুদ্দিন এবং এমএ লতিফ- তৎকালিন এমপি।
কুমিল্লা ক্যান্টনমেন্টে যারা তৎকালিন দায়িত্বে থাকার সময় আত্মগোপনে চলে যান তারা হচ্ছেন-খন্দকার মাসফিকুর রহমান- জেলা প্রশাসক কুমিল্লা, সাইদুল ইসলাম- এসপি কুমিল্লা, খায়রুল আলম- অতিরিক্ত ডিআইজি হাইওয়ে, মো: মাহফুজ আলম- ইউপি চেয়ারম্যান মাদারগঞ্জ, আবদুল মঈন- ভিসি কুমিল্লা ইউনিভার্সিটি, পুলিশ অফিসার (ইন্সপেক্টর) আসিফ, সিদারুল, মাসুদ, আরিফ, রিপন, জাহিদ, কাইয়ুম, ফেরদৌস, বা কায় মং, মেহেদী, ইব্রাহিম, আমির, ইদ্রিস, সুমিত্রা, সুশ্রয়, সিলেট ক্যান্টনমেন্টে তৎকালিন দায়িত্বে থাকার সময় যারা পালিয়ে ছিলেন তারা হচ্ছেন- মাহমুদুর রশিদ- ইউএনও কুড়িগ্রাম, কাজী নাবিল আহমেদ- এমপি, নূরুন নাহার- পিএস টু এমপি, সুকন্ন- ড্রাইভার।
যশোর ক্যান্টনমেন্টে দায়িত্ব থাকার সময় যারা আত্মগোপনে ছিলেন তারা হচ্ছেন- আবরারুল হাসান- জেলা প্রশাসক যশোর, মামুন আলম- এসপি যশোর, মাহমুদুল হাসান- ভিসি খুলনা ইউনিভার্সিটি, মোশনে আরা- প্রো ভিসি, খুলনা ইউনিভার্সিটি, তালুকদার আবদুল খালেক- মেয়র খুলনা সিটি কর্পোরেশন, হাবিবুন নাহার- এমপি বাগেরহাট ৪, রফিকউদ্দিন আহমেদ- ওয়ার্ড কমিশনার, ফজলাল আহমেদ রানা- ওয়ার্ড কমিশনার, সাইফুল ইসলাম- খুলনা মেট্রো এএল।
ময়মনসিংহ ক্যান্টনমেন্টে যারা তৎকালিন সময়ে দায়িত্ব পালনকালে পালিয়ে ছিলেন তারা হচ্ছেন-কামাল হোসেন- জিজিএম পল্লী বিদ্যুৎ, খলিলুর রহমান মোল্লা- প্রজেক্ট অফিসার, ত্রিশালন, মামুন মজুমদার- যুব উন্নয়ন কর্মকর্তা, এরশাদ মিয়া- ইউএনও, ত্রিশাল। তারিকুল আলম- ইউএনও, ইটনা, শফিক কামাল- উপজেলা চেয়ারম্যান, ত্রিশাল, ইকরামুল হক টিটু- মেয়র ময়মনসিংহ সিটি কর্পোরেশন, মমতাজ পারভীন- সিনিয়র জেলা ও দায়রা জজ, ময়মনসিংহ।
রাজশাহীতে সেনাবাহিনীর কাছে যারা তৎকালিন সময়ে আত্মগোপনে ছিলেন তারা হচ্ছেন- ড. হুমায়ুন কবীর ভিসি, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ড. তানজিমা ইয়াসমিন- প্রফেসর রাজশাহী বিশ্ববিদ্যালয়, ড. গোলাম সাব্বির- প্রফেসর রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাঁধন- ডিসি রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, আনিসুর রহমান- ডিআইজি রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, সাইফুল- এসপি রাজশাহী, বিপুল- পুলিশ কমিশনার রাজশাহী, রাকিব- এসপি, রাজশাহী পুলিশ, ওমর ফারুক- ডিপুটি পুলিশ কমিশনার রাজশাহী, মাইনুল ইসলাম- অতিরিক্ত পুলিশ কমিশনার, রাজশাহী, হুমায়ন কবির- ওসি বোয়ালিয়া থানা, ১৪ জন পুলিশ কনস্টেবল, রাজশাহী, জিয়াউর রহমান বিপুল- কাউন্সিলর বরিশাল সিটি কর্পোরেশন, বাবেল- ডিআইজি রংপুর।
সিলেট ক্যান্টমেন্টে যারা আত্মগোপনে ছিলেন তারা হচ্ছেন- তৌহিদুর ইসলাম- ইউএনও কানাইঘাট, সিলেট, নায়েমুল ইসলাম- এসি ল্যান্ড, গোয়াইনঘাট, সাহিদুর রহমান- সার্কেল এসপি, গোয়াইনঘাট, রফিকুল ইসলাম- ওসি, গোয়াইনঘাট, আনোয়ারুজ্জামান চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন, মো: আবু জাহিদ- এমপি হবিগঞ্জ ৩, মো: আজ বাহার আলী, পুলিশ কমিশনার, সিলেট, জাকির হোসাইন খান- ডিআইজি সিলেট মেট্রোপলিটন, জুনায়েদ হোসেন- ডিআইজি, সিলেট, আবু আহমেদ সিদ্দিক- বিভাগীয় কমিশনার, মাহফুজুর রহমান- ডিসি, সিলেট ট্রাফিক বিভাগ, জামাল উদ্দিন ভূঞা- ভিসি সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, আলাউদ্দিন আহমেদ- সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, আবদুল আওয়াল- অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, তানভির আহমেদ- ডেপুটি ডিরেক্টর, এনএসআই।
বাংলাদেশ সেনাবাহিনীর বিভিন্ন ক্যান্টনমেন্টে জুলাই-আগস্ট ছাত্র-জনতা গণঅভ্যুত্থানে পালিয়ে থাকাদের নিয়ে নানা গুঞ্জনের পর এটি প্রথম প্রকাশিত তালিকা বলে আইএসপিআর জানিয়েছে।





শাহ নেওয়াজ লায়ন্স ক্লাবের সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত































# শাহ নেওয়াজ লায়ন্স ক্লাবের সেকেন্ড ভাইস গভর্নর নির্বাচিত





















GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c



AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ং স্কুল আছে
FFICE
e Ave
432
320
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com




## চিটাগাং রাইজিং স্টারসের ইনডোর টুর্নামেন্ট

৬২ পৃষ্ঠার পর

মাকসুদুল হক চৌধুরী এবং সোশাল এক্টিভিস্ট জয় চৌধুরী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সহ সভাপতি ওয়াহিদুজ্জামান বকুল। টুর্নামেন্টে ক্যারাম প্রতিযোগিতায় অংশ নেন ২৩জন খেলোয়াড় এবং দাবা প্রতিযোগিতায় অংশ নেন ১২জন প্রতিযোগী। নক আউট রাউন্ডের প্রথম পর্ব অনুষ্ঠিত হয় শনিবার এবং সেমিফাইনালে ও ফাইনাল অনুষ্ঠিত হয় রোববার। সাজ্জাদ ও দ্বীপ আইকিংসের কামরুল দাবা প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় এবং আইল্যান্ড স্পোর্টসের রুবেল ও মুন্না ক্যারাম প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় হন।

সংগঠনের সদস্য সচিব ইকবাল হোসেনের পরিচালনায় পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য পুরস্কার বিতরণ করেন চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি আহসান হাবীব, সভাপতি মাকসুদুল হক চৌধুরী ও সাবেক উপদেষ্টা জসীম উদ্দিন।

টুর্নামেন্টে সার্বিক সহযোগিতা করেন নোয়াখালী সমিতির সাবেক সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু, দ্বীপ আইকিংস ও আইল্যান্ড স্পোর্টস, বাংলাদেশি আমেরিকান এসোসিয়েশন অব কানেকটিকাটের সভাপতি নুরুল আলম, ব্যবসায়ী জিয়াউল হক জিয়া, সমাজসেবক শাহজাহান সিরাজী। প্রথম বার আয়োজিত দুই দিনব্যাপী এই প্রতিযোগিতায় আরও সহায়তা করেন সংগঠনের কোষাধ্যক্ষ মোহাম্মদ শাহনূর আলী, মোজাদির নিয়াজ, সরওয়ার আলম, আব্দুল হালিম মেসবাহ, ইকবাল হোসেন ভূঁইয়া, সুমন উদ্দিন, মোহাম্মাদ জে আবেদীন আতিক, রবিউল চৌধুরী, মোহাম্মদ ফরহাদ, মোহাম্মদ হারুন মিয়া, মোহাম্মদ ইকতেখার আলম, আবদুল আজিজ ইমন।

## 'পঞ্চায়েত'র পক্ষ থেকে মোড়ক উন্মোচন ও প্রকাশনা উৎসব

৩ পৃষ্ঠার পর

আহমেদের 'যাপিত জীবনের গল্প' বইটির মোড়ক উন্মোচন করেন বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস'র (বাফা) পরিচালক ফরিদা ইয়াসমিন। আহবাব চৌধুরীর 'করোনা কালের ডায়েরি' বইটির মোড়ক উন্মোচন করেন কবি শিবলি মনজুর। সোনিয়া কাদিরের 'হিপহপ জনপদ দ্যা ক্রুক্স এবং অন্যান্য' বইটির মোড়ক উন্মোচন করেন 'সাহিত্য একেডেমি, নিউইয়র্ক'র পরিচালক মোশাররফ হোসেন।

অনুভূতি প্রকাশ এবং বই থেকে অংশবিশেষ পাঠে অংশ নেন সোনিয়া কাদির, আহবাব চৌধুরী, মামুন আহমেদ, সুমন শামসুদ্দিন, ইমরান আলী টিপু এবং সেনজির শিকদার।

গ্রন্থ আলোচনা পর্বে 'যে আলো শুধু অন্ধকারে জ্বলে' বইটি নিয়ে আলোচনা করেন, কবি মিয়া মোহাম্মদ আবদির। 'করোনা কালের ডায়েরি' বইটি নিয়ে আলোচনা করেন, কবি শিবলি মনজুর। সেনজির শিকদারের 'দ্বিপ্রহরের দ্বিধা' বইটি নিয়ে আলোচনা করেন বিশিষ্ট লেখক ও সাংবাদিক মনজুর আহমেদ। মামুন আহমেদের 'যাপিত জীবনের গল্প' বইটি নিয়ে আলোচনা করেন, লেখক ও অধ্যাপক মোহাম্মদ আমিনুল হক চুন্নু। সুমন শামসুদ্দিনের 'ইশরার মৌমাছিরা' বইটি নিয়ে আলোচনা করেন, লেখক এবিএম সালেহ উদ্দিন। সোনিয়া কাদিরের 'হিপহপ জনপদ দ্যা ক্রুক্স এবং অন্যান্য' বইটি নিয়ে আলোচনা করেন, সাহিত্য একাডেমির পরিচালক মোশাররফ হোসেন।




এছাড়াও চলমান অনুষ্ঠান সম্পর্কে অনুভূতি প্রকাশ করেন, উত্তর আমেরিকা- প্রথম আলোর সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, কমিউনিটি এক্টিভিস্ট সিরাজ উদ্দিন সোহাগ প্রমুখ।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন, তারেক আহমেদ। ব্যবস্থাপনায় ছিল বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস (বাফা)। সবশেষে সাহিত্যের ছোটো কাগজ 'পঞ্চায়েত'র পক্ষ থেকে কবি ও লেখক মামুন আহমেদ সবাইকে ধন্যবাদ জানান।



## আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মলের ফান্ড রাইজিং অনুষ্ঠান

৩ পৃষ্ঠার পর

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবদুর রকিব, আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, সিটি কাউন্সিলর, ব্যবসায়ী সমাজ, ডেমোক্র্যাটিক পার্টির নেতা, কর্মী, সমর্থকরা অংশগ্রহণ করেন।

## বই মেলা শুরু আজ

৬৪ পৃষ্ঠার পর

প্রকাশক, লেখক, কবি ও সাহিত্যিকদের পদচারণায় এরই মধ্যে সরগরম হয়ে উঠেছে নিউইয়র্ক শহর। বাংলা ভূখণ্ডের কয়েক হাজার মাইল দূরে জ্যামাইকার 'পারফর্মিং আর্টস সেন্টার'-এ মেলার আয়োজন করছে মুক্তধারা ফাউন্ডেশন, ইউএসএ ইনক।

মেলা প্রাঙ্গণ জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে (১৫৩-১০ জ্যামাইকা এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) সন্ধ্যা ৬টায় বইমেলার বর্ণাঢ্য উদ্বোধন হবে। বাংলা সাহিত্যের অন্যতম নন্দিত ও জনপ্রিয় লেখক সাদাত হোসাইন এবারের বইমেলার উদ্বোধন করবেন। এবারের ৩৪তম বইমেলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন মার্কিন বন্ধু কিলিন টেইলর। ১৯৭১ সালে, যুক্তরাষ্ট্র গোপনে পাকিস্তানকে অস্ত্র সরবরাহের পরিকল্পনা করলে, কিলিন টেইলরের প্রয়াত স্বামী রিচার্ড টেইলর এবং তাঁর সহযোগীরা ফিলাডেলফিয়া ও বাল্টিমোর বন্দরে অস্ত্রবাহী জাহাজ অবরোধ করেন। বইমেলায় এ বিষয়কে ঘিরে থাকবে বিশেষ আয়োজন।

এছাড়াও, মেলায় মুক্তিযুদ্ধভিত্তিক একটি নতুন গ্রন্থের আলোচনা অনুষ্ঠিত হবে, যেখানে অংশ নেবেন মুক্তিযুদ্ধকালীন ফিল্ড হাসপাতালের নেতৃত্বদানকারী ক্যাপ্টেন (অব.) ডা. সিতারা বেগম, বীর প্রতীক। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত থাকবেন বরেণ্য ব্যক্তিত্ব ড. রেহমান সোবহান, গায়ত্রী চক্রবর্তী স্পিভাক (কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়) এবং অধ্যাপক রওনক জাহান।

এদিকে বই মেলার সবশেষ অবস্থা সম্পর্কে জানাতে গত ১৬ মে এক সংবাদ সম্মেলনে মেলার প্রস্তুতি, কর্মসূচি ও নানা গুরুত্বপূর্ণ দিক তুলে ধরে আয়োজকরা। জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে অনুষ্ঠিত এই সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন বইমেলার আহ্বায়ক এবং ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের প্রাক্তন প্রধান, খ্যাতিমান সাংবাদিক রোকেয়া হায়দার। তিনি বর্তমানে মুক্তধারা ফাউন্ডেশনের নির্বাহী কমিটির পক্ষে মেলার দায়িত্বে আছেন। সংবাদ সম্মেলন পরিচালনা করেন মুক্তধারা ফাউন্ডেশনের সিইও বিশ্বজিৎ সাহা। বক্তব্য রাখেন ফাউন্ডেশনের চেয়ারপারসন ডা. জিয়াউদ্দীন আহমেদ, উপদেষ্টা ড. নজরুল ইসলাম, গোলাম ফারুক ভূঁইয়া, সৌদ চৌধুরী এবং ওবায়দুল্লাহ মামুন।

আয়োজকেরা জানান, এ বছর বইমেলায় ২৫টির বেশি স্বনামধন্য প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করবে। ইতিমধ্যে লেখক ও প্রকাশকেরা নিউইয়র্কে এসে পৌঁছেছেন। প্রতিবছরের মতো এবারও বইমেলাকে আরও আকর্ষণীয় করে তোলার জন্য লেখক-পাঠক-মুখোমুখি আলোচনা, নতুন বই নিয়ে আলোচনা, স্বরচিত কবিতা পাঠ, কবিতা আবৃত্তি, বিতর্ক, সেমিনার, ওয়ার্কশপ এবং বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর পাশাপাশি, একুশে চেতনা পরিষদ, যুক্তরাষ্ট্র-এর সৌজন্যে 'অমর একুশ, ভাষা আন্দোলনের সচিত্র ইতিহাস (১৯৪৭-১৯৫৬)' শীর্ষক একটি বিশেষ আলোকচিত্র প্রদর্শনীও অনুষ্ঠিত হবে।

আয়োজকরা বলেন, তিন দশকেরও বেশি সময় ধরে এই বইমেলা শুধু বইয়ের প্রদর্শনী নয়, এটি বাংলা ভাষা, সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের চেতনার ধারক-বাহক হিসেবে প্রতিষ্ঠিত। তবে, শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্যে কেউ কেউ বইমেলাকে বিতর্কিত করার চেষ্টা করছেন, যা দুঃখজনক। বক্তারা জোর দিয়ে বলেন-মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও বঙ্গবন্ধু -এই শব্দগুলো কোনো বিতর্কের বিষয় নয়; এগুলো জাতির অহংকার।

আয়োজকরা জানান, ১৯৯২ সালে 'বাঙালির চেতনা মঞ্চ' ও 'মুক্তধারা নিউইয়র্ক'-এর যৌথ উদ্যোগে বইমেলার সূচনা হয়। পরবর্তীতে মুক্তধারা নিউইয়র্ক ও পরে মুক্তধারা ফাউন্ডেশন এককভাবে বইমেলার দায়িত্ব পালন করে আসছে। সংগঠনটির সদস্যদের মধ্যে রয়েছেন শহীদ পরিবারের সদস্য, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, লেখক এবং তরুণ প্রজন্মের সাহসী প্রতিনিধি।







## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

# BANGLA TRAVELS

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# আমাদের রবীন্দ্রনাথ: প্রেম ও প্রার্থনার মূর্ত প্রতীক

৭ পৃষ্ঠার পর

সম্পর্ক ও প্রভাবের দিকটিও লক্ষণীয়। জীবদ্দশায় তাঁদের সময়কাল ও প্রেক্ষাপটের মিল খুঁজে পাওয়া যায়। দুজনই ব্রিটিশ শাসনামলে ভারতে জন্মগ্রহণ করেন। তাঁদের চিন্তা ও সাহিত্যকর্ম ঔপনিবেশিক শাসনের প্রেক্ষাপটে গড়ে উঠেছিল। তাঁরা দুজনেই জাতীয়তাবাদ, আত্মপরিচয় এবং পূর্ব ও পশ্চিমের সাংস্কৃতিক দ্বন্দ্ব নিয়ে গভীরভাবে চিন্তা করেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর ও আল্লামা ইকবাল পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন।

যদিও তাঁদের মধ্যে সরাসরি কোনো চিঠিপত্রের বা সাক্ষাৎকারের উল্লেখযোগ্য প্রমাণ নেই,-তবুও ইকবাল রবীন্দ্রনাথের সাহিত্য প্রতিভার প্রতি শ্রদ্ধাশীল ছিলেন বলে ধারণা করা হয়। ধর্মবিশ্বাস,ধর্মবোধ ও চিন্তায় রবীন্দ্রনাথ যেমন মানবপ্রেমের কথা বলেছেন,-তেমনি আল্লামা ইকবালও পাশ্চাত্যে শিক্ষার সর্বোচ্চ স্তরে উপনীত হয়েছেন এবং সেখান থেকেই তাঁর ভেতরে চিন্তার পরিবর্তন ঘটে। মুসলিম রেনেসাঁর প্রতিনিধিত্বকারী হিসেবে তিনি আধ্যাত্মিকতার সর্বজনীন চিন্তাধারায় মনোনিবেশ করেন।

তিনি মনের করতেন,-মানুষের পূর্ণ দেহ ফিরে যায় এবং বর্তমান বিশ্বর উপাদানগুলোকে সেই আত্মারূপে রূপান্তর করতে পারে যাতে বিংশ শতাব্দীতে মৃত সমাজের উপর ইসরাফিলের ডঙ্কা বেজে উঠে এবং তার আন্দোলন, শক্তি ও আত্মাকে জাগিয়ে তোলে,-ইকবালের দৃষ্টিতে এমন আদর্শ মুসলিম ব্যক্তিত্বের পুনর্গঠন হবে যারা হতে পারেন-ইকবালেরই প্রতিচ্ছবি। আল্লামা ইকবাল শুধুমাত্র কোনো রহস্যময় সাধক ছিলেন না। তিনি অতীন্দ্রিয়বাদ (অস্পষ্ট মতবাদ) কিংবা মারেফতের প্রতি উদাসীন। যেমনটা ছিলেন ইমাম গাজ্জালী, মহিউদ্দীন ইবনুল আরাবী ও পৃথিবীশ্রেষ্ঠ জ্ঞানসাধক মওলানা রুমী। এঁরা প্রত্যেকেই তাঁদের ব্যক্তিগত পরিবর্তন, অন্তরের পরিশুদ্ধতা ও আত্মঅন্তর্লীন সত্তার আলোকিতকরণের উপর গুরুত্ব দিয়েছেন। আবার ইকবালের সঙ্গে প্লেটোর মিল ছিল না। তিনি সর্বমহলে পরিশুদ্ধ আত্মার দীপ্তি ছড়াতে চেয়েছেন। এক্ষেত্রে ইকবাল পথও দেখিয়েছেন,কীভাবে আত্মার পুনর্গঠন ও পরিশুদ্ধি ঘটাতে হয়। নিজের জীবনবোধের সত্য ও সুন্দরকে জয় করবার নেশা যায় তাই তো তিনি বলেন- "উপর থেকে ক্ষেত্রে আমি জীবনের সবচেয়ে সুন্দর ধাপগুলো খুঁজে পাই আকুলতা আর ধ্যানের মাঝে"।

ইকবালের আধ্যাত্মবাদী দর্শনের মধ্যদিয়ে শুধু স্রষ্টার সঙ্গে পানাফিল্লাহ হওয়া ছাড়াও বাস্তবতার নিরিখে আধুনিক বিজ্ঞানের মাধ্যমে মহাপ্রভুর অপার মহিমার ছায়ায় এক হয়ে যাওয়ার শক্তি প্রদর্শন করা হয়। রেনেসাঁর কবি ফররুখ আহমদ আল্লামা ইকবালের দর্শনের প্রতি সমর্থন ও সম্মান জানিয়ে তাঁর অনেক কবিতার কাব্যানুবাদ করেছেন। তিনিও রবীন্দ্রনাথের কবিতায় আচ্ছন্ন হয়ে ছিলেন। তিনি যেমন রবীন্দ্রনাথের কবিতা পড়তে পছন্দ করতেন। রবীন্দ্র সাহিত্যের বিশালতার উপর অগাধ ভালোবাসা পোষণ করতেন।

একইভাবে ফররুখ আহমদও ইকবালের চিন্তাদর্শনের উপর গভীরভাবে শ্রদ্ধাশীল ছিলেন।

-ইকবালের সুদীর্ঘ কাব্যদর্শন 'আসরারে খুদী'র বঙ্গানুবাদ করেছেন:

"আঁখিতারকার মত হতে পারি দৃষ্টিমান মানুষের কাছে,<br>
বিশ্বের শ্রবণে যেন যেতে পারি আমি সুর হ'য়ে,<br>
কাব্যের সুষমা যেন পরম ঐশ্বর্যময় হয় দেশনীতে;<br>
আমার কান্নায় যেন জেগে ওঠে শুষ্ক তৃণ অশ্রুসিক্ত প্রাণের প্রান্তরে।<br>
রুমীর প্রতিভা দীপ্তি উদ্দীপিত করেছে আমাকে,<br>
রহস্যের গ্রন্থ হতে আজ আমি গেয়ে যাই গান,<br>
আত্মা তাঁর অগ্নিকুণ্ড,জ্বলন্ত,উজ্জ্বল,<br>
আমি শুধু অগ্নিকণা প্রাণ পাই মুহূর্তের তরে।<br>
পতঙ্গের মত মোরে প্রাণ করিয়াছে তাঁর দীপ্ত অগ্নিশিখা"

ইকবালের মতো রবীন্দ্রনাথের মাঝেও মানবপ্রেম ও আধ্যাত্মিকতার পরিচয় পাওয়া যায়।সৃষ্টির বিচ্ছিন্ন দিক নিয়ে তিনি যেমন বিশ্বের চিন্তায় মগ্ন ছিলেন,-তেমনি তাঁর ভেতরেও গভীর রহস্যময়তা পরিলক্ষিত হয়। ঈশ্বরকে নিয়ে তিনি প্রচুর সাধনা করেছেন। স্রষ্টার প্রতি অকুণ্ঠ সমর্থন জ্ঞাপন করে তাঁরই কাছে নত হয়েছেন।

প্রার্থনা করেছেন। তিনি বলেন-

"হে বিশ্বভুবনরাজ, এ বিশ্বভুবনে<br>
আপনারে সবচেয়ে রেখেছ গোপনে<br>
আপন মহিমা-মাঝে। তোমার সৃষ্টির<br>
ক্ষুদ্র বালুকণাটুকু, ক্ষণিক শিশির,-"

এসব দ্বারা প্রমাণ হয় যে,-তিনিও একজন সাধক কবি এবং জড়তা থেকে নিকৃত একজন পরিশুদ্ধ আত্মার অধিকারী। একইসাথে তিনি এমন একজন ব্যক্তি যিনি বিজ্ঞান, প্রযুক্তিগত উন্নয়ন এবং বর্তমান যুগের মানবীয় অগ্রগতিকে যেমন সম্মান করেন। তেমনই পৃথিবীতে বিরাজমান অমানবিকতার হিংস্রতায় আতঙ্কিত ও উৎকণ্ঠিত থাকেন। তাই তো রোগশয্যায় নিদারুণ যন্ত্রণার মধ্যেও তিনি আলোর প্রত্যাশা করেন। যখন-

"মূর্ছিতার দিনে আমি মগ্ন পড়ি,<br>
ধীরে ধীরে উদঘাটিবে বিধাতার<br>
অন্তর্গূঢ় সংকল্পের ধারা।"

ধর্ম সভ্যতারই ভারতবর্ষের অন্যতম প্রাসঙ্গিক দিক। ধর্ম দর্শন ছাড়া ভারতীয় সাধারণ জীবন প্রবাহ অসম্ভব। রাজনৈতিকভাবে ধর্মের ব্যবহার লক্ষণীয়। যেখানে রাজনীতি ধর্ম ছাড়া অচল। সেখানে দাঁড়িয়ে বাঙালির গুরু বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের দৃষ্টিতে ধর্মের পরিভাষা কী তা জেনে নেওয়া জরুরি।

আগেই উল্লেখ করেছি যে,-পিতার হাত ধরে রবীন্দ্রনাথ ধর্মচর্চা অথবা ধর্ম বিষয়ক পড়াশোনা শুরু হয়েছিল ছোটবেলাতেই। দেবেন্দ্রনাথ ঠাকুর পুত্রদের বেদ এবং উপনিষদের শ্লোকগুলো আবৃত্তি করাতেন। রবীন্দ্রনাথের বাবা ছিলেন ব্রাহ্ম আন্দোলনের পুরোধা। এছাড়া তিনি ছিলেন রাজা রামমোহন রায়ের অনুরাগী। পিতার জীবনে বেদ,উপনিষদ ছিল আদর্শ। বাবার এই উপনিষদ শিক্ষা এবং জ্ঞান গভীর প্রভাব ফেলেছিল রবীন্দ্রনাথের জীবনে। ধর্ম সচেতনতার জন্য মাত্র ২৩ বছর বয়সে রবীন্দ্রনাথকে ব্রাহ্ম সমাজের সেক্রেটারি পদে নিয়োগ করা হয়। রবীন্দ্রনাথের সমাজ সচেতনতার জন্য হিন্দু সমাজের গোঁড়ামিগুলোর বিরুদ্ধে বারবার আওয়াজ তুলেছেন, কলম তুলেছেন।

তবে সবকিছু পেরিয়ে রবীন্দ্রনাথ বলেছিলেন -"কোন প্রতিষ্ঠানিক ধর্ম আমার ধর্ম নয়। আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন, আমি পঙক্তিহীন, আমি তোমাদেরই লোক।" রবীন্দ্রনাথের সমাজ সচেতনতার জন্য হিন্দু সমাজের গোঁড়ামিগুলোর বিরুদ্ধে বারবার আওয়াজ তুলেছেন, কলম তুলেছেন। বিপরীতে হিন্দু সমাজ ব্রাহ্ম সমাজকে নিয়েও সমালোচনা করতেন।

ফলে একে ওপরের রুচিশীল সমালোচনা চলত দীর্ঘ দিন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় হিন্দু সমাজ এবং রবীন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্ম সমাজ নিয়ে নিয়মিত দু'টো ভিন্ন পত্রিকায় সমানুপাতিক ভাবে লেখালেখি চলতো। তবে এই সময়টা পেরিয়ে রবীন্দ্রনাথ বলেছিলেন -"কোন প্রতিষ্ঠানিক ধর্ম আমার ধর্ম নয়। আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন, আমি পঙক্তিহীন, আমি তোমাদেরই লোক।"

সুখ-দুঃখ, আনন্দ-বেদনার সর্বাবস্থায় কবিগুরু রবীন্দ্রনাথ তাঁর নির্মোহ প্রেম বিলিয়েছেন। শত দুঃখের কথা শতবার গেয়ে তিনি আকাশ বাতাসে ধ্বনিত আনন্দের কলতানে নিখাদ প্রেম ছড়িয়ে দিয়েছেন। ইবাদাত,পূজা কিংবা উপাসনা হচ্ছে প্রার্থনারই নির্মল আনন্দ,-যা মানুষের সকল মলিনতা বিদূরিত করে স্রষ্টার সমীপে নিরুৎকণ্ঠভাবে হাজির করে।

"প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে<br>
প্লাবিত করিয়া নিখিল দ্যুলোক-ভূলোক<br>
তোমার অমল অমৃত পড়িছে ঝরিয়া।"

পূজা-পার্বন ও প্রার্থনার কথায় তিনি অনেক কবিতা ও গানের মাধ্যমে ফুটিয়ে তোলেন। তিনি পূজার কথা উল্লেখ করে বলেন-

"জানি গো আজ হা হা করে<br>
তোমার পূজা সারা হবে<br>
নিখিল-অশ্রু সাগর কূলে।"

কতজনের হৃদয়ের গহীনে লুকিয়ে থাকা<br>
প্রেম ও ভালোবাসা মানুষের মনের মাঝে<br>
অঙ্কুরিত হয়। প্রেমের নিখুঁত পুষ্প ধারণ ও তার প্রস্ফুটনের<br>
মধ্যদিয়ে একজন আরেকজনের<br>
মনের মুকুরে বাসা বাঁধে। চির বন্ধনে আবদ্ধ<br>
হয়ে যায়।

রবীন্দ্রনাথ বলেন-

মোর হৃদয়ের গোপন বিজন ঘরে<br>
একেলা রয়েছে নীরব শয়ন-পরে<br>
প্রিয়তম হে জাগো জাগো জাগো।"

নারীকে চির যৌবনার সৌন্দর্য্যে মূর্তিমান করে তিনি বলেন-

"নারীর প্রাণের প্রেম মধুর কোমল<br>
বিকশিত যৌবনের বসন্তসমীরে<br>
কুসুমিত হয়ে ওই ফুটিছে বাহিরে<br>
সৌরভসুধায় করে পরাণ পাগল"।

শুধু তাই নয়, পৃথিবীর সব সৌন্দর্যের মোহনীয়তার সঙ্গেই কবির অনুভূতিকে মিলানো যায়। যেন এই কবি পৃথিবীর সকল প্রান্তেই বিচরণ করছেন। প্রকৃতিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। কবিরা এমনই হয়ে থাকেন। সবাইকে এমনই প্রেমময় হওয়া উচিত।

প্রেম না থাকলে পৃথিবী অর্থহীন। প্রেমের মাঝে যে আলোর বিচ্ছুরণ,-তার ছোঁয়াতেই মানুষের আনন্দ। প্রকৃতির সৌন্দর্য আরও বেশি সুন্দর হয়ে ওঠে। তাই তো মহাস্রষ্টার সৃষ্টিশীলতার আনন্দে উদ্বেলিত হয়ে,কবিগুরুর অকুণ্ঠ স্বীকৃতির স্বরূপ উন্মোচিত হয়। তিনি অবলীলায় বলে ওঠেন-

'আকাশতলে উঠল ফুটে<br>
আলোর শতদল।<br>
পাপড়িগুলি থরে থরে<br>
ছড়ালো দিক্‌-দিগন্তরে<br>
নিবিড় কালো জল।"

আবার সেই আকাশতলে দাঁড়িয়ে নিবিড়তর শান্তছায়ার আঁধারবাহিকায় নিজেকে বিলিয়ে দিতে চান মুক্ত বাতাসের সঙ্গে একাকার হয়ে, মায়াময় আলোর পরশে,-সুখানন্দের নিবিড় ছায়ায়-

'মুক্ত করো হে মুক্ত করো আমারে<br>
তোমার নিবিড় নীরব উদার<br>
অনন্ত আঁধারে।"

নিবিড় আঁধারের মধ্যেই ব্রহ্মানন্দের সন্ধান পেয়েই যেন মহামানবদের মতো রবীন্দ্রনাথও স্বর্গের আলো প্রাপ্ত হয়ে উদ্বেলিত হয়ে ওঠেন। রবীন্দ্রনাথের অনুভূতি ছিল সূক্ষ্ম। তিনি মাটির গন্ধ , পাখির গান ও গোধূলির আলোর কাছে নিজেকে ঋণী ভাবতেন।

তিনি যখন ধ্যানে বসতেন অন্তর গহ্বরে শব্দ পেতেন।

প্রকৃতির সৃষ্টির প্রতি যদি নিঃশব্দ সাধনার মাধ্যমে চিন্তার কপাটগুলো খুলে দেয়া যায়,-তবেই যেমন মনের জানালা অবারিত হবে। তেমনই ঈশ্বরের প্রতিও বিশ্বাসের পথ সুগম ও অবারিত হয়ে উঠবে। খোদা তায়ালা খুশি হবেন।

ঈশ্বরকে ধর্মের বিনীত বর্ণনায় যতই ব্যাখ্যা করা হোক,-নিখিল বিশ্বের নিয়মতান্ত্রিক নিয়ামক চৈতন্যধারা এবং মানুষকে নির্মোহ ভালোবাসার মাধ্যমে ঈশ্বরের নৈকট্য পাওয়া সম্ভব। স্রষ্টার সৃষ্টি রহস্যের উপর গবেষণা দোষের নয়। কিন্তু সৃষ্টিশীল প্রক্রিয়ায় ঈশ্বরকে পাশ কাটিয়ে,নিজের খেয়াল-খুশিতে চলা উচিত নয়।

বুঝে না বুঝে যারা রবীন্দ্রনাথের সমালোচনায় মুখর থাকেন। রবীন্দ্রনাথের শিল্প-সাহিত্যের উপর তাদের পড়াশুনা থাকলে সেটি করতেন না। কবিগুরুর বিশাল সাহিত্য সম্ভারের উপর আমাদের আরও পড়াশোনা করতে হবে। কেন কিছুর সঠিক তথ্যানুসারে গভীর বিশ্লেষণের মধ্যদিয়েই

আমরা যে কারো সাহিত্যবিচার করতে পারি আন্দাজ-অনুমানের ভিত্তিতে একপেশে সমালোচনা করা উচিত নয়। কেউ কেউ তাঁকে শুধুমাত্র কবি হিসেবে তুলনিয়ায় বিচার করেন। সেটি মোটেই ঠিক নয়। কেউকে বিচার করতে গেলে,তার ভেতরে প্রবেশ করতে হবে।

আমরা যেন ভুলে না যাই,যে সাহিত্য বিচারের ক্ষেত্রে সেটি আরও বেশি প্রযোজ্য। কালের পরিক্রমায় আধুনিক বিজ্ঞানে মানুষের মনন চেতনার শক্তিমত্তায় সেই বোধসত্তাকে সামনে রেখে আজ শিল্প-সাহিত্যের ক্রমবিকাশ মানুষের চিন্তাশক্তির অনেক সম্প্রসারণ ঘটেছে।

কিন্তু প্রেমের যথার্থ মূল্য এখনও আজও সমাজে সমান মর্যাদা পায় নি। প্রেম সর্বদা অবারিত। যেকোন অবস্থায় তার পরিস্ফুটন ঘটতে বাধা নেই। এজন্যে সুশীল সমাজ বিনির্মাণেও আমাদের সাহিত্যমনস্ক কবি-সাহিত্যিকের ভূমিকা আরও বেশি অগ্রগণ্য থাকা প্রয়োজন।রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যের প্রতিটি শাখায় যেভাবে বিচরণ করেছেন,-শিল্প-সাহিত্য ও সংস্কৃতির সমস্ত দুয়ার খুলে দিয়েছেন।

বাংলা সাহিত্যের আদর্শ নির্মাণ করেছেন। প্রেমকে। সুধা উপজীব্য করেই তিনি বিশ্ব সাহিত্যে নিজের অবস্থান প্রতিষ্ঠা করে গেছেন। দূরের এবং কাছের মানুষের নৈকট্য ও স্পর্শের আকুলতায় রবীন্দ্রনাথ

আধুনিক বিজ্ঞানের অন্যতম প্রতিষ্ঠাতা নেশনের একটি চিরন্তন বাক্য- শক্তিধিকরণ রং চড়বিং সমগ্র শিক্ষাক্রমে স্থান পেলেও তার যথাযথ মূল্যমানে সমাজ প্রতিষ্ঠিত হয়নি। প্রেম ও মানবিকতার সর্বব্যাপক স্বীকৃতির মধ্যদিয়ে পৃথিবীকে আরও বেশি সুলভ করে তুলতে হবে। রবীন্দ্রনাথের জীবন ও কর্ম আমাদের সেসব বিষয়ে আন্দোলিত করে তোলে।

শিল্প-সাহিত্য ও সংস্কৃতিসহ প্রকৃতির সবকিছুতে প্রেম ও প্রার্থনার সর্বক্ষেত্রে রবীন্দ্রনাথ আমাদের পথের দিশায় বিরাট ভূমিকা রেখেছেন। সমাজ বিচ্ছিন্ন জনসমাজ নয়,-মানবিকতার উজ্জ্বলতর সিঁড়ির বিনির্মাণে রবীন্দ্রনাথ ছিলেন অতুলনীয়। তিনি অবিনশ্বর।

লেখক: কবি ও প্রাবন্ধিক।



Personal Injuries & Death Claims
Car Accidents and Medical Mal Practice
Divorce, Family Matters and Domestic Violence
Real Estate and Business Closing
Foreclosure proceedings
Bankruptcy
All Civil Matters
Wills, Trust and Estate Planning
All Criminal Matters
All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**
*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

**Address:**
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com



# সত্যিই কি দেশ এখন বাঘের মুখে

৫ পৃষ্ঠার পর

বলেন, বাংলাদেশের জনগণ দেশের জাতীয় স্বার্থ ও নিরাপত্তায় জড়িত এমন কোনো বিষয়ে ছাড় দেবে না। বর্তমান সরকারের এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার নেই বলেও দাবি করেন নেতারা।

দুর্নীতিগ্রস্ত ও দমন-পীড়নকারী সরকারের পতন ঘটানোর পর জরুরি করণীয় ছিল দুর্নীতিমুক্ত, দক্ষ ও জনমুখী জনপ্রশাসন প্রতিষ্ঠা; অর্থনীতিসহ সব ক্ষেত্রে বৈষম্য নিরসনের উদ্যোগসহ নির্বাচনব্যবস্থার আমূল সংস্কারের মাধ্যমে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার কাজে মনোযোগ দেওয়া। সেখানে নানা ক্ষেত্রে বৈষম্যের নতুন নতুন রূপ দেখা যাচ্ছে।

আওয়ামী লীগ নিষিদ্ধ করার দাবিতে সম্প্রতি জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ডাকে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনের সড়ক আটকে অবস্থান নেয় কয়েকটি রাজনৈতিক দল। পরে তারা শাহবাগেও সমাবেশ করে। তাদের সেসব কর্মসূচিতে কোনো রকম বাধা দেওয়া তো দূরের কথা, বরং সমাবেশে ঢাকা ওয়াসাকে খাওয়ার পানি বিতরণ করতে এবং পরিবেশ শীতল করতে সিটি করপোরেশনের গাড়ি দিয়ে পানি ছিটাতে দেখা যায়।

অথচ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তিন দফা দাবি নিয়ে ১৪ মে যমুনা অভিমুখে মিছিল শুরু করলে পুলিশ তাতে বাধা দেয়। আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে একপর্যায়ে নিক্ষেপ করা হয় কাঁদানে গ্যাসের শেল ও সাউন্ড গ্রেনেড। ব্যবহৃত করা হয় জলকামান। এর পর থেকেই আন্দোলনের পক্ষভেদে সরকারের আলাদা অবস্থান নিয়ে চলছে আলোচনা-সমালোচনা। প্রশ্ন উঠছে, কোনো আন্দোলনে কেন সরকারের 'সদয় আচরণ' আর কোনো আন্দোলনে কেন এমন বলপ্রয়োগ; রাখাইনের জন্য মানবিক করিডর প্রতিষ্ঠার উদ্দেশ্য সম্পর্কে বলা হচ্ছে, এই করিডরের মাধ্যমে রাখাইনে দুর্যোগকবলিত মানুষের জন্য আন্তর্জাতিক সহায়তা সহজতর হবে। নিরাপত্তা বিশ্লেষকদের মতে, মানবিকতার মোড়কে বাস্তবে এটি স্ট্র্যাটেজিক উপস্থিতি নিশ্চিত করার পথ মাত্র।

আগেই বলেছি, বিশ্বের যেসব জায়গায় এ ধরনের মানবিক করিডর হয়েছে, তার কোনো কোনোটি বিবদমান পক্ষগুলোর স্বতঃস্ফূর্ত আলোচনার মাধ্যমে, আবার কোনোটি জাতিসংঘের মধ্যস্থতায় হয়েছে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কোনো একটি পক্ষ যদি এই উদ্যোগে সায় না দেয়, তাহলে জটিলতা দেখা দিতে বাধ্য। আলোচিত করিডর নিয়ে মিয়ানমার সরকার নাখোশ বলে এরই মধ্যে খবর মিলছে নানা মাধ্যমে। মিয়ানমারের ইয়াঙ্গুনে বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখার প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল মো. আফতাব হোসেনকে জরুরি ভিত্তিতে দায়িত্ব হস্তান্তরপূর্বক 'প্রতিস্থাপক ব্যতিরেকে' দেশে প্রত্যাবর্তনের আদেশ দিয়েছে প্রতিরক্ষা মন্ত্রণালয়। কোনো কোনো সংবাদমাধ্যমের দাবি, মিয়ানমার সরকারের অসন্তোষের কারণেই আফতাব হোসেনকে সরিয়ে আনা হচ্ছে। সামনের দিনগুলোতে আরও কত-কী যে দেখতে হবে!

কোনো দেশ যখন নিজের প্রধান বন্দর বিদেশি সামরিক বাহিনী বা তার সহযোগী প্রতিষ্ঠানের হাতে তুলে দেয়, তখন সে তার বাণিজ্যের পাশাপাশি নিরাপত্তা ও সার্বভৌমত্বও অনেকাংশে তুলে দেয়। বন্দর পরিচালনার ভার কাকে দেওয়া হবে বা না হবে, তা শুধু কারিগরি ও ব্যবস্থাপনাগত দক্ষতার ওপর নির্ভর করে না। একটি দেশের বন্দর হলো স্ট্র্যাটেজিক সম্পদ, যার সঙ্গে জাতীয় নিরাপত্তা সম্পর্কিত। ইচ্ছা হলেই কোনো বিদেশি কোম্পানির হাতে তার পরিচালনার ভার তুলে দেওয়া ঠিক নয়।

তথাকথিত মুক্তবাজার অর্থনীতির দেশ মার্কিন যুক্তরাষ্ট্রও বন্দরের ব্যবস্থাপনা ও কর্তৃত্বকে আর দশটা বিনিয়োগের মতো দেখে না, দেখেনি। জাতীয় নিরাপত্তা ও ভূ-রাজনৈতিক স্বার্থ বিবেচনায় যে প্রতিষ্ঠানকে যুক্তরাষ্ট্র ২০০৬ সালে টার্মিনাল পরিচালনা করতে দেয়নি, সেই ডিপি ওয়ার্ল্ডের হাতেই অন্তর্বর্তী সরকার কোন বিবেচনায় চট্টগ্রাম বন্দরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও লাভজনক টার্মিনাল পরিচালনার ভার তুলে দিতে চাইছে? ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে মার্কিন নৌবাহিনীর ঘনিষ্ঠতার কথা বিশ্বব্যাপী সুবিদিত।

চট্টগ্রাম বন্দরের টার্মিনাল পরিচালনার দায়িত্ব বিদেশিদের হাতে ছেড়ে দেওয়া কিংবা রাখাইনের জন্য করিডর চালুর সরাসরি বিরোধিতা না করলেও বিএনপি কৌশলে বিপক্ষেই কথা বলছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস গত বৃহস্পতিবার কুমিল্লায় দলীয় এক কর্মসূচিতে বলেছেন, 'দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব আজ হুমকির মুখে। একটি কথা স্পষ্ট করে বলতে চাই, আমরা আগে ছিলাম কুকুরের মুখে, এখন বাঘের মুখে পড়েছি। আমরা নির্বাচনের কথা বলছি, কারণ আমরা দেখতে পাচ্ছি, আমাদের দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিরাপদ নয়। অন্তর্বর্তী সরকার নির্বাচন দেওয়ার সরকার, দেশের নীতিনির্ধারণী বিষয়ে সিদ্ধান্ত দেওয়ার সরকার নয়। মিয়ানমারের রাখাইনে করিডর দেওয়ার সিদ্ধান্ত নেবে নির্বাচিত সরকার, এই সিদ্ধান্ত দেওয়ার মালিক আপনারা নন।'

বাঘের মুখে পড়ার এই মন্তব্য কি কেবলই রাজনৈতিক, নাকি প্রকৃত বাস্তবতা? কিছুদিনের মধ্যেই বিষয়টি আরও স্পষ্ট হবে বলে আশা করা যায়।

লেখক: সাংবাদিক ও গবেষক।

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

### এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## আদালতে মমতাজের ওপর ডিম নিক্ষেপ

৬৪ পৃষ্ঠার পর

প্রাঙ্গণে জড়ো হয়ে মমতাজের শাস্তির দাবিতে বিক্ষোভ করে বিএনপি নেতাকর্মীরা। এ সময় উত্তপ্ত হয়ে ওঠে আদালতপাড়া। এদিকে, সিংগাইরে হত্যা ও হরিরামপুরে ভাঙচুর ও মারামারির ঘটনায় পৃথক দুটি মামলায় মমতাজ বেগমকে মানিকগঞ্জের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে আদালত ছয়দিনের রিমান্ড মঞ্জুর করে। বেলা সোয়া ১১টায় মানিকগঞ্জ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-৩ এর বিচারক আইভি আক্তারের আদালতে হরিরামপুর থানার ভাঙচুর ও মারামারি মামলায় পাঁচদিনের রিমান্ড শুনানি হয়। এ সময় মমতাজের পক্ষে কোনো আইনজীবী ছিল না। শুনানি শেষে আদালতের বিচারক দুদিনের রিমান্ড মঞ্জুর করেন। এরপর বেলা সাড়ে ১১টায় সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১ বিচারক মুহম্মদ আব্দুল নূরের আদালতে ২০১৩ সালে সিংগাইর উপজেলার গোবিন্দল এলাকায় হরতালের সমর্থনে মিছিলে পুলিশের গুলিতে চারজন নিহতের মামলায় সাতদিনের রিমান্ড শুনানি হয়। এতে আদালতের বিচারক আসামি মমতাজ বেগমকে চারদিনের রিমান্ড মঞ্জুর করেন। দুই মামলায় ছয়দিনের রিমান্ড মঞ্জুর করা হয়। ওদিকে, আদালত প্রাঙ্গণে অনেক রকমের স্লোগানে উত্তপ্ত বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অপেক্ষা করেন কখন আদালত থেকে মমতাজকে বের করে নেয়া হবে। তাকে যখন আদালতের বারান্দায় আনা হয়, তখন বাইরের পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের কঠোর নিরাপত্তায় মমতাজকে গাড়িতে উঠানোর সময় তাকে লক্ষ্য করে ডিম ছোড়া হয়। এ ছাড়া তাকে লক্ষ্য করে জুতাও ছোড়া হয়। কোর্ট ওসি আবুল খায়ের জানান, ২০১৩ সালে সিংগাইর উপজেলার গোবিন্দল এলাকায় হরতালের সমর্থনে মিছিলে পুলিশের গুলিতে চারজন নিহত হন। এ ঘটনায় মমতাজ বেগমকে তিন নম্বর আসামি করে ২০২৪ সালের ২৫শে অক্টোবর উপজেলার গোবিন্দল গ্রামের মো. মজনু মোল্লা বাদী হয়ে সিংগাইর থানায় একটি হত্যা মামলা করেন। এরপর তার নির্বাচনী এলাকা হরিরামপুর থানায় হামলা, মারধর ও ভাঙচুরের অভিযোগে আরেকটি মামলা রয়েছে। গত ২৯শে অক্টোবর হরিরামপুর উপজেলা বিএনপি'র সাংগঠনিক সম্পাদক মো. দেলোয়ার হোসেন মামলাটি করেন। ওসি আরও জানান, পৃথক দুটি আদালতে রিমান্ড শুনানি হয়। এতে একটি আদালতে দুদিন ও অন্য আদালতে চারদিনের রিমান্ড মঞ্জুর হয়। আসামিকে গাজীপুর কাশিমপুর কারাগারে পাঠানো হয়েছে। এর আগে ঢাকার কয়েকটি থানায় দায়ের করা হত্যা মামলায় মমতাজ বেগম চারদিনের রিমান্ডে ছিলেন। রিমান্ড শেষে মমতাজ বেগমকে কাশিমপুর কারাগারে রাখা হয়েছিল।

## নিউইয়র্ক লায়ন্সের গভর্নর আসেফ বারী টুটুল

৬৪ পৃষ্ঠার পর

হলেন ডিস্ট্রিক্ট গভর্নর ইলেক্ট লায়ন আসেফ বারি এবং দ্বিতীয় ভাইস গভর্নর ইলেক্ট লায়ন শাহ নেওয়াজ পিএমজেএফ। লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল বিশ্বব্যাপী সেবামূলক সংগঠনের এক অনন্য নাম, যা ২০০টিরও বেশি দেশে মানবতার কল্যাণে কাজ করে চলেছে। নিউইয়র্কের অন্তর্গত ডিস্ট্রিক্ট ২০-আর২ সম্প্রতি নতুন নেতৃত্ব নির্বাচন করে এগিয়ে চলেছে আরো গতিশীল ও অন্তর্ভুক্তিমূলক সেবার দিকেই। এই নির্বাচন কেবল নেতৃত্বের পরিবর্তন নয়, বরং নতুন দৃষ্টিভঙ্গি, উদ্ভাবনী চিন্তাধারা এবং বহুজাতিক সম্প্রদায়ের ঐক্যবদ্ধতার প্রতিফলন। তিনজন নেতাই তাদের কর্মের মাধ্যমে ইতোমধ্যে ডিস্ট্রিক্ট ২০-আর২-এর সেবার পরিধিকে প্রসারিত করেছেন এবং ভবিষ্যতেও আরো মানবিক প্রকল্প ও কার্যক্রমের পরিকল্পনা করছেন।

## দেশে হামলার শিকার যুক্তরাষ্ট্র বিএনপি নেতা লতিফ সম্রাট

৬৪ পৃষ্ঠার পর

আব্দুল লতিফ সম্রাটের গাড়ি ও মোটরসাইকেল বহরে সন্ত্রাসী হামলার ঘটনা ঘটেছে। গত ১৮ মে বিকেলে কালিয়ার যোগানিয়া বাজার মোড় এলাকায় এই হামলায় অন্তত ২০ জন আহত হন। আহতদের মধ্যে আব্দুল লতিফ সম্রাটও রয়েছেন। তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে গোপালগঞ্জ সদর হাসপাতাল থেকে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

বিএনপি নেতা আব্দুল লতিফ সম্রাট জানান, তিনি বেন্দারচর সোয়াকিল এলাকায় একটি ঘোড়দৌড় প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে যাচ্ছিলেন। গোপালগঞ্জ হয়ে যোগানিয়া বাজার অতিক্রমের সময় তার বহরের ওপর সন্ত্রাসীরা লাঠিসোঁটা ও রড নিয়ে অতর্কিত হামলা চালায়। এতে বহরে থাকা ২০-২৫টি মোটরসাইকেল ভাঙচুর করা হয় এবং একাধিক মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেওয়া হয়। আব্দুল লতিফ সম্রাট অভিযোগ করেন, এ হামলার পেছনে রয়েছে নড়াইল জেলা বিএনপির সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলমের অনুসারীরা।

তিনি বলেন, এটি রাজনৈতিক প্রতিহিংসার নগ্ন বহিঃপ্রকাশ। কালিয়া পৌর বিএনপির সহ-সভাপতি ও সাবেক পৌর কমিশনার রবিউল ইসলাম বলেন, 'বিএনপি নেতা সম্রাট ঢাকা থেকে নিজের নির্বাচনী এলাকায় ঘোড়দৌড় অনুষ্ঠানে যোগ দিতে আসেন। আমরা চাপাইল ব্রিজ থেকে মোটরশোভাযাত্রাসহ বেন্দারচরের উদ্দেশে যাত্রা করি। যোগানিয়ায় পৌঁছালে হামলার মুখে পড়ি।' নড়াইল জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মুন্সি আসাদুর রহমান আরাফাত অভিযোগ করেন, 'বিশ্বাস জাহাঙ্গীর, তাঁর ভাই মিঠু বিশ্বাস এবং অনুসারী আবুল খানের নেতৃত্বে শতাধিক সন্ত্রাসী এ হামলায় অংশ নেয়।' ঘটনার পর রাত সাড়ে ৭টায় কালিয়া প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেন কালিয়া পৌর বিএনপির সেক্রেটারি সেলিম রেজা ইউনুস। তিনি বলেন, বিশ্বাস জাহাঙ্গীর আলমের পোষ্য সন্ত্রাসীরা প্রতিহিংসাপরায়ণ হয়ে বিএনপি নেতা লতিফ সম্রাটের বহরে হামলা চালিয়েছে।

আমরা দলের হাইকমান্ডের কাছে বিশ্বাস জাহাঙ্গীর ও তার সহযোগীদের বিএনপি থেকে বহিষ্কারের দাবি জানাচ্ছি এবং প্রশাসনের কাছে দোষীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।' জেলা বিএনপির সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলম সব অভিযোগ অস্বীকার করে বলেন, 'আমি বর্তমানে ঢাকায় অবস্থান করছি। কে বা কারা এই ঘটনার সঙ্গে জড়িত, তা আমার জানা নেই। বিএনপির কেউ এই হামলার সঙ্গে যুক্ত নয়।' নড়াগাতী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশিকুর রহমান বলেন, 'ঘটনাটি আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে দেখছি। হামলাকারীদের চিহ্নিত করে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।' তবে ঘটনার সময় পর্যন্ত কোনো লিখিত অভিযোগ বা মামলা দায়ের হয়নি বলেও জানান তিনি।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place
from professional expart, at home!
এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।





বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

## জমজম ট্রাভেলের হজ্ব বিষয়ক প্রশিক্ষণ

৬২ পৃষ্ঠার পর

যাত্রীদের হজ্ব পালনের বিস্তারিত নিয়মাবলি সম্পর্কে দিকনির্দেশনা দেওয়া হয়। হজ্বের বিভিন্ন ধাপ যেমন- ইহরাম পরিধান করার নিয়ম, হজ্বের সময়সূচি অনুযায়ী করণীয়, এবং নির্দিষ্ট দোয়া কখন ও কোথায় পাঠ করতে হবে- এসব বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা ও প্রশিক্ষণ প্রদান করা হয়।

এই ওরিয়েন্টেশনের মূল উদ্দেশ্য ছিল হজ্ব যাত্রীদের মানসিক ও শারীরিকভাবে প্রস্তুত করা এবং তাদের হজ্ব পালনে সহায়তা প্রদান করা, যাতে তারা সুষ্ঠুভাবে হজ্বের প্রতিটি ধাপ সম্পন্ন করতে পারেন।

আয়োজকরা জানান, হজ্বযাত্রীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে জমজম ট্রাভেল ইউএস সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ। এ বছর জমজম ট্রাভেল ইউ এস এর মাধ্যমে প্রায় ২৫০ জন ধর্মপ্রাণ মুসলমান হজ্বে যাচ্ছেন।

## অপচয় রোধে কোরআনের নির্দেশনা

২৫ পৃষ্ঠার পর

যতক্ষণ তা অপচয় ও অহংকার মিশ্রিত না হয়। (ইবনে মাজাহ, হাদিস : ৩৬০৫)।

উল্লেখ্য, আল্লাহর অবাধ্যতায় (পাপ কাজে) খরচ করা অপব্যয় এবং আল্লাহর পথে খরচ না করা কৃপণতা। আর আল্লাহর নির্দেশানুসারে ও তাঁর আনুগত্যের পথে খরচ করা হলো মধ্যপন্থা অবলম্বন করা। (তাফসিরে কাবির) অনুরূপ আবশ্যকীয় খরচে ও বৈধ খরচেও সীমা অতিক্রম করা অপব্যয় বলে গণ্য।

অতএব, সে ক্ষেত্রেও সাবধানতা ও মধ্যপন্থা অবলম্বন করা একান্ত জরুরি।

## কুরবানির প্রস্তুতি নিন

২৫ পৃষ্ঠার পর

প্রিয় বৎস, আমি স্বপ্নে দেখি যে, তোমাকে আমি জবেহ করছি। অতএব, তোমার কী অভিমত? পুত্র বলল : হে আমার পিতা, আপনাকে যা আদেশ করা হয়েছে তা বাস্তবায়ন করুন। ইনশাআল্লাহ আপনি আমাকে ধৈর্যশীল পাবেন। অতঃপর যখন তারা উভয়েই আত্মসমর্পণ করল এবং ইবরাহিম তার পুত্রকে কাত করে শুইয়ে দিল তখন আমি তাকে আহ্বান করে বললাম, হে ইবরাহিম, তুমি তো স্বপ্নকে সত্যে পরিণত করেছ। নিশ্চয়ই আমি এভাবেই সৎকর্মশীলদের পুরস্কৃত করে থাকি। নিশ্চয় এটি সুস্পষ্ট পরীক্ষা। আর আমি তাকে মুক্ত করলাম এক মহান জবেহের বিনিময়ে' (সুরা আস-সাফফাত : ১০২-১০৭)। পিতা-পুত্রের এ কুরবানি মানব ইতিহাসে অবিস্মরণীয় ঘটনা। যার মাধ্যমে মানুষ নিজের প্রবৃত্তিকে দমন করে আল্লাহর ইচ্ছার সামনে নিজেকে সমর্পণ করার দীক্ষা লাভ করে থাকে।

কুরবানির অন্যতম শিক্ষা হলো, আল্লাহর দাসত্বকে স্বীকার করে নিয়ে পরিপূর্ণ আত্মসমর্পণ করা। জাহেলি যুগের মুশরিকরা আল্লাহকে স্রষ্টা হিসেবে স্বীকার করলেও বিভিন্ন ইবাদত ও কুরবানির ক্ষেত্রে তার সঙ্গে অন্য দেবতা, মূর্তি বা প্রাকৃতিক বস্তুর অংশীদারিত্ব করত। তারা তৎকালীন বিভিন্ন কুপ্রথা ও অন্ধ অনুকরণের অনুগামী ছিল। তারা ফসল, গবাদিপশু ইত্যাদির একাংশ আল্লাহর নামে এবং অবশিষ্টাংশ লাত, উজ্জা, মানাতসহ বিভিন্ন দেব-দেবীর নামে উৎসর্গ করত এবং এসব পশুর রক্ত মূর্তির গায়ে ছিটিয়ে দিত। তারা বিশ্বাস করত, উৎসর্গকৃত পশু বা ফসল দেব-দেবীকে সন্তুষ্ট করে এবং বিপদ-আপদ থেকে রক্ষা করে। তারা নির্দিষ্ট পশুকে (বাহিরাহ, সাইবাহ, ওয়াসিলা ও হাম ইত্যাদি নামে) নিজেদের ব্যবহারের জন্য নিষিদ্ধ করে দেবতাদের উদ্দেশে মুক্তভাবে ছেড়ে দিত। আল-কুরআনে তাদের এহেন কর্মকাণ্ডকে অজ্ঞতা, প্রবৃত্তির আনুগত্য ও নিকৃষ্ট কর্ম হিসেবে উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, আর আল্লাহ যে শস্য ও চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন, সেখান থেকে তারা আল্লাহর জন্য একটি অংশ নির্ধারণ করে। অতঃপর তাদের ধারণা অনুসারে তারা বলে, 'এটি আল্লাহর জন্য এবং এটি আমাদের শরিকদের জন্য। অতঃপর যা তাদের শরিকদের জন্য, তা আল্লাহর নিকট পৌঁছে না, আর যা আল্লাহর জন্য তা তাদের শরিকদের নিকট পৌঁছে যায়। তারা যে ফয়সালা করে, তা কতই না মন্দ (সুরা আনআম, ১৩৬'। আল-কুরআনে প্রতিটি সৃষ্টিই আল্লাহর পরিবারের সদস্য ও আত্মসমর্পণকারী হিসাবে উল্লেখ করা হয়েছে। তিনি বিভিন্ন শ্রেণির জীবকে মানুষের অধীন করেছেন। এসব জীব নিজেদের জীবন বিসর্জন দেওয়ার মাধ্যমে সৃষ্টিকর্তার প্রতি আনুগত্য ও আত্মসমর্পণের বহিঃপ্রকাশ ঘটায়। তা না হলে মানুষের পক্ষে পশু কুরবানি করা অসম্ভব হয়ে যেত। এ সম্পর্কে আল্লাহ বলেন 'তারা কি লক্ষ করে না যে, তাদের জন্য আমি নিজ হাতে সৃষ্ট বস্তুদের মধ্যে সৃষ্টি করেছি গৃহপালিত জন্তু এবং তারাই এগুলোর অধিকারী। আমি এগুলোকে তাদের হাতে অসহায় করে দিয়েছি, ফলে এদের কতক তাদের বাহন এবং কতক তারা ভক্ষণ করে। তাদের জন্য এগুলোতে আছে বহু উপকারিতা আর আছে পানীয় বস্তু' (সুরা ইয়াসিন ৭১-৭৩)। আল-কুরআনের অন্য স্থানে আরও বর্ণিত হয়েছে, 'এবং কাবার জন্য উৎসর্গকৃত উটকে আমি তোমাদের জন্য আল্লাহর অন্যতম নিদর্শন করেছি। এতে তোমাদের জন্য মঙ্গল রয়েছে, সুতরাং সারিবদ্ধভাবে বাঁধা অবস্থায় তাদের জবাই করার সময় তোমরা আল্লাহর নাম উচ্চারণ কর। অতঃপর যখন তারা কাত হয়ে পড়ে যায় তখন তা থেকে তোমরা আহার কর এবং আহার করাও যে অভাবী মানুষের কাছে হাত পাতে না ও যে অভাবী মানুষের কাছে চেয়ে বেড়ায়। এমনইভাবে আমি এগুলোকে তোমাদের জন্য বশীভূত করে দিয়েছি, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর' (সুরা হজ্ব :৩৬)। আল্লাহর নির্দেশেই অন্য সৃষ্টি মানুষের প্রতি বশ্যতা স্বীকার করে থাকে। স্রষ্টার প্রতি অন্যান্য জীবের আত্মত্যাগ মানুষকে আল্লাহর প্রতি আনুগত্য, আত্মসমর্পণ ও কৃতজ্ঞতার শিক্ষা দেয়। আল-কুরআনে বর্ণিত পশু কুরবানির নির্দেশনার মাধ্যমে মানুষ হিংসা-বিদ্বেষ ও প্রবৃত্তিকে দমন করতে পারে। স্রষ্টার প্রতি আত্মসমর্পণ ও আনুগত্যের শিক্ষা লাভ করতে পারে।

পশু কুরবানির মাধ্যমে মনের পশুত্বকে দমন করার প্রস্তুতি নিন। আল্লাহ ও রাসুলের বিধানের প্রতি পূর্ণ আনুগত্য প্রকাশ করে আশরাফুল মাখলুকাত হিসাবে মর্যাদা অক্ষুণ্ন রাখুন।

লেখক : সহকারী অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি।

## নামাজের গুরুত্ব ও সৌন্দর্য

২৫ পৃষ্ঠার পর

অথবা ফেরেশতাদের অপরাধীদের সম্পর্কে জিজ্ঞেস করবে। তারা অপরাধীরা কোথায়? তাদের দেখছি না যে। পরবর্তীতে জান্নাতিরা জানবে যে, তারা তাদের পাপের কারণে জাহান্নামে নিপতিত হয়েছে। জান্নাতিদের প্রশ্ন, কোন জিনিস তোমাদের জাহান্নামে প্রবেশ করাল? জাহান্নামিদের জবাব 'আমরা নামাজ পড়তাম না' (সুরা মুদ্দাসসির-৪২-৪৩)।

আমরা অনেকেই নামাজ পড়ি। অমনোযোগ, অলসতা ও গাফিলতির সঙ্গে। দেহ মসজিদে অন্তর বাইরে থাকে। ফলে দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার পরও নানা অপরাধে লিপ্ত হই। কথা বা কাজে মানুষকে কষ্ট দেই। পরের হক আত্মসাৎ করি। মোটকথা নামাজ আমাদের কোনো ধরনের পাপ থেকে বিরত রাখে না। অথচ আল্লাহতায়ালা বলেন, নিশ্চয়ই নামাজ অশ্লীলতা ও মন্দকাজে বাধা প্রদান করে (সুরা আল আনকাবুত-৪৫)।

নামাজ যেহেতু পাপ কাজ থেকে আমাদের বিরত রাখতে পারছে না তাই প্রশ্ন হতে পারে কুরআন কি অসত্য? উত্তর হলো না। আল্লাহর কথা কি কখনো মিথ্যা হতে পারে। তাহলে নিশ্চিত ধরে নিতে হবে যে, আল্লাহতায়ালা যেভাবে নামাজ পড়তে বলেছেন আমাদের নামাজটাই সেভাবে হচ্ছে না। কারণ যারা অলসতা ও গাফিলতির সঙ্গে নামাজ পড়ে তাদের সম্পর্কে কুরআনে এসেছে কঠিন ধমকি ও হুঁশিয়ারি। আল্লাহতায়ালা বলেন-অতএব, দুর্ভোগ সেই নামাজিদের জন্য, যারা নিজেদের নামাজ সম্বন্ধে উদাসীন (সুরা মাউন-৪-৫)।

আর যারা নিজেদের নামাজের প্রতি যত্নবান। যারা নামাজকে মনে করে সর্বাধিক গুরুত্বপূর্ণ ইবাদত এবং সে অনুযায়ী নামাজ পড়ে তারাই প্রকৃতপক্ষে সফলকাম। তাদের সফলতার সার্টিফিকেট আল্লাহতায়ালা দিয়েছেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে-নিশ্চয়ই সফলকাম হয়েছে মুমিনরা। যারা নিজেদের নামাজে বিনয়াবনত (সুরা মুমিনুন-১-২)। দ্বিতীয় আয়াতে খুশু-এর অর্থ হলো কারও সামনে ভয়-ভীতির কারণে স্থির ও বিনীত হওয়া। এ জন্যই ইবনে আব্বাস (রা.) খুশুর তাফসির করেছেন খায়িফুন ও সাকিনুন শব্দ দ্বারা। অর্থ হলো ভীত ও স্থির। অর্থাৎ আল্লাহতায়ালার সামনে সম্পূর্ণ বিনয় ও একাগ্রতার সহিত দাঁড়ানো।

## লেখকের অঙ্গনের ১৬তম গ্রন্থালোচনা

৩ পৃষ্ঠার পর

এরপর লেখক, প্রাবন্ধিক সালিমা খানের সহজ, সাবলীল, বস্তুনিষ্ঠ আলোচনায় উঠে আসে শ্রী চিন্ময়ের আধ্যাত্মিক চেতনাঋদ্ধ মানব মুক্তির আর দর্শনের প্রকৃত স্বরূপ। রুচিশীল সাহিত্য পাঠের একনিষ্ঠ অনুরাগী কবি চারু হকের আলোচনায় স্থান পায় কবি সুজিত বড়ুয়ার 'বিরহের শিলালিপি' কাব্য গ্রন্থের বিভিন্ন কবিতার অন্তর্নিহিত তাৎপর্যের সূক্ষ্ম ধারার নান্দনিক দিক। সর্বশেষ আলোচক অধ্যাপিকা হুসনে আরা আরজ আলী মাতুব্বর 'রচনা সমগ্র'র তৃতীয় খণ্ডের জীবন জিজ্ঞাসার আলোকে মুক্তচিন্তা চর্চা এবং ব্যক্তি জীবনে তার প্রভাব আলোচনা করেন। অনুষ্ঠানে শাহানাজ বেগম, তানজিন মোর্শেদা, সালেহা বেগম, মহাজ্যোতি পালিত, এবিএম সালেহ উদ্দিন, মোশাররফ হোসেন, লাইব্রেরি শিরাসন সেলিনা শারমিন প্রমুখ উপস্থিত ছিলেন।

## প্রাণের শহর প্রেমের মদিনা

২৫ পৃষ্ঠার পর

পাহারা দেয়, এখানে প্লেগ ও দাজ্জাল প্রবেশ করতে পারে না' (মুসলিম)। মদিনাকে হাঁপরের সঙ্গে তুলনা করে বলেন, 'হাঁপর নিজেকে পরিষ্কার রাখে, আবর্জনা দূর করে; মদিনাও তেমনি, এখানে ভালোবাসা ও পবিত্রতা বিরাজ করে' (মুসলিম)। নবী করিম (সা.) বলেন, 'যেমন ইবরাহিম (আ.) মক্কাকে হারাম ঘোষণা করে মক্কাবাসীদের জন্য দোয়া করেছেন, আমি মদিনাকেও হারাম ঘোষণা করছি এবং এখানে মক্কায় যেভাবে বরকত রয়েছে, তার দ্বিগুণ বরকতের জন্য দোয়া করছি' (মুসলিম)। তিনি আরও প্রার্থনা করেন, 'হে আল্লাহ! আপনি মক্কায় যে বরকত দিয়েছেন, মদিনায় তার চেয়ে দ্বিগুণ বরকত দিন' (বুখারি)। আনাস (রা.) বর্ণনা করেন, নবী (সা.) যখন সফর শেষে মদিনার দেওয়ালগুলোকে দেখে থাকতেন, তখন তিনি এতটাই মদিনাকে ভালোবাসতেন যে, তার বাহন উষ্ট্রীকে দ্রুত হাঁকাতেন। এমনকি অন্য কোনো জন্তুর ওপর থাকলেও তাকে দ্রুত হাঁকাতেন (বুখারি)। তাবুক থেকে ফেরার পথে মদিনা দৃষ্টিগোচর হলে তিনি বলতেন, 'এটা হচ্ছে তাবাহ, আর এটা হচ্ছে উহুদ। উহুদ এমন পাহাড়, যা আমাদের ভালোবাসে আর আমরাও তাকে ভালোবাসি' (মুসলিম)। তিনি এতটাই মদিনার প্রতি অনুরক্ত ছিলেন যে বলতেন, 'যার পক্ষে সম্ভব, সে যেন মদিনায় মৃত্যুবরণ করে। কেননা মদিনায় মৃত্যুবরণকারীদের জন্য আমি শাফায়াত করব' (তিরমিজি)।

নবী করিম (সা.) নিজেই প্রার্থনা করতেন, 'হে আল্লাহ! আমার ইন্তেকাল যেন এ পবিত্র মদিনায় হয়।' তার এই ভালোবাসা তার ওফাতের পরও বজায় আছে, যা হাদিসে প্রতিফলিত হয়েছে। তিনি বলেন, 'কিয়ামতের ময়দানে সর্বপ্রথম আমার শাফায়াত লাভ করবে মদিনাবাসী' (বুখারি)। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, 'কিয়ামতের সময় পৃথিবীর ধ্বংসক্রিয়া চলাকালে মদিনা মুনাওয়ারা সবচেয়ে পরে ধ্বংস হবে' (তিরমিজি)।

মদিনা শুধু একটি শহর নয়, এটি এমন এক মহান সত্তার বসবাসস্থল, যার ওসিলায় রহমত বর্ষিত হয়, যার মাধ্যমে ইবাদত গ্রহণ হয়। মদিনায় এসে রওজা শরিফে সালাম দিলে তা উত্তর পায়, রওজার পাশে দোয়া কবুল হয়। মদিনার সঙ্গে রয়েছে মুমিনের ঈমান, প্রেম, কলমা ও মুক্তির এক অদ্ভুত সম্পর্ক। মদিনা মুনাওয়ারা এমন এক শহর, যেখানে হৃদয়ের সর্বোচ্চ শান্তি, আত্মার গভীর আনন্দ ও প্রেমের অপরিসীম আবেগ বিরাজ করে। এ শহরটি নবীর শহর, নবীর স্মৃতি, নবীর আদর্শের মূর্ত প্রতীক। যুগে যুগে যে ভালোবাসার দ্যুতি ছড়িয়েছে, তা আজও আমাদের হৃদয়ে অমলিন থেকে যায়। মদিনা মুনাওয়ারা একটি অনুভূতি, একটি প্রেমের নাম, যা প্রতিটি মুমিনের আত্মাকে জড়িয়ে ধরে। এখানে আসা মানেই নিজেকে নবায়ন করা, জীবনের নতুন করে অর্থ খোঁজা। মদিনা মুনাওয়ারা ইসলামের ইতিহাসের এক অমূল্য রত্ন, যা যুগে যুগে মুমিনদের হৃদয়ে অম্লান ভালোবাসার প্রতীক হয়ে থাকবে, নবী (সা.)-এর স্মৃতির সঙ্গে একাত্ম হয়ে, অবিরত আলোকিত করবে পথচলার প্রত্যেক ধাপ। এ পবিত্র ভূমি, যেখানে শান্তি, ঈমান, ও আত্মিক মুক্তি একসঙ্গে বাস করে, সেই মদিনার প্রতি মুমিনের ভালোবাসা চিরন্তন, অবিনশ্বর।


# ব্রুকলিনে বাংলাদেশি মালিকানাধীন ২৪ ঘন্টা সেবা প্রদানকারি সকল ধরনের অটো সার্ভিস প্রতিষ্ঠান

TLC CARS
HYBRIDS & EVS
Fix My Car INC.
COMPLETE AUTO REPAIR AND BODY SHOP
ALL INSURANCE WELCOME - TIRE SHOP - WHEEL ALIGNMENT - INSPECT
www.Fixmycar.nyc.

আমাদের সেবাগুলো / Our Services.

* Insppection * Diagnostics * Engine
* Transmission * Brakes * Mechanical
* Auto Body and Collision Repair
* Tire Shop * A/C Work.



আমাদের রয়েছে

* TLC কার, হাইব্রিড, Evs, গাড়ির কাজের অত্যন্ত দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞ।
* সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করা হয়।
* We Repair and Service all Makes and Models.
* Electrical, Engines Replaced, Transmission Replace.

Contact:

790 Coney Island Ave, Brooklyn, NY 11218.

TEL : 718-489-8338 / 347-987-5802.

## শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান চিন্তা ও চেতনায় অসাম্প্রদায়িক

৬ পৃষ্ঠার পর

পড়ে চট্টগ্রাম সার্কিট হাউসের ৪ নম্বর কক্ষে ঘুমে নিমজ্জিত। বাইরে মুষলধারে বজ্রবৃষ্টি। সে সময়ের একদল বিপদগামী সেনা কর্মকর্তা ষড়যন্ত্রকারীদের ক্রীড়নক হিসেবে ব্যবহার হয়ে এদেশের গণমানুষের নেতা জিয়াউর রহমানকে হত্যা করে।
জিয়াউর রহমান কর্মজীবন শুরু করেন সৈনিক হিসেবে এবং তার জীবনাবসান হয় একজন সফল রাজনীতিবিদ ও গণমানুষের নেতা হিসেবে। ঢাকা মানিকমিয়া এভিনিউতে স্মরণকালের বৃহৎ নামাজে জানাজা তার প্রতি জনগণের ভালোবাসারই বহিঃপ্রকাশ। জিয়ার রাজনৈতিক আদর্শের কর্মী-সমর্থক ও শুভানুধ্যায়ীদের উচিত জিয়াউর রহমানকে বুকে ধারণ করে সাধারণ মানুষের মধ্যে জিয়াউর রহমানের কর্মময় আদর্শ তুলে ধরা।

## কোন পথে সংস্কার ও রাজনৈতিক ঐকমত্য

৫ পৃষ্ঠার পর

বলেন যে স্বৈরাচারী শাসন প্রতিষ্ঠায় একমাত্র কোনো রাজনীতিবিদ নিজে দুই মেয়াদে প্রধানমন্ত্রী থাকার পর স্বীয় বংশধর কিংবা বশংবদ ব্যক্তিকে প্রধানমন্ত্রী বানিয়ে অবাধে স্বৈরাচারী শাসন কায়েম করতে পারেন। তিনি আরও যোগ করেন যে সংসদীয় রাজনৈতিক ব্যবস্থাসম্পন্ন অন্য কোনো দেশে এ ধরনের সীমাবদ্ধতা দেখা যায় না।
শেষোক্ত সমালোচনার উত্তরে ঐকমত্য কমিশনের সহসভাপতি বলেন যে অন্য কোনো দেশে নেই বলে বাংলাদেশে এই সীমাবদ্ধতা আরোপ করা যাবে না, তা নয়। এই উত্তর আনুষ্ঠানিকভাবে সঠিক হলেও মর্মের দিক থেকে যথার্থ কি না, তা নিয়ে প্রশ্ন হতে পারে।
আইন উপদেষ্টার প্রথমোক্ত যুক্তির কোনো সদুত্তর ঐকমত্য কমিশনের সহসভাপতি দিতে পেরেছেন কি না, তা স্পষ্ট নয়। সব মিলিয়ে বোঝা যায় যে প্রধানমন্ত্রীর মেয়াদসংখ্যা সীমিত করার প্রস্তাবের কার্যকারিতা আরও গভীর বিবেচনার দাবি করে।
৪.
রাজনৈতিক সংস্কার নিয়ে বিভিন্ন আলাপ-আলোচনা ও সুপারিশেও গভীর চিন্তার অভাব পরিলক্ষিত হয়েছে। যেমন একটি দাবি প্রায়ই করা হয় যে ১৯৭২ সালে সংবিধানের মধ্যেই 'ফ্যাসিবাদের বীজ' রোপিত ছিল। বেশির ভাগ ক্ষেত্রে এই দাবির কোনো বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয় না।
সংবিধান সংস্কার কমিশনের প্রতিবেদনেও একই রকম দাবি করে বলা হয়েছে যে ১৯৭২ সালের সংবিধানে 'প্রধানমন্ত্রীকে "নির্বাচিত একনায়কের" ক্ষমতা দিয়ে সর্বশক্তিমান করে তোলার ব্যবস্থা করা' হয় (প্রথম খণ্ড, পৃ. ৩০)। যাঁরা এই দাবির পক্ষে কিছু যুক্তি দেওয়া প্রয়োজন বলে মনে করেন, তাঁরা সাধারণত সংবিধানের ৪৮(৩), ১৪২ অথবা ৭০ অনুচ্ছেদের কথা উল্লেখ করেন।
এটা সুবিদিত, ৪৮(৩) অনুচ্ছেদ অনুযায়ী শুধু প্রধানমন্ত্রী এবং প্রধান বিচারপতি নিয়োগ ছাড়া রাষ্ট্রপতি 'তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন'। ১৪২ অনুচ্ছেদ সংসদের দুই-তৃতীয়াংশের সমর্থনের ভিত্তিতে সংবিধান সংশোধনের সুযোগ দেয় এবং ৭০ অনুচ্ছেদ দলের সিদ্ধান্তের বিরুদ্ধে সংসদ সদস্যদের ভোট দেওয়া (ফ্লোর ক্রসিং) নিষিদ্ধ করে।
লক্ষণীয়, ভারতের সংবিধানেও এই তিন বিষয়েই সমরূপী অনুচ্ছেদ রয়েছে। যেমন ৭৪ নম্বর ধারায় বলা হয়, 'রাষ্ট্রপতি তার সকল কার্যাবলি প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী সম্পাদন করিবেন'।
৩৬৮(২) অনুচ্ছেদে বলা হয়, সংবিধানের কোনো সংশোধনী প্রস্তাব যদি রাজ্যসভা এবং লোকসভায় কমপক্ষে দুই-তৃতীয়াংশ ভোটে পাস হয়, তবে রাষ্ট্রপতি তা অনুমোদন করবেন এবং এই সংশোধনী গৃহীত হবে। সবশেষে ভারতের সংবিধানের ৫২ নম্বর সংশোধনী 'ফ্লোর ক্রসিং' নিষিদ্ধ করে।
হুবহু একই রকম সাংবিধানিক বিধান থাকা সত্ত্বেও ভারতে বাংলাদেশের মতো স্বৈরাচারের উদ্ভব ঘটেনি, কিন্তু বাংলাদেশে ঘটেছে। এতে দুটি বিষয় প্রমাণিত হয়। প্রথমত, রাজনৈতিক সংস্কারের প্রস্তাবগুলো আরও গভীর চিন্তাভাবনার দাবি করে। দ্বিতীয়ত, প্রধানমন্ত্রীর মেয়াদসংখ্যা সীমিত করার মতো 'উপরিতলের' পরিবর্তন দ্বারা ভবিষ্যতে স্বৈরাচারী শাসনের উত্থান প্রতিরোধ করা কঠিন হবে।
সত্যি সত্যি স্বৈরাচারী শাসনের প্রতিরোধ করতে চাইলে আরও গভীর পরিবর্তন প্রয়োজন হবে।
৫.
সম্প্রতি প্রকাশিত কয়েকটি বইয়ে রাজনৈতিক সংস্কার সম্পর্কে আমি কিছু আলোচনা ও প্রস্তাব উত্থাপন করেছি (দ্রষ্টব্য: গভর্ন্যান্স ফর ডেভেলপমেন্ট, ২০১৬; রাষ্ট্র সংস্কার ও সংবিধান সংশোধন, ২০২৪; আনুপাতিক নির্বাচন: কী এবং কেন, ২০২৫; এবং উন্নয়নের জন্য সুশাসন: বাংলাদেশে রাজনৈতিক ও প্রশাসনিক সংস্কার, ২০২৫)।
এসব বইয়ে আলোচ্য কিছু প্রস্তাবের প্রতিফলন সংবিধান ও নির্বাচন সংস্কার কমিশনের সুপারিশগুলোয় দৃশ্যমান হয়েছে। এর মধ্যে রয়েছে আনুপাতিক নির্বাচনের আংশিক প্রয়োগ, সংসদ, প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির মেয়াদকাল ৫ বছর থেকে ৪ বছরে হ্রাস এবং রাষ্ট্রপতির নির্বাচন স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিদের অন্তর্ভুক্তকারী একটি বৃহত্তর কলেজিয়ামের ওপর ন্যস্ত করা ইত্যাদি।
কিন্তু যেভাবে এ বিষয়গুলো সুপারিশ করা হয়েছে, তাতে যৌক্তিকতার ওপর প্রয়োজনীয় গুরুত্ব দেওয়া হয়েছে কি না, তা নিয়ে সন্দেহ রয়েছে। যেমন বাংলাদেশে সংসদের একটি উচ্চকক্ষের কেন প্রয়োজন, সে বিষয়ে পর্যাপ্ত যুক্তি দেওয়া হয়নি। যুক্তির এই ঘাটতির ফলে সংসদের উচ্চকক্ষ এবং নিম্নকক্ষের ভূমিকা পৃথক্‌করণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা পাওয়া যায় না।
অন্যদিকে আনুপাতিক নির্বাচনের প্রয়োগ অপেক্ষাকৃত 'স্বল্প' গুরুত্বের উচ্চকক্ষের জন্য সীমিত করার ফলে এ ব্যবস্থার সম্ভাব্য সুফল অনিশ্চিত হয়ে যেতে পারে। পাশাপাশি নিম্নকক্ষের জন্য বর্তমানে প্রচলিত আসনভিত্তিক নির্বাচনব্যবস্থা বজায় রাখার ফলে স্থানীয় সরকারব্যবস্থার বিকাশের পথে একটি গুরুত্বপূর্ণ বাধা রয়েই গেছে।
সুতরাং এটা স্পষ্ট যে মূল রাজনৈতিক সংস্কার প্রস্তাবগুলোকে একটি পরস্পর সম্পর্কিত 'যৌক্তিক গুচ্ছে' পরিণত করার প্রয়োজনীয়তা ফুরিয়ে যায়নি। একই সঙ্গে প্রস্তাবিত সংস্কারগুলোর পক্ষে রাজনৈতিক দলগুলোর এবং ব্যাপক জনগণের সমর্থনের প্রয়োজনও রয়ে গেছে।
এই দুই প্রয়োজন মেটানোর জন্যই বর্তমানে সব রাজনৈতিক দলকে অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে উন্মুক্ত আলোচনার পদ্ধতি অধিকতর কার্যকর হতে পারে। বাংলাদেশে নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৫৫ এবং তা আরও বাড়ছে। জনগণের অন্তরালে 'সাইলো পদ্ধতি'র আলোচনার মাধ্যমে এত বিরাটসংখ্যক দলের মধ্যে রাজনৈতিক সংস্কারের অনেক গুরুত্বপূর্ণ সুপারিশ সম্পর্কে ঐকমত্যে পৌঁছানোর বিষয়ে আশাবাদী হওয়া কঠিন।
পক্ষান্তরে, উন্মুক্ত আলোচনা একদিকে রাজনৈতিক দলগুলোকে সংস্কারের প্রশ্নে পরস্পরের অবস্থানের যুক্তি বুঝতে সহায়তা করবে। নিঃসন্দেহে দলীয় সংকীর্ণ স্বার্থের কাছে যুক্তির হারিয়ে যাওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে।
কিন্তু উন্মুক্ত 'বাহাস' জনগণকে সংস্কারের প্রশ্নে বিভিন্ন রাজনৈতিক দলের অবস্থানের যৌক্তিকতা যাচাইয়ে সহায়তা করবে এবং তা রাজনৈতিক দলগুলোর জনপ্রিয়তাকে প্রভাবিত করবে। জনমতের এই চাপ দলগুলোকে ক্রমেই অধিকতর যৌক্তিক অবস্থান গ্রহণে উদ্বুদ্ধ করবে এবং তা ঐকমত্য সৃষ্টির জন্য সহায়ক হবে।
এই প্রক্রিয়ার মধ্য দিয়েও যে আগামী নির্বাচনের আগেই সংস্কারের প্রশ্নে ব্যাপক ঐকমত্যের সৃষ্টি হবে, তার কোনো নিশ্চয়তা নেই। তবে এর মাধ্যমে রাজনৈতিক সংস্কারের বিষয়ে দেশবাসীর জানা-বোঝার যে অগ্রগতি অর্জিত হবে, তা আগামী নির্বাচনের পরও সংস্কার অভিমুখী প্রয়াস ও যাত্রাকে সুগম করবে।
৬.
১৯৯০ সালের গণ-অভ্যুত্থানের মতো, ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের ফলে সৃষ্ট সংস্কারের এই সম্ভাবনা বিনষ্ট হোক, তা আমাদের কাম্য নয়। কিন্তু জনগণের অন্তরালে 'সাইলো পদ্ধতি'র আলোচনার মাধ্যমে এই সম্ভাবনার বাস্তবায়ন অনেকখানি অনিশ্চিত হয়ে পড়ছে, এমনটাই আশঙ্কা হচ্ছে।
অপরদিকে উন্মুক্ত আলোচনার পদ্ধতি সংস্কারের সম্ভাবনার আশু বাস্তবায়ন কিংবা ভবিষ্যতের জন্য তা জাগরূক রাখার জন্য সহায়ক হবে বলে প্রতীয়মান হচ্ছে। বর্তমান পরিস্থিতিতে রাজনৈতিক সংস্কার অগ্রসর করার লক্ষ্যে 'সাইলো পদ্ধতি' থেকে সরে এসে, উন্মুক্ত আলোচনার পদ্ধতি অবলম্বনের কোনো বিকল্প আছে কি?
ড. নজরুল ইসলাম: অধ্যাপক, এশীয় প্রবৃদ্ধি গবেষণা ইনস্টিটিউট ও জাতিসংঘের উন্নয়ন গবেষণার সাবেক প্রধান।

## জুলাই গণ-অভ্যুত্থানের পরে

৬ পৃষ্ঠার পর

রাজনৈতিক দলের নেতা-কর্মীরা নিজ নিজ দলে ফিরে গেছেন। তারপর আবার সেই পুরোনো দলাদলি চলছে।
গণ-অভ্যুত্থান ব্যর্থ হয় মূলত শুধু শাসক বদল না হয়ে শাসনকাঠামো একইভাবে চলার কারণে। বাংলাদেশের ইতিহাস সাহসিকতায় ভরপুর। এখন প্রয়োজন নৈতিক কল্পনাশক্তি, যে শক্তি দিয়ে আমরা নতুন করে প্রতিষ্ঠান গড়তে পারি, আমাদের নিজেদের তৈরি করে নিতে পারি এবং নিজেদের শাসনকাঠামোয় যাতে ন্যায়বিচার নিশ্চিত করতে পারি এবং সেই প্রতিশ্রুতি পূরণ করতে পারি, যা আমরা উত্তাল আন্দোলনের সময়ে বুকে ধারণ করেছিলাম।
ফ্রান্স কিংবা সোভিয়েত, যাও অথবা ফিলেল কাস্ত্রো আমাদের শিক্ষা দিয়েছে, বিপ্লব কোনো শেষ নয় বরং তা একটি সূচনা, একটা নতুন যুগের, কিছু অপার সম্ভাবনার। যতক্ষণ না আমরা সেটিকে এমনভাবে বিবেচনা করি, ততক্ষণ আমরা ইতিহাসের চক্রেই ঘুরে বেড়াব, আবারও পুরোনো স্লোগান দেব, কিন্তু সেই স্লোগানের অর্থ ভুলে যাব।
লেখক: শিক্ষার্থী, নৃ-বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

## কাশির চিকিৎসায় ঘরোয়া উপায়

২২ পৃষ্ঠার পর

তুলসীপাতা দিয়ে, মাথা টাওয়েল দিয়ে ঢেকে নিয়ে জোরে জোরে নিঃশ্বাস নিয়ে সেই পানির ভাপ নিলে খুব দ্রুত কাশি সেরে যায়।
আদা : আদার অ্যান্টি-ইনফ্লামেটরি ক্ষমতার কারণে তা কাশি নিরাময়ে খুব উপকারী। এক ইঞ্চি পরিমাণ আদা কুচি করে তা পানির সঙ্গে ফুটিয়ে নিয়ে এক কাপ পরিমাণ ঘন রস তৈরি করুন। তারপর এতে দুই চা চামচ লেবুর রস মিশিয়ে পান করুন। এটা কফ পাতলা করে গলা পরিষ্কার করবে, কাশি কমাবে। এসিডিটির সমস্যা থাকলে অবশ্যই মধু মিশিয়ে নেবেন।
মধু : আদা ও দারুচিনি দিয়ে চা বানিয়ে তাতে দুই চা চামচ লেবুর রস এবং দুই চা চামচ মধু দিয়ে খেলে কাশি উপশম হয়। চা খাওয়ার অভ্যাস না থাকলে এক গ্লাস কুসুম গরম পানিতে দুই চা চামচ লেবুর রস ও দুই চা চামচ মধু মিশিয়ে খেলেও কফ পরিষ্কার হয়।
গরম পানি ও লবণ : আদা দিয়ে পানি ফুটিয়ে সেই পানি ছেঁকে নিন। এরপর তাতে সামান্য লবণ মিশিয়ে গারগল করুন। এটা করুন নিয়মিত দিনে তিন থেকে চারবার। তবে গারগল করার আধঘণ্টা আগে ও পরে কোনো খাবার খাবেন না; কম কথা বলবেন। কারও কাশি হলে এ দাওয়াই বেশ উপকার দেবে।
লেখক : হারবাল গবেষক ও চিকিৎসক, মডার্ন হারবাল গ্রুপ।

## ফুসফুসের দীর্ঘমেয়াদি রোগ সিওপিডি

২২ পৃষ্ঠার পর

ও সংবেদনশীল হয়ে ব্যাপকভাবে স্পন্দনশীল হয়ে ওঠে। এ ধরনের ঘটনা ফুসফুসের প্রান্তিক পর্যায়েও ঘটে। যখন এই ঘটনার কারণে ফুসফুসে শব্দ হয় তখন সেটিকে অ্যাজমা বা ব্রংকিয়োলাইটিস বলে। অ্যাজমার অসংখ্য কারণ রয়েছে, তার মধ্যে জেনেটিক কারণ ছাড়া উচ্চতাপ, নিম্নতাপ, বাতাসের আর্দ্রতা, ভাসমান ক্ষুদ্র কণা, মানুষ ও পশুর চামড়া খেয়ে বেঁচে থাকা মাইটের মলসহ রেণুকণা, ফাংগাস ও অসংখ্য উদ্দীপক অ্যাজমা ও সিওপিডির কারণ হয়ে কাজ করে।
১৩ হাজার ৪০০ রোগীর ওপর পরিচালিত লেখকের অ্যাজমাসংক্রান্ত গবেষণানির্ভর গ্রন্থ 'অ্যালার্জি অ্যাজমা সাম্প্রতিক গবেষণা ও চিকিৎসায়' অসংখ্য উদ্দীপকের কথা উঠে এসেছে। এ ক্ষেত্রে সিওপিডির কারণ হিসেবে এমফাইসেমা ও ক্রনিক ব্রংকাইটিস আলোচিত হয়েছে। এ কারণে ফুসফুস বাতাসের অক্সিজেন সংগ্রহ করে পরিসঞ্চালন করতে ব্যর্থ হয়ে রক্তে অক্সিজেন কমিয়ে দেয় এবং রক্তে বিদ্যমান কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি পায়। এতে হৃৎপিণ্ড, মস্তিষ্ক ও শরীরের কোষ তুলনামূলকভাবে অক্সিজেনশূন্য হয়ে নির্জীব হয়। এতে দীর্ঘ মেয়াদে হৃৎপিণ্ড ক্ষতিগ্রস্ত হয় এবং অতিরিক্ত কাজ করে অক্সিজেন সরবরাহ বাড়িয়ে শরীরকে সচল রাখার জন্য হৃৎপিণ্ড ক্রমান্বয়ে দ্রুতগতিতে চলতে থাকে। রক্তে অক্সিজেনের স্বল্পতার কারণে দেহে রক্তের অপ্রত্যাশিত বায়োকেমিক্যাল পরিবর্তন হয়। এতে রক্তে বিদ্যমান গ্যাসজাতীয় পদার্থ ও পিএইচসংক্রান্ত ভারসাম্য নষ্ট হয় এবং রোগীর শরীরে কোষগুলো ক্রমান্বয়ে অসুস্থ হয়ে পড়ে।
শনাক্তকরণ : ক্রনিক ব্রংকাইটিস রোগটি ক্লিনিক্যালি শনাক্ত করতে হয়। এই রোগের একটা সংজ্ঞা রয়েছে। বছরে কমপক্ষে তিন মাস ধরে পর পর দুই বছর কাশি থাকলে ক্রনিক ব্রংকাইটিস রোগটি হয়েছে বলে মনে করা হবে। এমফাইসেমা ও ক্রনিক ব্রংকাইটিস বুকের এক্স-রে দ্বারা সহজে শনাক্ত করা যায়। রোগের লক্ষণ দেখে এবং ইতিহাস জেনেও এসব রোগ শনাক্ত করা যায়।
সাধারণত এই রোগে বুকে শ্লেষ্মা ও কাশি হয়, কিন্তু শ্বাসকষ্ট হয় না বা কম হয়। তবে কারো কারো ফুসফুস সংবেদনশীল হয়ে থাকলে তাদের শ্বাসনালির সংকোচন হয় এবং রোগী শ্বাস নিলে বুকে শব্দ হয়। এ অবস্থায় রোগী ক্রনিক অ্যাজমেটিক ব্রংকাইটিস রোগে আক্রান্ত হয়েছে বলে মনে করতে হবে।
সমস্যা
ব্রংকাইটিস রোগে আক্রান্তদের মধ্যে যারা গুরুতরভাবে ধূমপায়ী, তাদের ফুসফুসে বাতাস ঢুকতে অসুবিধা হয়। এদের অনেকে এমফাইসেমা রোগে আক্রান্ত হয়। এ ধরনের রোগকে অবস্ট্রাকটিভ ক্রনিক ব্রংকাইটিস বলে। বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা, কার্বন মনো-অক্সাইড, কার্বন ডাই-অক্সাইড, নাইট্রোজেন ডাই-অক্সাইড, মিথেন, বিশেষ ক্ষেত্রে তামাকের তরল আস্তর, কার্বন, নিকোটিন ইত্যাদি ব্রংকাইটিসসহ সিওপিডি তৈরিতে ভূমিকা পালন করে। এতে ফুসফুসে অক্সিজেন ধারণক্ষমতা ও পরিসঞ্চালন করার ক্ষমতা ব্যাপকভাবে কমে যায়। এতে হৃৎপিণ্ডের ওপর চাপ বাড়ায় তা বড় হয়ে মস্তিষ্কে অক্সিজেন সরবরাহ কমায় এবং স্মৃতিশক্তি লোপসহ মস্তিষ্কের নানা রোগ, অস্থি রোগ, উচ্চ রক্তচাপ ইত্যাদি ঘটায়। এতে অনেকে অ্যাজমা রোগও হয়।
এমফাইসেমা এমন একটি রোগ, যেখানে প্রান্তিক ব্রংকিয়লের সীমানায় অবস্থিত বাতাসের নালি ও ব্যাগগুলো সব সময়ের জন্য ফুলে যায়। এই রোগে বাতাসের নালি ও ব্যাগগুলোর স্বাভাবিক দেয়াল নষ্ট হয়ে যায়। এমফাইসেমা চার ধরনের হয়। এর মধ্যে সেন্ট্রি-এসিনার ও প্যান-এসিনার সবচেয়ে বেশি সমস্যা করে, সব ধরনের এমফাইসেমার মধ্যে ৯৫ শতাংশই সেন্ট্রি-এসিনার গোত্রভুক্ত।
প্যান-এসিনার এমফাইসেমায় প্রান্তিক ব্রংকিয়ল ও এ্যালভিওলাই দুটিই ফুলে যায়। এ ধরনের এমফাইসেমায় আলফা-এন্টিট্রিপসিন নামের এক ধরনের এনজাইমের অভাবে হয়ে থাকে। এটি একটি জেনেটিক রোগ। এই রোগে ইলাস্টেসের মাত্রা বৃদ্ধি পায়। ফুসফুসের দেয়াল ধ্বংস করে দেয় এই ইলাস্টেস।
সব মিলিয়ে বৈশ্বিক তাপ ও আর্দ্রতা কমিয়ে তামাকের ব্যবহার ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে ব্যর্থ হলে এ রোগ নিয়ন্ত্রণ করা যাবে না। একমাত্র অ্যাজমা ও সিওপিডির কারণে কোটি কোটি মানুষ কর্মক্ষমতা হারিয়ে অকালে মৃত্যুবরণ করবে। সিওপিডির কারণে ২০১৯ সালে ৩.৩ মিলিয়ন মানুষের মৃত্যু হয়। উন্নত বিশ্বে ৭০ শতাংশ ক্ষেত্রে তামাকের ধোঁয়া এবং অনুন্নত বিশ্বে গৃহাভ্যন্তরে বায়ুদূষণসহ ধূমপান সিওপিডির অন্যতম কারণ। সারা বিশ্বে মৃত্যুদূত হিসেবে এর অবস্থান সপ্তমে। আর এই বায়ুদূষণ রোধে তরল হাইড্রোজেন জ্বালানি, বায়ুচালিত বিদ্যুৎ, পারমাণবিক বিদ্যুৎ এবং বিকল্প জ্বালানির ব্যবহার ছাড়া জীবন বাঁচানোর আর কোনো পথ নেই।
চিকিৎসা
সিওপিডিতে রোগের প্রধান লক্ষণ কাশি ও শ্বাসকষ্ট। কখনো বুকে শব্দ হয়। সিওপিডির সঙ্গে হৃৎপিণ্ডের সমস্যা, দুর্বল পেশি, ভঙ্গুর হাড়, শারীরিক ও মানসিক বৈকল্যের সম্পর্ক রয়েছে।
সিওপিডিতে চিকিৎসক রোগীর লক্ষণ ও পর্যায় বুঝে চিকিৎসা দেন। সংক্রমণ থাকলে অ্যান্টিবায়োটিক দেওয়া হয়। এ ক্ষেত্রে বিভিন্ন ওষুধের কম্বিনেশন থেরাপি দিয়ে থাকেন চিকিৎসকরা। বর্তমানে নতুন কিছু কার্যকর ওষুধ বেরিয়েছে।
সিওপিডি রোধে করণীয়
* পুষ্টিকর খাবার গ্রহণ
* ধূমপান বর্জন করতে হবে
* ধুলাবালি, মাটির চুলার ধোঁয়া এড়িয়ে চলতে হবে, প্রয়োজনে মাস্ক ব্যবহার করতে হবে।
* প্রতিবছর নিউমোনিয়া, ফ্লু এবং হাঁপের ভ্যাক্সিন অ্যাকসিন দিতে হবে। প্রয়োজনে নিয়মিত অক্সিজেন ব্যবহার করতে হবে।
* কাঠ, শুকনা জ্বালানি, কয়লা, সিমেন্ট ও অ্যাসবেস্টসযুক্ত পরিবেশ পরিহার করতে হবে।
লেখক : প্রেসিডেন্ট এবং প্রধান গবেষক, অ্যালার্জি অ্যাজমা ও এনভায়রনমেন্টাল রিসার্চ ইনস্টিটিউট, বাংলাদেশ।

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# ব্যাথার যন্ত্রনায় ভুগছেন ? আর কোন চিন্তা নয়!

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রেই আছে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফিজিক্যাল থেরাপির বিশ্বস্ত প্রতিষ্ঠান!

## প্লাস ফিজিক্যাল থেরাপি পিসি
## PLUS PHYSICAL THERAPY PC

40-16 74th street Elmhurst, NY 11373

আমরা অভিজ্ঞ মহিলা থেরাপিস্ট দ্বারা যত্নসহকারে মহিলা এবং পুরুষ রোগীদের ১০০ শতাংশ সেবা দিয়ে থাকি।



যে কোন ধরনের ব্যাথা নিরাময়ের জন্য আমাদের এখানে এসে সম্পূর্ণ সুস্থ ও নিরাময় বোধ করুন।





বিস্তারিত জানতে কল করুন

তাহেরা রহমান : ৬৪৬-৮৭২-৯৭৬৮



# Starling Car Service LLC

*Best Choice for your trip*



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation







Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825



2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
**Base Letter & Base Affiliate**



# BOUTIQUE STORE FOR SALE
# বুটিক স্টোর বিক্রি হবে!!

জ্যাকসন হাইটস এর প্রান কেন্দ্র ১০০% ব্যবসায়িক ও অভিজাত এলাকা ৭৪ স্ট্রিটের উপর সম্পুর্ণ চালু অবস্থায় বুটিক শপ মালিকের ব্যক্তিগত অসুবিধা ও অপারগতার কারনে বিক্রি করা হবে আগ্রহী ক্রেতারা যোগাযোগ করুন



Store-1



Store-2

মোট ২ টি স্টোরের যে কোন একটি ক্রেতার পছন্দ অনুযায়ি বিক্রি করা হবে ২ টি স্টোরই অত্যন্ত লাভজনক প্রতিষ্ঠান।

বিস্তারিত জানতে কল করুন

# Cell: 646-250-5204

## স্ট্রোকের ঝুঁকি থেকে বাঁচতে করনীয়

২২ পৃষ্ঠার পর

* উচ্চ রক্তচাপ
* ডায়াবেটিস
* রক্তে কোলেস্টেরলের আধিক্য
* স্থূলতা
* ধূমপান
* মদ্যপান
* হার্টের রোগ
* শারীরিক পরিশ্রম না করা
* মানসিক অবসাদ
* সঠিক খাদ্যাভ্যাস না মানা

এ কারণগুলো কিন্তু আমাদের নিয়ন্ত্রণের মধ্যে। আরো কিছু কারণ আছে, যেগুলোর জন্যও স্ট্রোক হতে পারে। যেমন-বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ঝুঁকি বাড়ে, পুরুষদের ঝুঁকি বেশি, বংশে কাছের আত্মীয়দের স্ট্রোকের ইতিহাস থাকলে ঝুঁকি বাড়ে। রক্তনালির সমস্যা যেমন: রক্তনালিতে ফোস্কা বা এনিউরিজম বা এভিএম বা রক্তনালি অস্বাভাবিক কমিউনিকেশনের জন্যও স্ট্রোক হতে পারে।

চিকিৎসা

হার্ট অ্যাটাক হলে আমরা রোগীকে দ্রুত হাসপাতালে নেই। হৃৎপিণ্ডের রক্তনালিতে রক্ত জমে গেলে হৃৎপিণ্ডে রক্ত চলাচল ব্যাহত হয়। ফলে হৃৎপিণ্ডের মাংসপেশি নষ্ট হয়ে যায়। একেই বলে হার্ট অ্যাটাক। হার্ট অ্যাটাকে আক্রান্ত নিশ্চিত হওয়ার পর চিকিৎসক হার্টের রক্তনালিতে জমাট বাঁধা রক্ত গলিয়ে ফেলতে এক ধরনের ওষুধ শিরাপথে দিয়ে থাকেন। একে বলে স্ট্রেপ্টোকাইনেজ। একই রকমভাবে মস্তিষ্কের রক্তনালিতে রক্ত জমাট বাঁধলে জমাট বাঁধা রক্ত গলিয়ে ফেলতে এক ধরনের ওষুধ ব্যবহার করা হয়। মস্তিষ্কের স্ট্রোকে যে ওষুধ ব্যবহার করা হয় সেটিকে বলে এল্টিপ্লেজ।

যাদের রক্তনালী রক্ত জমে বন্ধ হয়ে যায় তাকে ইস্কেমিক স্ট্রোক বলে। তাদের এল্টিপ্লেজ দেওয়া যায়। আবার সব ইস্কেমিক স্ট্রোক রোগীকে এই চিকিৎসা দেওয়া যায় না। তো কাদের দেওয়া যায়?

* যাদের ইস্কেমিক স্ট্রোক হয় এবং উপসর্গ দেখা দেওয়ার সাড়ে চার ঘণ্টার মধ্যে যদি হাসপাতালে আনা হলে তাদের এল্টিপ্লেজ দেওয়া যায়। * অনেকের ক্ষেত্রে ঘুমের মধ্যে স্ট্রোক হয়। তাদের তো সময় মাপা সম্ভব হয় না। তাদের ক্ষেত্রে এমআরআই পরীক্ষা করে দেখতে হয় এ চিকিৎসা দেওয়া যাবে কি না। যদি এমআরআই পরীক্ষা সন্তোষজনক হয় তাহলে এই চিকিৎসা দেওয়া যাবে। * বয়স ১৮ বছরের বেশি হতে হবে।

১৯৯৬ সালে এফডিএ স্ট্রোকের আধুনিক চিকিৎসা হিসেবে এল্টিপ্লেজের অনুমোদন দেয়। তখন থেকেই বিশ্বব্যাপী স্ট্রোকের চিকিৎসা হিসেবে আইভি থ্রোম্বোলাইসিস ব্যবহার করা হচ্ছে। আধুনিক এই চিকিৎসার ফলাফল কিন্তু বেশ আশাব্যঞ্জক। গবেষণায় দেখা গেছে, এই চিকিৎসা পাওয়া রোগীদের ৭০ শতাংশের উন্নতি হয়। আরেকটি গবেষণায় দেখা গেছে, যাদের আইভি থ্রোম্বোলাইসিস করা হয়েছে তিন মাস পর তাদের ৫০ শতাংশ নিজের কাজ নিজেই করতে পারে, ১৫ শতাংশ অন্যের কিছু সাহায্য দরকার হয়, ১৫ শতাংশ অন্যের ওপর পুরোপুরি নির্ভরশীল হয় এবং ২০ শতাংশ মারা যায়। কাজেই প্রায় ৭০ শতাংশ ব্যক্তি স্বাভাবিক জীবন যাপন করতে পারে। এই সংখ্যা কিন্তু অনেক বেশি।

মেকানিক্যাল থ্রোম্বেক্টমি-স্ট্রোকের অত্যাধুনিক চিকিৎসা : ইস্কেমিক স্ট্রোকের রোগী সাড়ে ৪ ঘণ্টার মধ্যে এলে তাদের এল্টিপ্লেজ দিয়ে আইভি থ্রোম্বোলাইসিস করা যায়। কিন্তু এই সময়ের পরে এলে কি আর চিকিৎসা নেই? না, চিকিৎসা আছে।

## বাংলাকে জাতিসংঘের পূর্ণাঙ্গ দাপ্তরিক ভাষা করার দাবী

৩ পৃষ্ঠার পর

এমপিই, কামরুল হাসান চুন্নু, আরজু মিয়া এমপিই, ডা. মো. আব্দুল খালিক, আব্দুল কাদির আবুল, মাসুদ আহমেদ, এডভোকেট মীর গোলাম মোস্তফা, সাংবাদিক ফারুক যোশী, রুহুল আমিন রুহেল, নাজমুল ইসলাম চৌধুরী, শিপ্লিল মিয়া, ইনজিনিয়ার আব্দুল মুমিন চৌধুরী বুলবুল, শহীদুল হক চৌধুরী লিটন, আব্দুর রশীদ ভুইয়া, কামাল এমনি রহমান, আশফাকুল আম্বিয়া, সাংবাদিক মোহাম্মদ মারুফ, ও সাংবাদিক জয়নাল ইসলাম প্রমুখ।

সভায় স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট কমিউনিটি লিডার ও সিনিয়র সাংবাদিক কে এম আবু তাহের চৌধুরী। সভার শুরুতেই সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ড. জোনায়েদ টনি হক'র মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও রুহের মাগফিরাত কামনা করা হয়। এছাড়া সংগঠনের কেন্দ্রীয় কমিটির সদস্যদের মধ্যে আলহাজ্ব নাসির আহমেদ, মিয়া মনিরুল আলম, হাজী মোহাম্মদ তাহির আলী, আলহাজ্ব জিল্লুল হক ও আবরুহ মিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাদের শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়।

সভার সভাপতি কে এম আবুতাহের চৌধুরী ও সাধারন সম্পাদক মোকাদ্দেল হোসেন চৌধুরী ২০০৬ সাল থেকে বাংলাকে জাতিসংঘের দাপ্তরিক ভাষার যে দীর্ঘ ক্যাম্পেইন হয়েছে তার ইতিহাস ও প্রেক্ষাপট বর্ননা করেন এবং সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বক্তারা বলেন, বাংলাদেশ সরকার এগিয়ে এলে ও ক্যাম্পেইন আরো জোরদার করতে পারলে পূর্ণ দাপ্তরিক ভাষা হিসাবে স্বীকৃতি আদায় করা সম্ভব হবে।

সভায় সকল সদস্যদের মতামতের ভিত্তিতে মোকাদ্দেল হোসেন চৌধুরীকে প্রেসিডেন্ট ও ফয়জুর রহমান চৌধুরীকে সেক্রেটারী জেনারেল হিসাবে নির্বাচিত করা হয়। আগের কমিটির সদস্যরা বহাল থাকবেন। কার্যকরী কমিটিতে ডা. আব্দুল খালিক, এমদাদ হোসেন, মোহাম্মদ মারুফ, জয়নাল ইসলাম, রুহুল আমিন রুহেলকে অন্তর্ভুক্ত করা হয়।

## নিউইয়র্কে বাংলাদেশির ১.৮২ মিলিয়ন ডলার জরিমানা

১ পৃষ্ঠার পর

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট থেকে ওই পরিমাণের জরিমানার তথ্য জানিয়ে চিঠি এসেছে। তারপর শুরু হয় নতুন উদ্বেগ।

এটর্নী মঈন চৌধুরী বলেন, ১৯৯৫ সালে তার অ্যাসাইলামের আবেদন নাকচ হয়ে যায়। এটা হচ্ছে সিভিল প্যানাল্টি। ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন-বিরোধী কঠোর পদক্ষেপের পরিপ্রেক্ষিতে খুব বেশী আশার আলো নেই। ওই প্রবাসীর পক্ষে এত বিপুল অংকের জরিমানা পরিশোধ করাও সম্ভব হবে না।

উল্লেখ্য, বহিষ্কারের নির্দেশ অমান্য করলে সিভিল প্যানাল্টির বিধানের মত অভিবাসন ভিসায় যুক্তরাষ্ট্রে আসার পরই যারা ফেডারেল সরকারের নানা সুবিধা নেন-সে কারণে এমন লোকজনকে স্পন্সরকারীর মোটা অংকের জরিমানার বিধান রয়েছে। সেটি এতদিন কার্যকর হতে দেখা যায়নি। এখন হয়তো সে বিধিও বহাল করা হতে পারে। তাই স্পন্সরের ব্যাপারে সকলকে সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে।

## জ্যামাইকায় বাংলাদেশির বাড়িতে 'ডিম' হামলা

১ পৃষ্ঠার পর

গত ১৮ এপ্রিল রাত ১০:৩৪ মিনিটে টেলিফোনে হুমকি দেওয়া হয়েছে বলে তিনি অভিযোগ করেন। ডিম দিয়ে হামলার সিসিটিভির ফুটেজের রেকর্ড তিনি এডভোকেট মাহফুজার রহমান পুলিশকে দিয়েছেন। জ্যামাইকার ১০৮-৫৮ স্ট্রিটের একটি বাড়ির মালিক অ্যাডভোকেট মাহফুজার রহমান অভিযোগে জানান, 'কমিউনিটির একটি সংগঠনের নেতৃত্ব নিয়ে আমার সাথে ইকবালের মতবিরোধ শুরু হয়। তারপর জ্যামাইকায় ক্রয়কৃত বসতি বাড়ি থেকে আমাকে উচ্ছেদ করে দিবে বলে তিনি হুমকি দেন। এনিয়ে সে বারবার চ্যালেঞ্জ করতে থাকে।' তারপর গত ১৬ মে ২০২৫ রাত ১১টায় একটি গাড়ীর পেছনে থেকে লিভিং রুমে ডিম নিক্ষেপ করে। বারবার ডিম নিক্ষেপ করার ফলে লিভিং রুমের জানালা এবং দেয়াল লেপ্টে যায়। ডিম যে নিক্ষেপ করেছে তাকে ফুটেজ দেখে চিহ্নিত করা হয়েছে। বাড়ির সামনে পার্কিং করা একটি গাড়ীর পাশে থেকে বাড়ি লক্ষ্য করে ডিম নিক্ষেপ করা হচ্ছিল। ভুক্তভোগি মাহফুজার রহমান পুলিশ ও কমিউনিটির নেতৃবৃন্দের কাছে এ বিষয়ে প্রতিকার চেয়ে লিখিত অভিযোগ দিয়েছেন।

## প্রতিরোধযোগ্য জরায়ুর মুখের ক্যান্সার

২২ পৃষ্ঠার পর

* কোনো প্রকার লক্ষণ না-ও থাকতে পারে।

শনাক্তকরণ

এই রোগ থেকে বাঁচার জন্য স্ক্রিনিংয়ের ওপর পর্যন্ত জোর দিতে (ক্যান্সার শনাক্তকরণ) বলা হয়েছে।

* ভায়া
* প্যাপস্মিয়ার
* কলপোসকোপি
* কলপোস্কোপির সাহায্যে সন্দেহজনক স্থান থেকে সারভাই-ক্যাল টিস্যু নিয়ে বায়োপসি পরীক্ষা করা
* স্ক্রিনিং পরীক্ষা সাধারণত বিয়ের তিন বছর পর থেকে তিন বছর অন্তর করাতে হয় ৬৪ বছর বয়স পর্যন্ত।
* এইচপিভি ডিএনএ টেস্ট

প্রতিরোধব্যবস্থা

* ভ্যাকসিন প্রদান
* অল্প বয়সে বিয়ে ও বাচ্চা গ্রহণ নিষেধ
* বহুগামিতা পরিহার
* জন্মনিয়ন্ত্রণকরণ বড়ি স্বল্প মেয়াদে গ্রহণ

সারভাইক্যাল ক্যান্সারের প্রতিষেধক টিকা বা ভ্যাকসিনেশন প্রোগ্রাম এখন যুগান্তকারী প্রতিরোধব্যবস্থা হিসেবে বহুল আলোচিত বিষয়। এই টিকা ইপিআইয়ের অন্তর্ভুক্ত হয়েছে। পঞ্চম শ্রেণি হতে দশম শ্রেণির বালিকাদের জন্য টিকার নতুন শিডিউল করা হয়েছে। দুই ডোজ টিকা দেওয়া হবে সরকারিভাবে। ১৫ থেকে ৪৫ বছরের নারীরাও এই টিকা নিতে পারবে প্রাইভেট সেক্টর থেকে।

চিকিৎসা

জরায়ুর ক্যান্সারের জন্য রয়েছে একাধিক চিকিৎসাব্যবস্থা। চিকিৎসকের সাহায্যে ক্যান্সারের ধাপ নির্ণয় করে চিকিৎসা প্রদান করা হয়ে থাকে।

* সার্জারি অথবা শল্য চিকিৎসা
* রেডিওথেরাপি
* কেমোথেরাপি
* ইমিউনো থেরাপি
* টার্গেটেড থেরাপি ইত্যাদি

লেখক : স্ত্রীরোগ ও প্রসূতিবিদ্যা বিশেষজ্ঞ এবং সার্জন, কনসালট্যান্ট, ওজিএসবি ও আইআরসিএইচ, ঢাকা।

## বাংলাদেশি ছাত্রীর মৃত্যুকে ঘিরে ভাইরাল

৩ পৃষ্ঠার পর

তার পরিবারের কাছে ফিরিয়ে দিতে। তবে তা কতদিনের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে তা জানা যায়নি। বর্তমানে নাজাহ'র মরদেহ জর্জিয়ার এমোরি হাসপাতালে রাখা হয়েছে। তার সাথে থাকা পাসপোর্ট থেকে পাওয়া তথ্য সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে যায়।

নাজাহ সম্পর্কে জানা যায়, সে পড়াশোনা করতে আসার পর মেহেদি নামের একজনকে বিয়ে করেন। এক সময় মাদকাসক্ত হয়ে পড়েন। তবে নাজাহ'র অসুস্থতা এবং হাসপাতালে ভর্তির বিষয়টি তার পরিবার জানতো বলে তার বাবা জানিয়েছেন।

নাজাহ ঢাকায় থাকাকালিন ধানমন্ডি ২ নম্বর রোডে 'ঢাকা সিটি কলেজ' থেকে এইচএসসি পাস করে ২০১৭ সালে। অনার্স শেষ করে ঢাকা ক্যান্টনমেন্টের 'বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) থেকে অর্থনীতি বিষয়ে। তারপর উচ্চ শিক্ষার আশায় স্টুডেন্ট ভিসায় চলে আসেন আমেরিকায়। নাজাহ এবং তার পরিবারের স্বপ্ন ছিল একদিন উচ্চতর ডিগ্রি নিয়ে সে সকলের মুখ উজ্জ্বল করবে।






দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# সিরিজ হেরে লজ্জার ২ বিশ্বরেকর্ড গড়ল বাংলাদেশ

আজকাল স্পোর্টস

আরব আমিরাতের বিপক্ষে সিরিজের দ্বিতীয় ম্যাচে অন্তত শেষ পর্যন্ত লড়াই করেছিল লিটন দাসের দল। কিন্তু তৃতীয় ম্যাচে এসে বাংলাদেশকে লড়াইয়ে দেখাই যায়নি কোনো পর্যায়ে। ফলে তিন ম্যাচের সিরিজটি ২-১ ব্যবধানে হেরে যায় টাইগাররা।

আরব আমিরাতের বিপক্ষে বাংলাদেশ শেষ ম্যাচটা হেরেছে ৭ উইকেটের বড় ব্যবধানে। সবমিলিয়ে সহযোগী দেশের বিপক্ষে এটি বাংলাদেশের ১১তম হার। অফিসিয়াল ম্যাচের হিসেবে ১০ম ম্যাচে। সিরিজ বিবেচনায় ৩য় সিরিজ হার। সবশেষ এক বছরের মধ্যে দুবার আইসিসির সহযোগী দেশের কাছে হেরেছে বাংলাদেশ।




কাকতালীয়ভাবে, ২০২৪ সালে ২১ মে তারিখেই যুক্তরাষ্ট্রের বিপক্ষে সিরিজ হেরেছিল বাংলাদেশ। ২০২৫ সালে এসেও ২১ মে তারিখেই আরব আমিরাতের কাছে হারতে হলো সিরিজ। আর সেটাই টাইগার ক্রিকেটে লজ্জাজনক দুই বিশ্ব রেকর্ডের স্বীকৃতি এনে দিয়েছে।

টেস্ট ক্রিকেটের শীর্ষস্তরে বা টেস্ট চ্যাম্পিয়নশিপ খেলা ৯ দেশের মধ্যে প্রথম দেশ হিসেবে সহযোগী সদস্যদের কাছে ১০ টি-টোয়েন্টি হেরেছে বাংলাদেশ। ৫ হারের রেকর্ডও অবশ্য অন্য কোনো দেশের নেই। দ্বিতীয় সর্বোচ্চ ৪ টি-টোয়েন্টি হেরেছে ওয়েস্ট ইন্ডিজ।

বাংলাদেশের বিপক্ষে ঐতিহাসিক সিরিজ জয় ভবিষ্যতে অনেক সাহায্য করবে : শুরুতে পিছিয়ে পড়েও টি-টোয়েন্টিতে বাংলাদেশের বিপক্ষে ২-১ ব্যবধানে ঐতিহাসিক সিরিজ জিতেছে সংযুক্ত আরব আমিরাত। যাকে দেশটির ক্রিকেটের ভাগ্য নির্ধারক হিসেবে ধরা হচ্ছে। আমিরাতের অধিনায়ক মোহাম্মদ ওয়াসিম মনে করেন, ঐতিহাসিক জয় দেশটির ক্রিকেটের ভবিষ্যৎ গঠনের দীর্ঘ পথে ভূমিকা রাখবে।

সিরিজ শুরুর আগে পাঁচজন নতুন খেলোয়াড় দলভুক্ত করা স্বাগতিকরা অভিজ্ঞতার সীমা ছাড়িয়ে অসীম সাহস ও পরিপক্কতা দেখিয়েছে। যার চূড়ান্ত রূপ পায় বুধবার রাতে। ১৬৩ রানের লক্ষ্য মাত্র ৩ উইকেট হারিয়ে ৫ বল আগেই ছুঁয়েছে তারা। বাংলাদেশের মতো টেস্ট খেলুড়ে দেশের বিপক্ষে অবিশ্বাস্য সিরিজ জয় নিঃসন্দেহে আমিরাতের ক্রিকেটে বড় অর্জন। তাই ম্যাচের পর সিরিজ সেরা হওয়া ওয়াসিম সতীর্থদের নিয়ে নিজের গর্ব লুকাতে পারেননি, 'আমি খুব খুশি। ওরা পুরো সিরিজজুড়ে দারুণ খেলেছে। আমরা আশা হারাইনি এবং সবাইকে আশাবাদী রেখেছিলাম। আমরা শারজায় যে কোনও স্কোর তাড়া করতে পারি, সেটা যে কোনও দলের বিপক্ষে। কারণ আমরা এর সঙ্গে অভ্যস্ত।'

ইতিহাস গড়া নিয়ে ওয়াসিম এরপর ২৮ পৃষ্ঠায়



## সিরিজ হারের পর যা বললেন লিটন

আজকাল স্পোর্টস

এমনটা মনে হয় লিটন কিছুদিন আগেও ভাবেননি যে সংযুক্ত আরব আমিরাতের কাছে টি-টোয়েন্টি সিরিজ হারবে বাংলাদেশ। তবে এমনটাই হয়েছে। বুধবার (২১ মে) সিরিজ নির্ধারণী ম্যাচে বাংলাদেশকে ৭ উইকেটে হারিয়ে ২-১ ব্যবধানে সিরিজ জিতে নেয় স্বাগতিকরা। সিরিজ হারের পর সব অধিনায়কদের মতো একই কথা বললেন লিটন দাস। সিরিজের সবকটি ম্যাচে টস হেরেছে বাংলাদেশ। গতকাল টস হারের পর প্রথমে ব্যাট করতে নেমে ব্যাটিং ধস নামে বাংলাদেশের। ৮৪ রানে ৮ উইকেট হারিয়ে মহাবিপদে পরে টাইগাররা। তবে শেষ পর্যন্ত ২০ ওভার ব্যাট করে ৯ উইকেটে ১৬২ রানের পুঁজি পায় বাংলাদেশ। এরপর ২৮ পৃষ্ঠায়





## বাংলাদেশ-পাকিস্তান সিরিজে কমলো ম্যাচের সংখ্যা

আজকাল স্পোর্টস

ঈদুল আজহার আগে দেশে ফেরার জন্য পাকিস্তান সফরের দুটো ম্যাচ কমানোর জন্য বিসিবিকে অনুরোধ করেছিলেন বাংলাদেশ জাতীয় দলের ক্রিকেটাররা। খেলোয়াড়দের চাওয়াকে প্রাধান্য দিয়ে গত ১৯ মে পিসিবির কাছে প্রস্তাব রাখে বিসিবি। সেই প্রস্তাবে এবার সায় দিয়েছে পিসিবিও।

পাকিস্তান সফরে দুটো ম্যাচ কমিয়ে ৫ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ ৩ ম্যাচে আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে বিসিবি এবং পিসিবি। ২০ মে বিসিবির এক সূত্র এই তথ্য নিশ্চিত হওয়া গেছে। একই খবর জানিয়েছে পাকিস্তানি গণমাধ্যমগুলোও।

আগের সূচি অনুযায়ী, পাঁচ ম্যাচের দুটি হওয়ার কথা ছিল ফয়সালাবাদে। তবে পরিবর্তিত সূচিতে সবগুলো ম্যাচই হবে লাহোরে। তবে ম্যাচগুলো কোন কোন তারিখে হবে সেটা এখনও জানা যায়নি।

এই নিয়ে তৃতীয়বার পরিবর্তিত হলো বাংলাদেশ-পাকিস্তান সিরিজের সূচি। সংযুক্ত আরব আমিরাতে ১৭ এবং ১৯ মে দুটি ম্যাচ খেলে পাকিস্তানের উদ্দেশে উড়াল দেয়ার কথা ছিল বাংলাদেশের। তবে ভারত-পাকিস্তান যুদ্ধপরিস্থিতির কারণে সেটা আর সম্ভব হয়নি। পিএসএলের পরিবর্তিত সূচির কারণে পাকিস্তান সিরিজের সূচি পেছাতে হয়েছে। পাকিস্তান সিরিজের সূচি পেছানোয় সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে একটি টি-টোয়েন্টি বাড়িয়ে নেয় বিসিবি। তবে পাকিস্তানের ক্রিকেটাররা যাবে কিনা তা নিয়ে সংশয় ছিল বেশ। সূত্রের এরপর ২৮ পৃষ্ঠায়



## মোস্তাফিজদের বিদায় করে প্লে-অফে মুম্বাই

আজকাল স্পোর্টস

প্রথম দুই ওভারে মুম্বাই ইন্ডিয়ান্স নিলো ২২ রান। তৃতীয় ওভারে এসে লাগাম টেনে ধরলেন মোস্তাফিজুর রহমান। নিজের দ্বিতীয় বলেই রোহিত শর্মাকে উইকেটরক্ষকের ক্যাচ বানালেন। ওই ওভারে দিলেন মাত্র ৩ রান। এরপর অবশ্য ছন্দ ধরে রাখতে পারেননি মোস্তাফিজ। তবে খুব একটা খারাপও করেননি। ৪ ওভারে ৩০ রান দিয়ে শিকার ১ উইকেট।

তবে জিততে পারেনি মোস্তাফিজদের দল দিল্লি ক্যাপিটালস। ঘরের মাঠে তাদের ৫৯ রানে হারিয়ে প্লে-অফে উঠে গেছে মুম্বাই ইন্ডিয়ান্স।

এদিনের ম্যাচের জয়ের ফলে ১৩ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে প্লে-অফে নিজেদের জায়গা নিশ্চিত করল মুম্বাই ইন্ডিয়ান্স। অন্যদিকে এই ম্যাচ হেরে প্লে-অফের দৌড় থেকে ছিটকে গেল দিল্লি ক্যাপিটালস। ১৩ ম্যাচের পরে ১৩ পয়েন্ট নিয়ে পাঁচ নম্বরেই থাকলেন মোস্তাফিজরা।

টস জিতে মুম্বাইকে ব্যাটিংয়ে পাঠিয়েছিল দিল্লি। ৫ উইকেটে ১৮০ রান করে হার্দিক পান্ডিয়ার দল। সূর্যকুমার ৪৩ বলে ৭ চার আর ৪ ছক্কায় খেলেন ৭৩ রানের ইনিংস। এছাড়া রায়ান রিকেলটন ১৮ বলে ২৫, উইল জ্যাকস ১৩ বলে ২১ আর শেষদিকে নামান ধির ৮ বলেই ২টি করে চার-ছক্কায় করেন অপরাজিত ২৪।

জবাবে ১৮.২ ওভারে ১২১ রানেই গুটিয়ে যায় দিল্লি। লোকেশ রাহুল ৬ বলে ১১, সামির রিজভি ৩৫ বলে ৩৯, ভিপরাজ নিগম ১১ বলে ২০ আর আশুতোষ শর্মা করেন ১৬ বলে ১৮। বাকিরা কেউ দশের ঘরও ছুঁতে পারেননি। মোস্তাফিজ ১ বলে ০ রানে বুমরাহর বলে বোল্ড হন।

## পাকিস্তান সিরিজ থেকে ছিটকে গেলেন সৌম্য, ডাক পেলেন মিরাজ

আজকাল স্পোর্টস

পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের প্রস্তুতি নিতে সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের আয়োজন করেছিল বাংলাদেশ। প্রস্তুতি তো দূরের কথা আইসিসির সহযোগী দেশটির কাছে সিরিজ হেরে মুখ পুড়িয়েছে টাইগাররা। গতকাল সিরিজের শেষ ম্যাচে হারের পাশাপাশি ইনজুরিও হানা দিয়েছে বাংলাদেশ শিবিরে।





পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের দল থেকে ছিটকে গেছেন সৌম্য সরকার। পিঠের ইনজুরির কারণে তিন ম্যাচের এই সিরিজে খেলা হচ্ছে না এই টাইগার ওপেনারের। তার বদলে স্কোয়াডে ডাক পেয়েছেন অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজ। বৃহস্পতিবার (২২ মে) এক সংবাদ বিজ্ঞপ্তিতে সৌম্যের বাদ পড়া এবং তার বদলি হিসেবে মিরাজকে স্কোয়াডে অন্তর্ভুক্ত করার খবরটি জানিয়েছে বিসিবি।

প্রায় সপ্তাহখানেক ধরে পিঠের ডানে নিচের দিকের ব্যথায় ভুগছেন সৌম্য। এই চোট থেকে সেরে উঠতে সৌম্যর ১০ থেকে ১২ দিন লাগবে বলে জানানো হয়েছে সেই বিজ্ঞপ্তিতে। জাতীয় দলের ফিজিও বায়েজিদুল ইসলাম খান বলেন, 'শারীরিক পরীক্ষার পর জানা গেছে যে তার চোটের জন্য প্রায় ১০ থেকে ১২ দিনের দীর্ঘ পুনর্বাসন প্রক্রিয়া প্রয়োজন। এর ফলে পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে যে তিনি আগামী এরপর ৫৩ পৃষ্ঠায়

## ১৭ থেকে ৭০ বছরের খরা তো ঘুচলো




### পিএসজির খরা ঘুচবে এবার?

আজকাল স্পোর্টস

প্রিমিয়ার লিগে দুটি দলই বাজে সময় কাটাচ্ছিল। একদল লিগ টেবিলের ১৬ নম্বরে, আরেক দল ১৭ নম্বরে। অথচ এই দল দুটিই কিনা ইউরোপা লিগে দুর্দান্ত পারফরম্যান্স দেখিয়ে ফাইনালে জায়গা করে নিয়েছিল। গতকাল রাতে ম্যানচেস্টার ইউনাইটেড ও টটেনহ্যাম হটস্পারের মধ্যকার ফাইনালে এরপর ২৮ পৃষ্ঠায়

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# Store for Sale / স্টোর বিক্রি হবে

ব্রঙ্কসের জনবহুল এলাকা, সাবওয়ে ও বাস স্টপের কাছে সম্পুর্ন চালু অবস্থায় বাংলাদেশি মালিকানাধীন ব্যক্তিগত অসুবিধার কারনে একটি ডিপার্টমেন্টাল স্টোর জরুরি ভিত্তিতে বিক্রি করা হবে। অথবা ১জন ভালো পার্টনার প্রয়োজন।

* সহনশীল ভাড়া * ইলেক্ট্রিক, ইলেক্ট্রনিক ও ফার্নিচার সহ অন্যান্য সামগ্রি বিক্রি করা যাবে।

ফার্নিচার ডেলিভারির জন্য ১জন ভ্যান ড্রাইভার আবশ্যক

শুধুমাত্র সিরিয়াস ও আগ্রহীরা যোগাযোগ করুন : প্রয়োজনে মেসেজ রাখুন

Cell: 646-404-0921

# অমিতাভ রেজার 'বোহেমিয়ান ঘোড়া'

## কী হতে চলেছে সিরিজজুড়ে! আসছে ৫ জুন

আজকাল বিনোদন

'মহানগর'-এর ওসি হারুন থেকে 'মোবারকনামা'র মোবারকসহ অসংখ্য চরিত্র দিয়ে দর্শকের মনে তিনি দাগ কেটেছেন গুণী অভিনেতা মোশাররফ করিম। অমিতাভ রেজা চৌধুরীর পরিচালনায় 'বোহেমিয়ান ঘোড়া' ওয়েব সিরিজে এবার মোশাররফ করিম হাজির হচ্ছেন ট্রাক ড্রাইভারের চরিত্রে।

এত পুরনো খবর, নতুন খবর হলো, ২২ মে মুক্তি পেয়েছে 'বোহেমিয়ান ঘোড়া'র ট্রেলার। প্রায় ২ মিনিটের ট্রেলারে দর্শক কিছুটা ধারণা পেয়েছে, কী হতে চলেছে সিরিজজুড়ে!



ট্রেইলারে দেখা যায়, ট্রাক ড্রাইভার আব্বাস নানা জেলায় নানা পরিস্থিতি পড়ে সাতটা বিয়ে করেছে। প্রতিটি স্ত্রীর জীবনেই আব্বাস এক এক রকম মানুষ। কোনো বউই একে অপরের ব্যাপারে জানে না। তবে আব্বাসের ট্রাকের হেল্পার সেলিম সবই জানে। ঘটনাচক্রে ৮ নম্বর বিয়ে করার পরই আব্বাসের জীবনে নেমে আসে দুর্যোগের ঘনঘটা। সেই পরিস্থিতি থেকে কি আব্বাস মুক্তি পায়? তার জীবনে কি শান্তি মেলে? এই সব প্রশ্নের উত্তর অপেক্ষা করতে হবে আরও কিছুদিন।

ট্রেলার মুক্তির পাওয়ার পর দর্শকের আগ্রহ যে আরও বেড়ে গেছে সেটি বোঝা যাচ্ছে তাদের ইতিবাচক মন্তব্য দেখেই। একজন মন্তব্য করেছেন, 'পুরাই অস্থির একটা সিরিজ হবে।' আরেকজন মন্তব্য করেছেন, 'জমে যাবে।' অন্য আরেকজন মন্তব্য করেছেন, কী দুর্দান্ত ট্রেলার! মোশাররফ করিম বস! অধীর আগ্রহে অপেক্ষা করছি।' আরেকজন মন্তব্য করেছেন, 'চরম।'

বলা প্রয়োজন, সিরিজে আব্বাস চরিত্রে মোশাররফ করিমের বিপরীতে রয়েছেন একঝাঁক জনপ্রিয় অভিনেত্রী। তারা হলেন, রুনা খান, মৌসুমী হামিদ, সাদিয়া আয়মান, তানজিকা আমিন, রোবেনা রেজা জুঁই, ফারহানা হামিদ, অদিতি এবং বৃষ্টি। এদিকে, মোশারফ করিম সিরিজটি নিয়ে বলেন, 'আমরা আমাদের কাজটুকু করেছি। এখন অপেক্ষা সিরিজটি দর্শকের কাছে পৌঁছানোর।' এই সিরিজে আম্বিয়া চরিত্রে অভিনয় করেছেন রুনা খান। এখানে তার চরিত্র গরম মেজাজের ও আত্মবিশ্বাসী ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়



## শিল্পী আব্দুল আলীমের রাষ্ট্রীয় সম্মাননা চুরি

আজকাল বিনোদন

লোকসংগীত শিল্পী আব্দুল আলীমের বাড়িতে রাষ্ট্রীয় সম্মাননা চুরিসহ একাধিক সম্মাননা স্মারক, অর্থ, স্বর্ণ-অলংকার চুরির ঘটনা ঘটে গত ৮ মে। ঘটনার দুই সপ্তাহ পেরিয়ে গেলেও এ ঘটনার কোনো সুরাহা করতে পারেনি স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ। জানা যায়, আব্দুল আলীমের মেজো মেয়ে ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়



## ঐশ্বরিয়ার শাড়িতে কয়েক কোটি মূল্যের কি কি গহনা ছিল

কান উৎসব ২০২৫

আজকাল বিনোদন

বলিউড তারকা ঐশ্বরিয়া রাই ২০০২ সাল থেকে কান চলচ্চিত্র উৎসবে অংশ নেন। কানে তার রূপের দ্যুতি ছড়িয়ে মুগ্ধ করে যাচ্ছেন অনুরাগীদের। সাবেক এ বিশ্বসুন্দরী প্রথম বছর শাড়িতেই সেজেছিলেন। তারপর কেটেছে ২৩ বছর। ঐশ্বরিয়াকে প্রতি বছরই পাশ্চাত্যের পোশাকে দেখা গেছে। প্রত্যেকবারের মতো এবারও তার সাজ-পোশাকে ভারতীয় সংস্কৃতির ছোঁয়া। পোশাক শিল্পী মণীশ মলহোত্রার সোনা রুপার জরি দিয়ে কারুকাজ বেনারসিতে সেজেছিলেন অভিনেত্রী। শাড়িতে যেমন গহনার আধিক্য ছিল তেমনই ছিল গলায় চুনি হীরের গহনার মালা। এমন বিরল সব গহনার মূল্য অনেক। অভিনেত্রীর সাদা শাড়িটি হাতে বোনা 'কড়ওয়া' বেনারসি শাড়ি। 'কড়ওয়া' বেনারসির সবচেয়ে কঠিন বুনন পদ্ধতি। সে কারণেই বেনারসির নাম 'কড়ওয়া'।

পোশাক শিল্পী মণীশ নিজেই জানিয়েছেন শাড়িটিতে রুপা এবং রোজ গোল্ডের জরি ব্যবহার করে বুটিগুলো বোনা হয়েছে। সেই সোনা রুপার জরির ওপর বুনে দেওয়া হয়েছে সূক্ষ্ম জারদৌসি কাজ। শাড়িতে নাটকীয়তা আনার জন্য জুড়ে দেওয়া হয়েছে একটি দুধ সাদা স্বচ্ছ টিস্যুর ওড়না। এই শাড়ির সঙ্গে ৫০০ ক্যারেটের মোজাম্বিক চুনির মালা এবং একটি বড় হিরের গয়না পরেছিলেন ঐশ্বরিয়া। হাতে ছিল চুনীর আংটি। ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়



## শাকিবের 'তাণ্ডব' যাচ্ছে সেন্সরে

আজকাল বিনোদন

ঈদুল আযহায় মুক্তির মিছিলে থাকা বেশিরভাগ সিনেমাই প্রচারে সরব রয়েছে। কোনো কোনো সিনেমা সেন্সর সার্টিফিকেশনের অপেক্ষায় আছে। সেখানে শাকিব খানের 'তাণ্ডব' সিনেমার শুটিং চলছে এখনো। অনেকে সন্দেহ প্রকাশ করছেন, ছবিটি কোরবানি ঈদে মুক্তি পাবে তো?

সেই সন্দেহ দূর করেছে 'তাণ্ডব' সিনেমাটির সংশ্লিষ্ট একাধিক সূত্র। তারা বলছে, আগামী মঙ্গলবার রায়হান রাফী পরিচালিত 'তাণ্ডব' সিনেমাটি বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডে জমা পড়বে। এরমধ্যে সব কাজ শেষ হয়ে যাবে। সেভাবে কাজ চলমান। গত শুক্রবার সকালের একটি ফ্লাইটে শ্রীলঙ্কায় গেছেন শাকিব খান। সেখানে বিভিন্ন লোকেশনে গান ও ছবিটির শেষদিকের কিছু অ্যাকশন দৃশ্যের শুটিংয়ে অংশ নিয়েছেন তিনি। এই সফরে শাকিবের সঙ্গে রয়েছেন সাবিলা নূরসহ সিনেমার টেকনিক্যাল ক্রু ও অন্য সদস্যরা।

'তাণ্ডব' সিনেমার টিজারে একঝলক দেখা গেছে অভিনেত্রী জয়া আহসানকেও। হঠাৎ অস্ত্র হাতে তার উপস্থিতি নজর কেড়েছে সবার। তবে টিজারে বড় অংশজুড়ে ছিল রহস্যময় দাড়ি মাস্ক। শাকিব খানসহ অনেকেই এই মাস্ক ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়

# বাংলাদেশে 'মিশন ইম্পসিবল', সঙ্গে 'থান্ডারবোল্টস'

আজকাল বিনোদন

দীর্ঘ অপেক্ষার পর আসছে সেই কাঙ্ক্ষিত দিন। ২৩ মে বিশ্বব্যাপী মুক্তি পাচ্ছে 'মিশন ইম্পসিবল: ফাইনাল রেকনিং'। এদিন বাংলাদেশের স্টার সিনেপ্লেক্সে মুক্তি পাবে সিনেমাটি। হাই ভোল্টেজ এই সিনেমার পাশাপাশি একই দিনে স্টার সিনেপ্লেক্সে মুক্তি পাবে মার্ভেল স্টুডিওর নতুন সিনেমা 'থান্ডারবোল্টস'।

চলুন, সিনেমা দু'টি সম্পর্কে খানিকটা জেনে নেই




মিশন ইম্পসিবল: ফাইনাল রেকনিং

হলিউড সুপারস্টার টম ক্রুজের আইকনিক সিনেমা 'মিশন ইম্পসিবল' ফ্র্যাঞ্চাইজি নিয়ে দর্শকদের উন্মাদনা বরাবরই তুঙ্গে থাকে। এ যাবৎ ফ্র্যাঞ্চাইজির সাতটি সিনেমা মুক্তি পেয়েছে। এবার ভক্তরা মুখিয়ে রয়েছেন সিরিজের অষ্টম ছবিটি দেখার জন্য। সম্প্রতি কান চলচ্চিত্র উৎসবে ছবিটির বিশেষ প্রদর্শনী হয়েছে। যেখানে অংশ নিয়েছেন টম ক্রুজসহ ছবির কলাকুশলীরা।

ছবিটি স্ক্রিনিংয়ের পর কানে পাঁচ মিনিট দাঁড়িয়ে করতালি দেন দর্শকেরা। আবেগঘন বক্তব্যে টম ক্রুজ বলেন, 'ছোটবেলায় এমন কিছু কল্পনাও করিনি। আজ ৩০ বছর ধরে এই ফ্র্যাঞ্চাইজির মাধ্যমে আপনাদের বিনোদন দিতে পেরে আমি কৃতজ্ঞ।'

২০২৩ সালের 'ডেড রেকনিং পার্ট ওয়ান'-এর সিক্যুয়েল 'ফাইনাল রেকনিং'। কাহিনি ঘোরে বিশ্বব্যাপী ছড়ানো এআই দুর্যোগের আবর্তে, আর সেই চিরচেনা টম ক্রুজ স্টাইলে একের পর এক 'অসম্ভব'কে সম্ভব করার গল্প। ছবিতে টম ক্রুজ ছাড়াও হেইলি অ্যাটওয়েল, ভানেসা কারবি, সাইমন পেগসহ আরো অনেকে অভিনয় করেছেন।

থান্ডারবোল্টস

মার্ভেল সিনেমাটিক ইউনিভার্স-এর পঞ্চম ধাপের শেষ সিনেমা 'থান্ডারবোল্টস'। ২ মে আন্তর্জাতিকভাবে মুক্তি পাওয়া ছবিটি দর্শক ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়

## শারমিন রমার দুই অর্জন



আজকাল বিনোদন

শারমিন রমা একাধারে একজন সংগীতশিল্পী এবং সাংবাদিক। দুই জায়গায়ই সফল এই তারকা সম্প্রতি ভূষিত হলেন দুই সম্মানজনক পুরস্কারে। গণমাধ্যমে অবদানের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ফিল্ম অ্যান্ড আর্টস (বাইফা) অ্যাওয়ার্ড পেয়েছেন তিনি।

সেই সঙ্গে ২০২৩ সালে প্রকাশিত তার একক গান 'উড়ু উড়ু মন'-র জন্য শ্রেষ্ঠ শিল্পী হিসেবে পেয়েছেন 'চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ড ২০২৪'।

নিজের এই অর্জন সম্পর্কে বলতে গিয়ে রমা বলেন, 'একই সাথে সাংবাদিকতা ও সংগীতের মতো দুটি কঠিন জগতে তাল মিলিয়ে চলাটা কঠিন। কিন্তু এই দুটো জায়গাই ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়

# Vote✓ for Ahmed Sohel

## as a General Secretary of New york Bangladeshi American Lion's (NYBAL) Club 2025-2026 ( District 20-R2)



## AHMED SOHEL

* General Secretary Candidate (NYBAL).
* Senior Certified IT Specialists of New York Board of Education.
* Current Membership Chairperson of NYBAL Club.
* Cheif Business Development Officer, Banglavision North America.
* Founding General Secretary of Bangladeshi American Tech Coalition ( BATC).
* Senior Joint Secretary of Community Democratic Club ( CUDC) USA.

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30, 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**






যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য

এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি। এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A **CHHETRY & ASSOCIATES P.C.**
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116



PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us



জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center






## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি



All kinds of eye's Problems Solved by

**SAJJAD AKHTAR, M.D.**

117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418

Tel : 718-847-3937

25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103

Tel : 718-728-3606



We Accept most of Insurances.



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



## Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

## Zillur Rahim



IRS Enrolled Agent, MBA

646-322-3254

### Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

646-322-3254, 718-374-3110

Email : zillurincometaxnyc@gmail.com

Zillurtaxandinsurance.com

সাপ্তাহিক
সত্যের সন্ধানে আপোষহীন

# ইনকিলাব

WWW.WEEKLYINQILAB.COM
WEEKLY INQILAB

## আপনার পত্রিকা
## সংগ্রহ করুন

এখন পাওয়া
যাচ্ছে সর্বত্র




## ইনকিলাব এখন পাঠকের হাতের মুঠোয়

অনলাইনে খবর পড়ুন যেকোনো সময়, যেকোনো জায়গা থেকে



www.weeklyinqilab.com

Design by: ihopeprint.com, 929-538-7903

929-328-5971 | info@weeklyinqilab.com
86-11 101 Avenue, Ozone Park, NY-11416



ঈদ উপলক্ষে 10% DISCOUNT

DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: Ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us



!! 100% HALAL & TASTY FOOD IN MANHATTAN !!



We do catering
HALAL CHINESE
HALAL FOOD

CURRY KING
RESTAURANT حلال



PAKISTANI, INDIAN & BANGLADESHI CUISINE







ম্যানহাটানের প্রাণকেন্দ্রে ১০০% হালাল ও সুস্বাদু খাবার

* PAKISTANI -BANGLADESHI- INDIAN CUISINE
COME & ENJOY
OUR DELICIOUS FOOD

CURRY KING

WE DO MONEY TRANSFER
AVAILABLE RECHARGE PHONE CARDS
FREE DELIVERY & ONLINE ORDER









সকল অনুষ্ঠানের ক্যাটারিং এর অর্ডার নেয়া হয়

942 COLUMBUS AVE. NEW YORK, NY 10025
